**এই বাক্য থেকে নিচের তথ্যটিও পাওয়া যায়ঃ** The people also believed that he would protect them from dangerous wild animals and dangers.

**(d)-এর পুরো উত্তরঃ**

*The general belief of the people about Gazi Pir was that he had a supernatural power. The people also believed that he would protect them from dangerous wild animals and dangers.*

## Step - 11

**এবার (e) পড়া যাকঃ**

What are the different art forms in which the myth of Gazi Pir is kept alive?
(কী কী বিভিন্ন ধরনের শিল্প-কলার নকশাতে গাজী পীরের কাহিনীকে অমর করে রাখা হয়েছে?)

**শেষ দুই লাইনেই আছে এর উত্তরঃ**

*The story of Gazi Pir has been preserved in folk literature as well as art and has been performed in indigenous theatre. In fact, some Gazir Paat scrolls are part of the collection of the British Museum.*

**preserve** (প্রিযার্‌ভ্‌) = সংরক্ষণ করা। **indigenous** (ইন্‌-ডি-জেনাস্‌) = দেশীয়। **folk literature** = লোক সাহিত্য। **collection** = সংরক্ষণ।

তার মানে, গাজী পীরের গল্প সাহিত্যে ও শিল্পকলায় সংরক্ষিত আছে। এটা দেশীয় থিয়েটারে পরিবেশিত হয়ে আসছে। আরো বাস্তবতা হলো, কিছু গাজির *Paat scroll* হলো ব্রিটিশ মিউজিয়ামের সংগ্রহের অংশ।

এই বাক্যগুলি থেকে লিখা যায়ঃ *The myth of the popular Muslim saint Gazi Pir was kept immortal by means of different art forms like Gazi Pir Paat scrolls on scroll-paintings.* {(e)-এর Answer.}

# Chapter # 03 Information Transfer

## Flow Chart Solve

বাংলা অর্থ বুঝলে ফ্লো-চার্ট একদম সহজ

Conflict can be described as a disagreement among groups or individuals characterized by antagonism and hostility. This is usually fuelled by the opposition of one party to another in an attempt to reach an objective, different from that of the other party. The elements involved in the conflict have varied sets of principles and values, thus allowing a conflict to arise. {*which is* উহ্য আছে}

Conflict can be defined in many ways but one of the simplest is that it pertains to the opposing ideas and actions of different entities, resulting in an antagonistic state. Conflict is an inevitable part of life. Al of us possess our own opinions, ideas and sets of beliefs. We have our own ways of looking at things and we act according to what we think is proper. Hence, we often find ourselves in conflict in different scenarios; it may involve other individuals, groups of people, of a struggle within our ownselves. Consequently, conflict influences our actions and decisions in one way or another.



# বাংলা অর্থ বুঝে Flow চার্ট ব্যাখ্যা

## Step # 01: প্রশ্ন বুঝা

*Read the following text and make a flow chart showing the causes and aspects of conflict.* [ তার মানে, নিচের *text*-টি পড়ে *conflict* বা' সংঘাতের কারণ ও বৈশিষ্ট বা বিভিন্ন দিকগুলি দেখিয়ে একটি *flowchart* তৈরি করতে হবে:]

## Step # 02: text-টির শব্দের অর্থ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **conflict** | (কন্‌ফ্লিক্ট) | = দ্বন্দ্ব । | **disagreement** | (ডিস্‌-এ্যাগ্রীমেন্ট) | = মতানৈক্য । |
| **hostility** | (হস্‌-ঠাই-লিটি) | = শত্রুতা । | **antagonism** | (অ্যান্‌-ট্যা-গ-নিযম্‌) | = বৈরিতা । |
| **usually** | (ইউযু-অ্যালী) | = সাধারণত । | **characterize** | (ক্যারেক্‌-টে-রাইয্‌) | = বৈশিষ্টমণ্ডিত হওয়া । |
| **fuel** | (ফিউ্‌য়েল্‌) | = উসকে দেয়া । | **objective** | (অব্‌-জেক্‌-ঠিভ্‌) | = উদ্দেশ্য, লক্ষ্য । |
| **element** | (য়েলিমেন্ট) | = উপাদান । | **pertain** | (পার-টেইন্‌) | = ধরে রাখা / থাকা । |
| **involve** | (ইন্‌ভ্‌লভ্‌) | = জড়িত হওয়া । | **opposing** | (অপোঔ-যিং) | = বিরুদ্ধ / বিপরীত । |
| **arise** | (অ্যারাই্‌য্‌) | = উদ্ভূত হওয়া । | **inevitable** | (ইন্‌-য়েভিঠেই্‌বল্‌) | = অপরিহার্য । |

## Step # 03: প্রদত্ত Sample উত্তর বুঝা

এবার নিচের box-এ sample উত্তরটি পরে বুঝা যাক:



এটিকে (= এই sample উত্তরটিকে) হুবহু *follow* করে *conflict*-এর এমন আরো 5-টা *cause* ও *aspect* প্রদত্ত *text* থেকে খুঁজে বের করে লিখতে হবে। এখানে 1-নং box-এর প্রথম শব্দটা হলো *disagreement* (মতানৈক্য) এবং পরের শব্দটা হলো *among*, যেটা হলো একটা preposition।

তাই অন্যান্য উত্তরগুলির প্রথম ও দ্বিতীয় ঐ রকম শব্দ হবে।

## Step # 04: বুঝে বুঝে passage পড়া

প্রশ্নের প্রথম sample উত্তরটির *disagreement* শব্দটি যেখানে আছে, তার পড়ের লাইনেই আছে:

This is usually fueled by the opposition of one party to another in an attempt to reach an objective different from that of the other party. {অন্য পক্ষের লক্ষ্য থেকে ভিন্ন কোনো লক্ষ্যে পৌছার প্রচেষ্টায় এক পক্ষের সাথে অন্য পক্ষের বিরোধিতার দ্বারা এটি (= *conflict*) সাধারণত ইন্ধন পায়।}

## Step # 05: ২য় কারণ ও aspect লিখা

তার মানে, বুঝা যাচ্ছে বিভিন্ন পার্টির বিভিন্ন লক্ষ্য ও উদ্দেশ্যের দ্বারা *conflict* ঘটে থাকে।

∴ দ্বিতীয় box-এর উত্তর হবে:

**2.** Differences in aims or goals among the parties.

এখানে
***which are***
উহ্য আছে

## Step # 06: তৃতীয় কারণ লিখা

**পরের বাক্যে রয়েছেঃ**

The elements involved in the conflict have varied sets of principles and values, thus allowing a conflict to arise.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **element** | (য়েলিমেন্ট) | = উপাদান । | **involved** | (ইন্‌-ভল্‌ভড্‌) | = জড়িত । |
| **varied** | (ভ্যারিইড্‌) | = বিভিন্ন । | **allow** | (অ্যালৌ) | = সুযোগ করে দেয়া । |

তার মানে, সংঘাতের সাথে সংশ্লিষ্ট উপাদানগুলির রয়েছে ভিন্ন ভিন্ন নীতি ও মূল্যবোধ, এভাবে এই উপাদানগুলি সংঘাত ঘটাতে সাহায্য করে থাকে। উপরের এই বর্ণনা থেকে নিচের মতো করে **3-নং box-টিকে আমরা ভরাট করতে পারি।**

**3.** Aspects of different principles and values.

## Step # 07: ৪র্থ box পূর্ণ করা

**আগের বাক্যের পড়ে রয়েছেঃ**

| | | |
|---|---|---|
| Conflict can be defined | = | সংঘাতকে সংজ্ঞায়িত করা যেতে পারে |
| in many ways | = | অনেক উপায়ে |
| but one of the simplest | = | কিন্তু সবচেয়ে সহজটির একটি |
| is that it pertains (পার্টেইন্‌ = সম্পর্কিত হওয়া) | = | হলো এই যে, এটা সম্পর্কিত হয় |
| to the opposing ideas and actions | = | বিরোধপূর্ণ ধারণা ও কাজের সাথে |
| of different entities | = | বিভিন্ন সত্তাসমূহের |
| resulting (= which result) in | = | যার ফলশ্রুতিতে ঘটে |
| an antagonistic state.<br>(অ্যান্‌ট্যা-গ-নিস্‌টিক্‌ = বৈরি; দ্বন্দ্বমূলক) | = | একটা শত্রুভাবাপন্ন অবস্থা। |

### শব্দের অর্থ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **define** | (ডিফাইন্‌) | = সংজ্ঞায়িত করা। | **simplest** | (সিম্পলেস্ট) | = সবচেয়ে সহজ। |
| **entities** | (এন্‌টিটিস্‌) | = সত্তাসমূহ । | | | |

তার মানে, সংঘাতকে সংজ্ঞায়িত করা যেতে পারে বিভিন্নভাবে, কিন্তু সহজতম সংজ্ঞার একটি হলো - এটা ভিন্ন ভিন্ন সত্তার বিরোধী ধারণা ও কর্মকান্ডকে সংশ্লিষ্ট করে যার ফলে সৃষ্টি হয় একটা শত্রুভাবাপন্ন অবস্থা।

**বুঝা যাচ্ছে - বিভিন্ন সত্তার ধারণা ও কর্মকান্ডের মতানৈক্য / বিভিন্নতার কারণেও *conflict* ঘটতে পারে।**

**সুতরাং 4-নং box-টির উত্তর হবেঃ**

4. Differences in ideas and actions among entities.

### Step # 9: 5-নং box পূর্ণ করা

এর পরের বাক্যে রয়েছেঃ ব্যক্তি বিশেষের দৃষ্টিভঙ্গি ও কাজের অমিলের কারণে সংঘাত ঘটে থাকে। অর্থাৎ,

All of us possess (পযেস্ = অধিকারী হওয়া) our own opinions, ideas and sets of beliefs.
= আমাদের সকলের রয়েছে নিজস্ব মতামত, ধারণা ও বিশ্বাস।

We have our own ways of looking at things and we act according to about we think is proper. (= আমরা যেকোনো ঘটনাকে নিজের মতো করে দেখে থাকি বা ব্যাখ্যা করি এবং যেটাকে সঠিক চিন্তা করি বা ভাবি সেভাবে সারা দেই বা কাজ করি।)

**ways of looking** = দেখার ধরণ।
**act** (অ্যাক্ট) = ক্রিয়া করা।

∴ 5-নং box-টির উত্তর হবেঃ

**5.** Differences in views and opinions among individuals.

### Step # 10: 6-নং box পূর্ণ করা

**একেবারে শেষের বাক্যে রয়েছেঃ**

(ইন্-ফ্লুয়েন্স = প্রভাবিত করে)

Consequently (কন্-সে-কুয়েন্টেলি = ফলশ্রুতিতে), conflict influences our actions and decisions in one way or other. (সংঘাত আমাদের *action* ও সিদ্ধান্তকে *influence* বা প্রভাবিত করে থাকে।)

**∴ 6-নং box-এর উত্তর হবেঃ**

**6.** Impacts of actions and decisions among us

### Step # 11: Answer

এবার পুরো উত্তরটি যেভাবে পরীক্ষার খাতায় লিখতে হবে তা নিচে দেয়া হলো:-



**1.** Disagreement among groups or individuals ⇒

**2.** Differences in aims among parties. ⇒

**3.** Aspects of manifold principles and values

⇒ **4.** Differences in ideas and actions among entities. ⇒

**5.** Differences in views & opinions among individuals. ⇒

**6.** Impacts of actions & decisions among us

## Chapter
## # 04

# সামারি Writing

**Write the summary of the following text:** **10**

{ টার্‌ম্ = শব্দ } { ম্যানার্‌স্ = আচরণ }

We have two terms to describe our social behaviour – ‘etiquette’ and ‘manners’. ‘Etiquette’ is a French word and it means the rules of correct behaviour in society. The word ‘manners’ means the behaviour that is considered to be polite in a particular society or culture. Manners can be good or bad. For example, it is a bad manner to speak with food in one’s mouth. No one likes a bad-mannered person. Remember that etiquette and manners vary from culture to culture and from society to society.

{ এটিকেট্ = আদব-কায়দা }

We learn etiquette and manners from our parents, families and various institutions, such as schools, colleges or professional bodies. There are rules of behaviour for all kinds of social occasions and it is important to learn them and practice them in everyday life. The manners that are correct in a wedding reception will not do in a debating club. Therefore, we have to be careful about etiquette and manners.

{ ডিবেইটিং ক্লাব্ = বিতর্কের ক্লাব }

### শব্দের অর্থ ও উচ্চারণ

**professional** (প্রফেশনাল্) = পেশাদার ।
**body** (বডি) = প্রতিষ্ঠান; সংস্থা ।
**debate** (ডিবেইট্) = বিতর্ক বা তর্ক করা ।
**vary** (ভ্যারি) = ভিন্ন হওয়া ।
**do** (ডু) = কাজ করা; উপযুক্ত হওয়া ।
**wedding reception** (ওয়েডিঙ্ রিসেপ্‌শ্‌ন্) = বিবাহ সংবর্ধনা ।

### ভেঙে ভেঙে Summary Writing শেখা যাক

(3)-নং প্রশ্নে প্রদত্ত passage-টির একটি summary লিখতে বলা হয়েছে। একটি passage-এর summary হলো ঐ passage-টির মূল বক্তব্যগুলোর একটি সংক্ষিপ্ত বর্ণনা, মানে সংক্ষিপ্তসার। তাহলে passage-টির একটি summary লেখা যাক।

প্রদত্ত Passage-টিতে মানবজীবনে আদব-কায়দা ও আচার-আচরণ শেখার গুরুত্বের উপর জোর দেওয়া হয়েছে।

উপরে বাংলায় লেখা বাক্যটির ইংরেজি করা যাক: The given passage emphasizes the importance of learning etiquette and manners in human life.

Passage-এর শুরুতে "etiquette" এবং "manners"-এর সংজ্ঞা দিতে গিয়ে বলা হলো যে: "Etiquette" হলো একটি নির্দিষ্ট সমাজ কিংবা গোষ্ঠীর সদস্যদের মধ্যে বিদ্যমান সঠিক আচরণের নির্দিষ্ট কিছু নিয়মাবলীর সমষ্টি, পক্ষান্তরে "manners" শব্দটি দ্বারা একটি নির্দিষ্ট সংস্কৃতি কিংবা সমাজে ভদ্র আচরণকে বোঝানো হয়।

উপরের কথাগুলোকে ইংরেজিতে প্রকাশ করা যাক: "Etiquette" is the existing set of rules of correct behaviour in a particular society or among members of a particular group while the word "Manners" refers to the polite behaviour in a particular culture or society.

এখন প্রদত্ত Passage-টির দ্বিতীয় Para-র প্রতি লক্ষ্য করা যাক। ২য় Para-র শুরুতে etiquette এবং manners শেখার ক্ষেত্রে পিতামাতা এবং শিক্ষক ও অন্যান্য সামাজিক প্রতিষ্ঠানসমূহের ভূমিকা সম্পর্কে বলা হলো যে:

শিশুরা তাদের বাবা-মা, শিক্ষক এবং অন্যান্য সামাজিক প্রতিষ্ঠান হতে etiquette এবং manners শেখে।

উপরের বাংলা বাক্যটিকে নিচের মত করে ইংলিশে লিখা যাক: Children learn etiquette and manners from their parents, teachers and other social institutions.

দ্বিতীয় para-র শেষাংশের মূল বক্তব্য: যেহেতু আমাদের প্রাত্যহিক জীবনে আদব-কায়দা ও আচার-আচরণের ভূমিকা অনস্বীকার্য, কাজেই প্রতিনিয়ত আদব-কায়দা ও আচার-আচরণ শেখা ও চর্চা করা খুবই গুরুত্বপূর্ণ।

এবার বাক্যটির ইংরেজি করা যাক: Since the role of etiquette and manners in our everyday life is undeniable, learning and practicing them constantly is of crucial importance.

**উপরের ইংরেজি বাক্যগুলোকে এক সাথে লিখলেই**
**Passage-টির Summary হয়ে যাবে**

The given passage emphasizes the importance of learning etiquette and manners in human life. "Etiquette" is the existing set of rules of correct behaviour in a particular society or among members of a particular group while the word "Manners" refers to the polite behaviour in a particular culture or society. Children learn etiquette and manners from their parents, teachers and other social institutions. Since the role of etiquette and manners in our everyday life is undeniable, learning and practicing them constantly is of crucial importance.

→{ আন্‌ডেনাইয়েইব্‌ল্ = অস্বীকার করা যায় না এমন }

2. **Summarize the following text.**

In Bangladesh folk music has great variety, with songs being composed on the culture, festivals, views of life, natural beauty (প্রাকৃতিক সৌন্দর্য) rivers and rural and reverie life. These songs are also about social inequality and poverty, about the material words and the supernatural. Mystical songs have been composed using the metaphors of rivers and boats. Since the country is basically reverie, the Bhatiyali forms an important genre of folk music. Folk music is formed and develops according to environment. Differences in the natural environment are reflected in the people of the different regions. The dialects too vary across the different regions. Bangladeshi folk music therefore varies from region to region. Thus there are the northern Bhawaiya, the eastern Bhatiyali and the southwestern Baul songs.

## বাংলা অর্থ বুঝে সামারি Writing

### Step # 1 : গুরুত্বপূর্ণ শব্দের বাংলা অর্থ

**inequality** (ইন্-ইকোআলিটি) = অসমতা, বৈষম্য ।
**genre** (জন্‌রা) = বিশেষ বৈশিষ্ট্য ।
**reflect** (রিফ্লেক্ট) = প্রতিফলিত হওয়া ।
**mystical songs** = মরমি সংগীত ।
**mystical** (মিস্‌টিক্যাল্) = আধ্যাত্মিক ।
**dialect** (ডাআলেক্ট) = ভাষার আঞ্চলিক রূপ; উপভাষা ।
**metaphor** (মেটাফোর্) = রূপক অলংকার ।
**vary** (ভ্যারি) = বিভিন্ন হওয়া ।
**form** (ফরম্) = ধরণ; রূপ ।
**compose** (কম্‌পৌয্) = রচনা করা ।

### Step # 2 : Passage-এর অর্থ

### ১ম বাক্যের বাংলা অর্থ ও ব্যাখ্যা

passage-এর প্রথম থেকে মন দিয়ে পড়া যাক:

*In Bangladesh, folk music has great variety, with songs being composed on the culture, festivals, natural beauty, rivers, and rural and riverine life.*

**folk music** (ফোক্ মিউযিক্) = লোক সংগীত ।
**festival** (ফেস্‌টিভাল্) = উৎসব ।
**composed** (কম্‌পৌযড্) = রচিত ।
**variety** (ভ্যারাইয়েটি) = বৈচিত্র্য ।
**riverine** (রিভেরাইন্) = নদীমাতৃক ।

চলুন, ভেঙ্গে এই বড় বাক্যটির বাংলা অর্থ উদ্ধার করা যাক:

| | | |
|---|---|---|
| **In Bangladesh,** | = | বাংলাদেশে |
| **folk music has great variety,** | = | লোক সংগীতের রয়েছে অনেক ধরন, |
| **with songs being composed** | = | গানগুলো রচিত |
| **on the culture, festivals,** | = | উপর ভিত্তি করে সংস্কৃতি, উৎসবাদি, |
| **natural beauty, rivers, and** | = | প্রাকৃতিক সৌন্দর্য, নদী এবং |
| **rural and riverine life.** | = | গ্রামীণ ও নদীমাতৃক জীবন। |

তার মানে, সংস্কৃতি, উৎসব, প্রাকৃতিক সৌন্দর্য, নদী এবং গ্রামীণ ও নদীমাতৃক জীবনের উপর ভিত্তি করে রচিত গানসহ বাংলাদেশে লোক সংগীতের রয়েছে বিভিন্ন ধরন।

## দ্বিতীয় বাক্যের বাংলা অর্থ ও ব্যাখ্যা

এর পর দ্বিতীয় বাক্যে রয়েছে:

*These songs are also about social inequality and poverty, about the material world and the supernatural.*

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **these** | (দিয্) | = এইগুলো । | **social** | (সৌশাল্) | = সামাজিক । |
| **inequality** | (ইন্ইকুয়ালিটি) | = অসমতা । | **poverty** | (পভার্টি) | = দারিদ্র্য । |
| **material** | (ম্যাটেরিয়াল্) | = পার্থিব । | **supernatural** | | = অতিপ্রাকৃত। |

### শব্দগুচ্ছের অর্থ

| | | |
|---|---|---|
| **These songs are also** | = | এই গানগুলো হলো |
| **about social inequality and poverty,** | = | সামাজিক বৈষম্য ও দারিদ্র্য সম্পর্কেও |
| **about the material world** | = | বস্তু জগৎ সম্পর্কে |
| **and supernatural.** | = | এবং অতিপ্রাকৃত (জগৎ) সম্পর্কে। |

তার মানে, এই গানগুলো হলো সামাজিক বৈষম্য ও দারিদ্র্য সম্পর্কে, পার্থিব জগৎ এবং অতি প্রাকৃত জগৎ সম্পর্কে।

## Step # 3 : ১ম ও ২য় বাক্যের সারাংশ

দেখা যাচ্ছে, প্রথম দুই বাক্যে:

লোকসঙ্গীতের বিষয়বস্তু নিয়ে আলোচনা করা হয়েছে। **আর এই মূল বিষয়বস্তুগুলি বিভিন্ন ধরনের হয়ে থাকে।**

∴ **Summary-র প্রথম বাক্যটি হবে**

The subject matter of our folk music is manifold.

এর পরের বাক্যটি হবে: **এই *folk music* আমাদের সংস্কৃতি, প্রকৃতির সৌন্দর্য, গ্রামীণ জীবন, সামাজিক বৈষম্য, ইহজগাত, আধ্যাত্মিক জীবন প্রভৃতি নিয়ে রচনা করা হয়ে থাকে।**

যার ইংলিশ হলোঃ **Summary-র ২য় বাক্য**

This music is composed based on our culture, charms of nature, social discrimination, our rural life, our worldly and spiritual life, etc.

## Step # 4 : ৩য় ও ৪র্থ বাক্যের অর্থ

এবার এর পরের বাক্যগুলি পড়া যাকঃ

*Mystical songs have been composed using the metaphors of rivers and boats.*

| | | | |
|---|---|---|---|
| **Mystical** | (মিস্‌ঠিক্যাল) = আধ্যাত্মিক। | **Composed** | (কম্পৌয্‌ড্‌) = রচিত । |
| **Metaphor** | (মেটাফোর্‌) = রূপক অলংকার । | | |

**এবার ৩য় বাক্যটিকে ভেঙ্গে ভেঙ্গে বুঝা যাকঃ**

**Mystical songs** = মরমী গানগুলো
**have been composed.** = রচিত হয়েছে
**using the metaphors of rivers and boats.** = নদী ও নৌকার রূপক অলংকার ব্যবহার করে।

তার মানে, মরমী গানগুলো রচিত হয়েছে নদী ও নৌকার রূপক অলংকার ব্যবহার করে।

এর পরের বাক্যে রয়েছেঃ

| | | | |
|---|---|---|---|
| **basically** | (বেইসিকালি) = মূলত । | **reverine** | (রিভারাইন্‌) = নদীমাতৃক । |
| **important** | (ইম্‌পর্‌ঠ্যান্ট) = গুরুত্বপূর্ণ । | **genre** | (জন্‌রা) = বিশেষ বৈশিষ্ট্য বা শৈলী । |

**বাক্যকে ভেঙে ভেঙে ব্যাখ্যা**

**Since the country** = যেহেতু দেশটা
**is basically reverine,** = হলো মূলত নদীমাতৃক,
**the Bhatiyali forms** = ভাটিয়ালি গানগুলো তৈরি করে
**an important genre of Folk music.** = একটা গুরুত্বপূর্ণ শৈলী লোক সঙ্গীতের।

তার মানে, যেহেতু দেশটা মূলত নদীমাতৃক, ভাটিয়ালী গানগুলো তৈরি করে লোকসঙ্গীতের একটা গুরুত্বপূর্ণ শৈলী।

## Step # 5 : ৩য় ও ৪র্থ বাক্যের সারাংশ

উপরের দু'টি বাক্যে নিচের তথ্যটি পাওয়া গেলোঃ

**মরমি সংগীত ও ভাটিয়ালী আমাদের লোক সংগীতের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য।**

**Summary-র ৩য় বাক্য**

= Mysticism and Bhatiyali are special quality of our folk music.

**এর পরের বাক্যগুলির অর্থও উদ্ধার করা যাকঃ**

## Step # 6 : শেষ চার লাইনের বাংলা অর্থ

1. *Folk music is formed and develops according to the environment.*
(লোক সংগীত তৈরি করা হয় ও বিকশিত হয় প্রাকৃতিক পরিবেশ অনুসারে।)
2. *Differences in the natural environment are reflected in the people of the different regions.*
(প্রাকৃতিক পরিবেশের বিভিন্নতা প্রতিফলিত হয় বিভিন্ন অঞ্চলের মানুষের মধ্যে ।)
3. *The dialects too vary across the different regions.*
(উপভাষাও ভিন্ন হয় বিভিন্ন অঞ্চল ভেদে।)
4. *Bangladeshi folk music therefore varies from region to region.*
(বাংলাদেশী লোক সংগীত তাই অঞ্চল ভেদে বিভিন্ন হয়।)

## Step # 7 : শেষ বাক্যগুলির Summary

সুতরাং উপরের বাক্যগুলির সারকথা হলোঃ **লোকসংগীতের সৃষ্টি ও বিকাশ মূলত পরিবেশের উপর নির্ভর করে।**

**Summary-র ৪ # বাক্য**

= The forming and development of our folk music simply depends on the environment.

**আরো সহজে বলা যায়ঃ**

প্রাকৃতিক পরিবেশ ও আঞ্চলিক ভাষার বিভিন্নতা লোকসংগীতের বিভিন্নতাকে গড়তে ও আরো উন্নত করতে প্রভাবিত করে থাকে = The difference of environment and local languages has a great influence on forming and enriching variety of our folk music.

## Step # 8 : পুরো Summary

The subject-matter of our folk music is manifold. This music is composed based on our culture, charms of nature, social discrimination, our rural life, our worldly and spiritual life, etc. Mysticism and Bhatiyali are special quality of our folk music. The difference of environment and local languages has a great influence on forming and enriching the variety of our folk music.

## Parallelism of Right Form of Verb

**16**. A grain elevator is a tall building equipped (A) with machinery (B) for loading, unloading, cleaning, mixture, (C) and storing (D) grain.

### শব্দের অর্থ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **grain** | (গ্রেইন্) | - শস্য দানা । | **mixture** | (মিক্সচার্) | - মিশ্রণ । |
| **equip** | (ইকুইপ্) | - সজ্জিত করা । | **elevator** | (য়েলিভেইটর্) | - উপরে উঠানোর । |
| **mix** | (মিক্স্) | - মেশানো । | **load** | (লৌড্) | - বোঝাই করা । |
| **store** | (স্টোর্) | - জমা করা । | **unload** | (আন্-লৌড্) | - বোঝা নামানো । |
| **clean** | (ক্লিন্) | - পরিষ্কার করা । | **machinery** | (মেশিনারি) | - যন্ত্রপাতি । |

### সারাংশ বাক্য

A grain elevator is a building. (একটি *grain elevator* হলো একটি বিল্ডিং ।)

### সমাধান

*for load**ing**, for unload**ing**, for clean**ing*** এবং *for stor**ing***-এর সাথে *parallel* বা মিল রাখার জন্য (C)-তে *for mixture*-এর বদলে *for mix**ing*** হবে ।

| **which দিয়ে বাক্যের ব্যাখ্যা** | **which বাদে** |
|---|---|
| A grain elevator is a building **which is equipped** with machinery ...<br>(*grain elevator* হচ্ছে একটি বিল্ডিং যেটি হয় সজ্জিত যন্ত্রপাতি দ্বারা ...) | A grain elevator is a tall building **equipped** with machinery ...<br>(*grain elevator* হলো যন্ত্রপাতি দ্বারা সজ্জিত একটি লম্বা বিল্ডিং ...) |

### শব্দগুচ্ছের অর্থ

| | | | |
|---|---|---|---|
| A grain elevator is | ... = | একটি grain elevator হলো | ... |
| ... a tall building | ... = ... | একটি লম্বা বিল্ডিং | ... |
| ... (which is) equipped | ... = ... | (যেটি হলো) সজ্জিত | ... |
| ... with machinery | ... = ... | যন্ত্রপাতি দ্বারা | ... |
| ... for loading, unloading, cleaning, | ... = ... | শস্য বোঝাই করা, নামানো, পরিষ্কার করা, | ... |
| ... mixing, and storing grain | . = ... | মেশানো এবং গুদামজাত করার জন্য | । |

### সঠিক ইংরেজি বাক্য + বাংলা অর্থ

A grain elevator is a tall building equipped with machinery for loading, unloading, cleaning, mixing, and storing grain.

( *Grain elevator* হলো শস্য বোঝাই করা, নামানো, পরিষ্কার করা, মেশানো এবং গুদামজাত করার জন্য যন্ত্রপাতি দ্বারা সাজানো একটি *tall building* ।)

# Chapter # 05

# ভেঙে ভেঙে Cloze test with clues

**01. Read the following texts and fill in the gaps with suitable words from the box. There are more words than needed. Make any grammatical changes if necessary.** **0.5 × 10 = 5**

| | | | |
|---|---|---|---|
| fundamentally | atmosphere | deplete | fall |
| accumulate | eventual | endanger | give |
| inundate | primary | grow | coal |

Scientists have recently reported that the polar ice caps are melting. This is due to a rise in (a) _____ temperatures known as (অ্যায্ = হিসেবে) the 'Greenhouse Effect'. Carbon dioxide is (b) ____ responsible for temperature rise in atmosphere. The carbon dioxide is (c) ____ off when coal and oil are burnt. This gas is (d) _____ in the air and the ice caps in the North and South poles are melting. This may (e) ____ lead to a rise in the sea levels which could (f) _____ many areas of the globe.

The 'Greenhouse Effect' is just one of the many (g) _____ changes which are taking place (ঠেইক্ প্লেইস্ = ঘটা) in the environment. Tropical rainforests, which took fifty million years (h) _____, are being (i) _____ at the rate of fourteen acres per minute. The total area of the world's deserts is increasing every year. Many species (স্পিশিয্ = প্রজাতি) of animals and plants are (j) ____ with the threat of extinction (য়েক্স-টিংক্-শন্ = বিলুপ্তি).

### শব্দের অর্থ

**Polar** (পোলার্) : মেরু অঞ্চলের।
**Ice cap** = বিশাল অঞ্চল জুড়ে বরফের স্থায়ী আবরণ।
**Known** (নৌউন্) : পরিচিত।
**Rise** (রাইয্) : বৃদ্ধি পাওয়া।
**Due to** (ডিউ্ টু) xyz : xyz-এর কারণে।
**Melt** (মেল্ট্) : গলে যাওয়া।
**Desert** (ডেযার্ট্) : মরুভূমি।
**Report** (রিপোর্ট) : জানানো।

## বাংলা অর্থ দিয়ে (a) প্রশ্নের সমাধান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | Scientists | have recently reported | that | the polar ice caps | are melting. |
| অর্থ | বিজ্ঞানীরা | সম্প্রতি জানিয়েছেন | যে | মেরু অঞ্চলের বরফের স্তূপগুলো | **গলছে**। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| This is | due to | a rise | in | (a) ____ | temperatures |
| এটা হয় | কারণে | বাড়া | | (a) ____ | তাপমাত্রা |

known as the 'Greenhouse Effect'.

## সমাধান

প্রদত্ত প্রশ্নের gap-এ box-এর *atmosphere* শব্দটি খাপ খায়।

পরীক্ষার হলে তুমি যদি *atmosphere* শব্দটি (a)-তে বসাও, তাহলে mark পাবে Zero, কেননা *atmosphere temperature* অর্থ হলো বায়ুমন্ডল তাপমাত্রা।

একটু চিন্তা করো তো, বাংলাতে কথা বলার সময় আমরা কখনো **"বায়ুমন্ডল তাপমাত্রা"** বলি? ......... না, না কখনোই বলি না, বরং আমরা বলি, " বায়ুমন্ড**লীয়** তাপমাত্রা"।

∴ এখানে হবে *atmospheric temperature* যার অর্থ বায়ুমন্ডলীয় তাপমাত্রা।

*a rise in* atmospheric *temperature* = বায়ুমন্ড**লীয়** তাপমাত্রায় একটা বৃদ্ধি।

**∴ (a)-এর উত্তর হবে *atmospheric*।**

## পুরো বাক্য

This is due to a rise in atmospheric temperatures known as the 'Greenhouse Effect'.

**অর্থ** *Greenhouse effect* নামে পরিচিত বায়ুমন্ডলীয় তাপমাত্রা বৃদ্ধির কারণে এটা হচ্ছে।

**(b)-প্রশ্নযুক্ত বাক্যের ব্যাখ্যা।**

**ধীরে ধীরে বুঝে বুঝে পড়ো।**

Carbon dioxide is (b) ____ responsible

**অর্থ** কার্বন ডাইঅক্সাইড হয় (b) _____ দায়ী

for temperature rise in atmosphere.

তাপমাত্রা বৃদ্ধির জন্য বায়ুমন্ডলে

**সমাধান** প্রদত্ত প্রশ্নের gap-এ box-এর *primary* (প্রাথমিক) শব্দটি খাপ খায়।

⇒ *is primary responsible* অর্থ হলো প্রাথমিক দায়ী।

⇒ *is primari**ly** responsible* অর্থ হলো প্রাথমিক**ভাবে** দায়ী।

**একটু চিন্তা করো তো, কোনটি সঠিক বাংলাঃ**

কার্বন ডাইঅক্সাইড্ হলো প্রাথমিক দায়ী, না,

কার্বন ডাইঅক্সাইড হলো প্রাথমিক**ভাবে** দায়ী।

হ্যাঁ, সঠিক হলো প্রাথমিক**ভাবে** দায়ী।

∴ (b)-এর উত্তর হবেঃ *primarily.*

শূন্যস্থানে **adjective** হবে, না, **adverb** হবে, প্রভৃতি চিন্তা করে বিন্দুমাত্র লাভ নাই, নাই, নাই।

**এই ব্যাখ্যাগুলো বোঝার চেষ্টা করো !**

**পুরো বাক্য**

Carbon dioxide is *primarily* responsible for temperature rise in atmosphere.

**অর্থ** কার্বন ডাই অক্সাইড বায়ুমন্ডলের তাপমাত্রা বৃদ্ধির জন্য প্রাথমিক**ভাবে** / মূলত দায়ী।

**একই ধরনের বাক্য**

১. Reckless driving is *primari**ly*** responsible for road accident.

**বাংলা অর্থ** বেপরোয়া গাড়ি চালানো সড়ক দুর্ঘটনার জন্য মূলত দায়ী।

২. Greenhouse gases are *primari**ly*** responsible for global warming.

**বাংলা অর্থ** বৈশ্বিক উষ্ণতার জন্য গ্রীনহাউজ গ্যাস মূলত দায়ী।

" একই ধরনের অনেক বাক্য পড়লে রুল ও স্ট্রাকচার মুখস্থ করা লাগে না। "

## (c)-এর gap-যুক্ত বাক্যের ব্যাখ্যা

ইংরেজি বাক্যগুলো জোরে জোরে পড়ো !

Carbon dioxide is (c) ____ off ,

**অর্থ** কার্বন ডাই অক্সাইড গ্যাস হয় (c) ____ ,

when coal and oil are burnt.

যখন কয়লা এবং তেল পোড়ানো হয়।

**শব্দের অর্থ** **give off :** নির্গত বা বের হওয়া। **burn** : জ্বালানো।

**সমাধান** শূন্যস্থানের পর '*off*' থাকায় প্রদত্ত প্রশ্নের gap-এ *give* শব্দটি খাপ খায়।

*is given off* = নির্গত হয়।

∴ উত্তর হবে: *given*।

***coal*** এবং ***oil*** হলো দুটো জিনিস। তাই, ***are*** হলো।

**পূর্ণ বাক্য** Carbon dioxide is **given** off , when coal and oil are burnt.

**অর্থ** কার্বন ডাইঅক্সাইড গ্যাস নির্গত হয়, যখন কয়লা এবং তৈল পোড়ানো হয়।

### একই ধরনের আরো বাক্য

১. CFC gas **is given off** when a fridge is on.

**অর্থ** সিএফসি গ্যাস নির্গত হয় যখন ফ্রিজ চালু থাকে।

২. Black smoke **is given off** while a truck is on road.

**অর্থ** কালো ধোঁয়া নির্গত হয় যখন ট্রাক রোডে চলে।

৩. Energy is given off when chemical changes occur.

**অর্থ** শক্তি নির্গত হয় যখন রাসায়নিক পরিবর্তন ঘটে।

### (d)-এর gap যুক্ত বাক্য

This gas is (d) ____ in the air and the ice caps

**অর্থ** এই গ্যাস হয় (d) ____ বাতাসে এবং বরফের স্থায়ী আবরণগুলো

in the North and South poles are melting.

উত্তর এবং দক্ষিণ মেরুতে গলছে।

**শব্দের অর্থ** *This gas* = এই গ্যাস। তার মানে, আগের বাক্যের *carbon dioxide*।
are melting : গলছে।

### অর্থ দিয়ে ব্যাখ্যা

(d)-এর gap-এ *accumulate* (পুঞ্জীভূত হওয়া) শব্দটি খাপ খায়। is থাকাতে *accumulat**ing*** হবে। তার মানে, কার্বন ডাইঅক্সাইড গ্যাস বাতাসে পুঞ্জীভূত হচ্ছে।

∴ উত্তর হবে: *accumulating*।



**পুরো বাক্য** (উত্তরের বাক্য) This gas is (d) ***accumulating*** in the air and the ice caps in the North and South poles are melting.

**বাংলা অর্থ** বাতাসে এই গ্যাস পুঞ্জীভূত হচ্ছে এবং (এই কারণে) উত্তর এবং দক্ষিণ মেরুর বরফের স্থায়ী আবরণগুলো গলছে।

## (e) এবং (f)-এর gap-যুক্ত বাক্য

| | | | |
|---|---|---|---|
| | This may | (e) ____ | lead to a rise |
| **অর্থ** | এটা পারে | (e) ____ | নিয়ে যায় বৃদ্ধির দিকে |

| | | | | |
|---|---|---|---|---|
| in the sea levels | which | could | (f) ___ | many areas of the globe. |
| সমুদ্রের *level*-এ | যেটা | করতে পারে | (f) ___ | বিশ্বের অনেক এলাকা। |

**শব্দের অর্থ** **lead to xyz** : *xyz*-এর দিকে নিয়ে যায় বা xyz ঘটায়।

**inundate** (ইনান্‌-ডেইট্‌) : প্লাবিত করা।

### সমাধান

(e)-এর gap-এ প্রশ্নের box-এর *eventually* (অবশেষে বা পরিণামে) এবং (f)-এর gap-এ *inundate* (প্লাবিত করা) বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়।

∴ উত্তর হবে: (e) *eventually* এবং (f) *inundate*।

**মন দিয়ে পড়ুন।**

**পূর্ণ বাক্য** This may ***eventually*** lead to a rise in the sea levels which could ***inundate*** many areas of the globe.

**অর্থ** এটা অবশেষে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বাড়িয়ে দিতে পারে, যেটা বিশ্বের অনেক এলাকা প্লাবিত করতে পারে।

**খুব ভালো করে খেয়াল করো,
এগুলো solve করতে
কোনো রুল বা স্ট্রাকচার লাগে না!**

## (g)-এর ব্যাখ্যা

The 'Greenhouse Effect' | is just one of the many

**অর্থ** 'গ্রীনহাউজ প্রতিক্রিয়া' | হলো অনেকগুলোর মধ্যে মাত্র একটি

(g)_____ changes | which | are taking place | in the environment.

(g) ____ পরিবর্তন | যেগুলো | ঘটছে | পরিবেশে।

**শব্দের অর্থ** **just** (জাস্ট্) : কেবল। **take place** (ঠেইক্ প্লেইস্) : ঘটা।

**সমাধান** প্রদত্ত প্রশ্নের gap-এ box-এর fundamental**ly** (মৌলিক**ভাবে**) শব্দটি খাপ খায়।

*many fundamentally changes* = অনেক মৌলিকভাবে পরিবর্তন।

*many fundament**al** changes* = অনেক মৌলিক পরিবর্তন।

আমরা বাংলায় বলি, **'মৌলিক পরিবর্তন'**। ∴ উত্তর হবে: *fundamental*।

## পূর্ণ বাক্য

The 'Greenhouse Effect' is just one of the many (g) *fundamental* changes which are taking place in the environment. (গ্রীনহাউজ ইফেক্ট হলো অনেকগুলো মৌলিক পরিবর্তনের মধ্যে কেবল একটি যেগুলো ঘটছে পরিবেশে।)

## fundamental দিয়ে আরো বাক্য

১. The revolution brought *about* **a *fundamental* change** in the country.

**অর্থ** বিপ্লব দেশটিতে মৌলিক পরিবর্তন এনেছিল।

২. We need to make ***fundamental changes*** to the way in which we treat our environment.

**অর্থ** যেভাবে আমরা আমাদের পরিবেশের সাথে আচরণ করি তাতে কিছু মৌলিক পরিবর্তন আনা দরকার।

## (h) + (i)-এর ব্যাখ্যা

Tropical rainforests, which took fifty million years (h) _____, are being (i) _____ at the rate of fourteen acres per minute.

**অর্থ** গ্রীষ্মমন্ডলীয় বনাঞ্চল যেগুলোর লেগেছিলো 50 মিলিয়ন বছর (g)_____, হচ্ছে (i) _____ প্রতি মিনিটে চৌদ্দ একর হারে।

**শব্দের অর্থ** **tropical** : গ্রীষ্মমন্ডলীয়। **rate** (রেইট্) : হার।

**rainforest** = উঁচু ও ঘন বৃক্ষ সমৃদ্ধ বৃষ্টিপ্রধান জংগল।

## মাত্র একবার পড়ো এই ব্যাখ্যাগুলো

প্রদত্ত বাক্যের (h)-এর gap-এ *grow* শব্দটি এবং (i) gap-এ *deplete* শব্দটি খাপ খায়। ডিপ্লিট্

*are **being** depleted* = নিঃশেষ হচ্ছে।

∴ উত্তর হবে: (h) *to grow* এবং (i) *depleted*।

**পূর্ণ বাক্য** Tropical rainforests, which took fifty million years ***to grow,*** are being ***depleted*** {by us} at the rate of fourteen acres per minute.

**অর্থ** গ্রীষ্মমন্ডলীয় বনাঞ্চল যা বেড়ে উঠতে ৫০ মিলিয়ন বছর লেগেছিল তা প্রতি মিনিটে ১৪ একর হারে নিঃশেষ হচ্ছে।

## আরেকভাবে এই বাক্যটা

We are depleting tropical rain forests which took 50 million years to grow at the rate of 14 acres per minute.

## (j)-এর ব্যাখ্যা

{ প্রজাতি } { হুমকি = থ্রেট } { বিলুপ্তি }

Many species of animals and plants are (j) _____ with the threat of extinction.

**অর্থ** উদ্ভিদ এবং প্রাণীর অনেক প্রজাতি (j) _____ বিলুপ্তির হুমকির মধ্যে আছে।

## সমাধান

প্রদত্ত বাক্যের gap-এ box-এর *endanger* (য়েন্ডেইন্জার্ - বিপন্ন / বিপদগ্রস্ত করা) শব্দটি পরিবর্তন করে- *being endanger**ed*** করলে বাক্যটি অর্থপূর্ণ হয়।

যেহেতু অনেক প্রজাতির অস্তিত্ব বিপন্ন হচ্ছে, তাই *are **being** endangered* হবে।

∴ (j)-এর উত্তর হবে: *being endangered* (বিপন্ন হচ্ছে)।

{ *by human* উহ্য আছে }

**পূর্ণ বাক্য** Many species of animals and plants are (j) ***being endangered*** with the threat of extinction.

**অর্থ** বিলুপ্তির আশংকাসহ উদ্ভিদ এবং প্রাণীর অনেক প্রজাতির অস্তিত্ব বিপন্ন হচ্ছে।

### being endangered = becoming endangered দিয়ে বাক্য

১. Many species of tigers are being *endangered* with the threat of extinction. = বিলুপ্তির আশংকাসহ বাঘের অনেক প্রজাতির অস্তিত্ব বিপন্ন হচ্ছে।

২. Many birds are becoming *endangered* because of human activities.

**অর্থ** মানবীয় কার্যাবলীর কারণে অনেক পাখি বিলুপ্তপ্রায় প্রজাতিতে পরিণত হচ্ছে।

৩. Many species of vultures are being endangered with the threat of extinction. = বিলুপ্তির হুমকিতে শকুনের অনেক প্রজাতি হলো বিপদগ্রস্ত।

02. Read the following texts and fill in the gaps with suitable words from the box. There are more words than needed. Make any grammatical changes if necessary. 0.5 × 10 = 5

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| activate | general | face | freely | water | remain | be |
| troublesome | because | which | waterlogged | drainage | intensify | part |

### শব্দের অর্থ

**active** (অ্যাক্-টিভ্) = সক্রিয় ।
**passer-by** (পাসার্-বাই্) = পথচারী ।
**stagnant** (স্ট্যাগ্-ন্যান্ট্) = নিশ্চল; স্থির ।
**pedestrian** (পে-ডেস্-ট্রি-আন্) = পথচারী ।
**street** (স্ট্রীট্) = পাকা রাস্তা ।
**rainy season** (রেইনি সীযন্) = বৃষ্টির মৌসুম বা বর্ষাকাল ।
**drain** (ড্রেইন্) = পানি সরানো ।
**drainage** (ড্রেইনেজ্) = পয়:নিষ্কাশন = পানি নিষ্কাশন ।

We (a) _______ fall into jam on the roads and streets. Sometimes, especially in rainy season water (b) ________ stagnant on the road even for 2/3 days (c) _______ causes a serious traffic jam. Roads become (d) _____ due to excessive rain. The rain gets (e) ______ with dust, mud etc. Most of the time the (f) ______ system is not active and it becomes (g) _______ for the passers-by. The pedestrians (h) _______ a lot of problems as they can't move (i) ______. The drainage system should be (j) _________ and city authorities should be careful in this respect.

**পরীক্ষার হলে যেভাবে solve করতে হবে ,**
**এখানে সেভাবেই solve করা হলো :**

We (a) ______ fall into jam on the roads and streets.

Gap যুক্ত বাক্যের অর্থ আমরা (a) ______ পড়ি জ্যামে রাস্তা এবং স্ট্রীটে।

## সমাধান



Box-এর প্রতিটা শব্দ প্রশ্নের gap-এ বসালে শুধুমাত্র *general* শব্দটি খাপ খায়। প্রদত্ত প্রশ্নের gap-এ *general* শব্দটি বসালে অর্থ দাঁড়ায়:

We **general** fall into jam...... (আমরা **সাধারণ** পড়ি জ্যামে....)

একটু চিন্তা করো তো, আমরা বাংলায় কথা বলার সময় কি বলি "আমরা সাধারণ জ্যামে পড়ি"? না, আমরা কথায় **"... সাধারণ পড়ি ..."** বলি না। বরং আমরা বলি, "আমরা সাধারণত জ্যামে পড়ি" । তাই, "সাধারণ" না বলে বলতে হবে "সাধারণত"।

**এই ব্যাখ্যাগুলো করা হয়েছে অর্থ দিয়ে**

আর "সাধারণত" ইংরেজি হলো genera**lly**।

∴ (a)-এর উত্তর হবে: *generally*।

পুরো বাক্য We generally fall into jam on the roads and streets.

সাবলীল বাংলা অর্থ আমরা সাধারণত রাস্তায় এবং স্ট্রীটে জ্যামে পড়ি।

### (b) gap-এর উত্তরের ব্যাখ্যা

Sometimes, especially in rainy season water (b) _____

অর্থ মাঝে মাঝে বিশেষ করে বর্ষাকালে পানি (b) _____

stagnant on the road even for 2/3 days (c) _____

স্থির রাস্তায় এমনকি ২/৩ দিনের জন্য (c)_____

causes a serious traffic jam.

সৃষ্টি করে মারাত্মক যানযট ।

শব্দের অর্থ **stagnant** (স্ট্যাগ্ন্যান্ট্) : স্থির; অনড়। **cause** (কঅ্ঝ্) : সৃষ্টি করা; ঘটানো।

**Serious** (সিরিআস্) : মারাত্মক।

## সমাধান

প্রদত্ত বাক্যের (b)-এর gap-এ *remain* এবং (c)-তে *which* বসালে বাক্যটি শুদ্ধ হয়। (b)-এর *remain*-এর subject হলো *water*। তাই *remain* পরিবর্তিত হয়ে *remainS* হবে। water remains stagnant = পানি জমা হয়ে থাকে। ∴ (b)-এর উত্তর হবে *remains* এবং (c) *which*।

**নিচের বাক্যটি মনে মনে না পড়ে জোড়ে জোড়ে পড়ো।**

### পূর্ণ বাক্য

Sometimes, especially in rainy season water (b) ***remains*** stagnant on the road even for 2/3 days (c) ***which*** causes a serious traffic jam. (মাঝে মাঝে বিশেষ করে বর্ষাকালে পানি জমা হয়ে থাকে রোডে এমনকি ২/৩ দিন ধরে যা সৃষ্টি করে মারাত্মক যানযটের।)

### সাবলীল বাংলা অর্থ

মাঝে মাঝে বিশেষ করে বর্ষাকালে এমনকি ২/৩ দিন ধরে রাস্তায় পানি জমা হয়ে থাকে যা মারাত্মক যানযটের সৃষ্টি করে।

### (d) gap-যুক্ত বাক্যের ব্যাখ্যা

$$\underbrace{\text{Roads become}}_{\text{রাস্তাগুলো হয়}}\ \text{(d) \_\_\_\_\_\_}\ \underbrace{\text{due to}}_{\text{কারণে}}\ \underbrace{\text{excessive rain.}}_{\text{অতিরিক্ত বৃষ্টি}}$$

## সমাধান

প্রদত্ত বাক্যের gap-এ *waterlogged* (জলাবদ্ধ / পানিতে পূর্ণ) শব্দটি বাক্যে খাপ খায়।

∴ (d)-এর উত্তর হবে: *waterlogged*।

**পূর্ণ বাক্য** Roads become **waterlogged** due to excessive rain.

**অর্থ** রাস্তাগুলো জলাবদ্ধ হয়ে পড়ে অতিরিক্ত বৃষ্টির কারণে।

## (e)-এর ব্যাখ্যা

The rain gets (e) ____ with dust, mud etc.

**অর্থ** বৃষ্টির পানি হয় (e) ____ সাথে ধূলাবালি, কাদা ইত্যাদি।

## সমাধান

(e)-এর gap-এর জন্য *intensify* (আরো তীব্র হওয়া) শব্দটি নেয়া যায়। এখানে, *gets* intensifi**ed** হবে, যার অর্থ ধূলা-বালি, কাদা ইত্যাদির সাথে মিশে বৃষ্টির পানি আরো চরম আকার ধারণ করে। ∴ (e)-এর উত্তর হবে : intensified।

**পুরো বাক্য** The rain gets intensifi**ed** with dust, mud etc.

**অর্থ** ধূলা-বালি, কাদা ইত্যাদির সাথে মিশে বৃষ্টির পানি আরো চরম আকার ধারণ করে।

**টেকনিক মাত্র একটাই**
**= Sentence-এর বাংলা অর্থ বুঝতে পারা**

## একই ধরনের বাক্য

১. The conflict got intensified with newer issues.
**অর্থ** দ্বন্দ্বটি আরো চরম আকার ধারণ করেছিল নতুন নতুন সমস্যার কারণে।

২. The economic problems get intensified with political clash.
**অর্থ** অর্থনৈতিক সমস্যাগুলো আরো তীব্রতর হয় রাজনৈতিক সংঘাতের কারণে।

## (f)-এর ব্যাখ্যা

Most of the time, the (f) _____ system is not active,

অর্থ অধিকাংশ সময় (f) _____ *system* সচল না

and it becomes, (g) _____ for the passers-by.

এবং এটা হয়ে থাকে (g) _____ পথচারীদের জন্য ।

## সমাধান

প্রদত্ত প্রশ্নের (f)-এর gap-এ *drainage* এবং (g)-এর gap-এ *troublesome* (কষ্টকর) শব্দগুলো বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়।

∴ (f)-এর উত্তর হবে : *drainage* এবং (g)-এর উত্তর হবে : *troublesome*.

## পুরো বাক্য

Most of the time the *drainage* system is not active and it becomes *troublesome* for the passers-by. (অধিকাংশ সময় পানি নিষ্কাশন পদ্ধতি সচল থাকে না এবং এটা পথচারীদের জন্য কষ্টকর হয়ে থাকে।)

## Similar বাক্য

Most of the time our parliamentary system is not effective and it becomes a hindrance to national development.

**অর্থ** **অধিকাংশ** সময় আমাদের পার্লামেন্টারি সিস্টেম কার্যকর থাকে না এবং এটা জাতীয় **উন্নয়নের জন্য** একটি বাধা হয়ে দাঁড়ায়।

### (h) এবং (i)-এর ব্যাখ্যা

The pedestrians (h) ____ a lot of problems as

**অর্থ** পথচারীরা (h) ____ অনেক সমস্যা যেহেতু

they can't move (i) ______.

তারা চলাফেরা করতে পারে না (i) ______ ।

**শব্দের অর্থ** **move** : নড়াচড়া করা; **pedestrian** (পেডেস্ট্রিয়ান) : পথচারী।
**as** (অ্যায্) : যেহেতু।

### সমাধান

(h)-এর gap-এ *face* (মুখোমুখি / সম্মুখীন হওয়া) খাপ খায় এবং
(i)-এর gap-এ *freely* (স্বাধীনভাবে) খাপ খায়।

**পুরো বাক্য** The pedestrians (h) **face** a lot of problems as they can't move (i) **freely**.

**অর্থ** পথচারীরা অনেক সমস্যার সম্মুখীন হয়, যেহেতু তারা স্বাধীনভাবে চলাফেরা করতে পারে না।

#### Similar বাক্য

The journalists encounter a lot of risks as they can't write and move independently.

**অর্থ** সাংবাদিকরা অনেক ঝুঁকির সম্মুখীন হন, যেহেতু তারা স্বাধীনভাবে লিখতে ও চলতে পারেন না।

## (j)-এর ব্যাখ্যা

The drainage system should be (j) _____ and city authorities should be careful in this respect.

**বাক্যের অর্থ** ড্রেনেজ সিস্টেম হওয়া উচিত (j) ________ এবং শহর কর্তৃপক্ষকে এই ব্যাপারে সতর্ক হওয়া উচিত।

**শব্দের অর্থ** **in this respect :** এক্ষেত্রে; **careful :** সতর্ক।

## সমাধান

(j)-এর gap-এর জন্য activate (সক্রিয়/কার্যকর করা) শব্দটি নেয়া যায়। এখানে শূন্যস্থানের আগে should be থাকাতে activat**ed** হবে।

∴ (j)-এর উত্তর হবে: **activated**।

**পূর্ণ বাক্য** The drainage system should be *activated* and city authorities should be careful in this respect.

**অর্থ** ড্রেনেজ সিস্টেম চালু করা উচিত এবং নগর কর্তৃপক্ষকে এই ব্যাপারে সতর্ক হওয়া উচিত।

### একই ধরনের বাক্য

১. The 'Naypal' system should be activated and the govt. should be careful in this respect.

**অর্থ** 'ন্যায়পাল' সিস্টেম চালু করা উচিত এবং সরকারকে এই ব্যাপারে সতর্ক হওয়া উচিত।

২. The contemporary education system should be changed and authorities should be more conscious in this respect.

**অর্থ** সমসাময়িক শিক্ষা ব্যবস্থা পরিবর্তন করা উচিত এবং কর্তৃপক্ষকে এই ব্যাপারে আরো সচেতন হওয়া উচিত।

এই ধরণের **Fill-in-the-gap solve** করা সহজ
ইংরেজি বাক্যের বাংলা অর্থ বুঝলে
তথা, উত্তর বের করা সহজ।

## হাতে-কলমে করা যাক

**03.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| victim | adulterated | need | unscrupulous | eating | preparing |
| enacted | executed | miseries | deserve | adulteration | after |

Everybody knows that food (i) _______ is a crime. (ii) _______ food is poisonous and it causes fatal diseases. People (iii) _______ this kind of poisonous food fall a (iv) _______ to liver diseases, cancer, kidney failure and so on. Some businessmen who are (v) _______ and running (vi) _______ money only do this heinous work. They thrive on the (vii) _______ of others. They (viii) _______ severe punishment. The Govt. has taken certain steps against adulteration and (ix) _______ laws to punish the food adulterators. We appreciate such steps of the Govt. and expect that the laws will be (x) _______ properly in the interest of the nation.

### শব্দের অর্থ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **heinous** | (হেই্নাস্) | : জঘন্য। | **appreciate** | (অ্যাপ্রিশিএই্ট্) | : কদর করা। |
| **miseries** | (মিযারীয্) | : দুঃখ-কষ্ট। | **enact** | (য়েন্যাক্ট) | : কার্যকর করা। |
| **kidney failure** | | : কিডনীর কার্যকারিতা হারানো। | **unscrupulous** | (আন্-স্ক্রুপিউ্লাস্) | : অবিবেচক। |
| **deserve** | (ডিযার্ভ্) | : (কোনো কিছু পাওয়ার) যোগ্য হওয়া। | | | |

**এখন প্রশ্নে দেয়া প্রদত্ত বাক্য পড়া যাক:**

### i নং প্রশ্নের ব্যাখ্যা

*Everybody knows that food* (i) ____ অনেকেই এই পর্যন্ত পড়েই box-এ চলে যায় উত্তর বের করার জন্য। কিন্তু, আসলে উত্তর বের করার জন্য sentence-এর পরের অংশটুকুও পড়তে হবে। পরের অংশটুকু হলো: **is a crime.**

**বাংলা ব্যাখ্যাগুলো গল্পের মত করে মন দিয়ে পড়লেই হবে।**

| | Everybody | knows | that | food (h)____ | is | a | crime. |
|---|---|---|---|---|---|---|---|
| **অর্থ** | সবাই | জানে | যে | খাদ্য | হয় | একটি | অপরাধ। |

**শব্দের অর্থ** **adulterated** (অ্যাডাল্‌ঠিরেই্‌ঠেড্‌) = ভেজালমিশ্রিত।

**adulteration** (অ্যাডাল্‌ঠিরেই্‌শন্‌) = ভেজালকরণ = ভেজাল করার কাজ = ভেজাল মিশানোর কাজ।

## বাংলা অর্থ দিয়ে সমাধান

যেহেতু *crime* বা অপরাধ বলা হলো, তাই শুন্যস্থানে এমন শব্দ বসবে যেটি দ্বারা কোনো **খারাপ কাজ** বা অপরাধ বুঝায়।

এখন দেখব box-এর কোন শব্দটি প্রদত্ত প্রশ্নের gap-এ খাপ খায়।

box-এ *adulterated* এবং *adulteration* এই শব্দ দুটি পাওয়া গেল, কিন্তু কোনটি সঠিক তা বের করতে হবে।

*Food adulterate**d*** অর্থ খাদ্য ভেজালকৃত। তার মানে, খাদ্য ভেজালকৃত একটি *crime*। এটি একটি বেখাপ্পা বাক্য, বরং সঠিক হবে:

*Food adulteration* (= খাদ্যে ভেজাল মিশানো) *is a crime* (= হলো একটি অপরাধ)।

∴ **(i)**-এর সঠিক উত্তর হবে: *adulteration*।

✓ যে শব্দটি অর্থবোধক, সেটি হবে উত্তর।

**পুর্ণ বাক্য** Everybody knows that food adulterat**ion** is a crime.

(প্রত্যেকেই জানে যে খাদ্যে ভেজাল মিশানো একটি অপরাধ।)

## (ii)-নং বাক্যের ব্যাখ্যা

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ______ | food is | poisonous | and it | causes | fatal | diseases. |
| | | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| অর্থ | ______ | খাদ্য হয় | বিষাক্ত | এবং এটা | ঘটায় | প্রাণঘাতী | রোগ। |

**শব্দের অর্থ** **poisonous** (পয়-যনাস্) : বিষাক্ত। **cause** (কঅ্য্) : ঘটানো।
**fatal** (ফেইট্যাল্) : মারাত্মক; প্রাণঘাতী।

**সমাধান** এখন তুমিই বলো কোন ধরনের *food* বিষাক্ত। প্রদত্ত উত্তরগুলোর মধ্যে ***adulterated*** শব্দটি সঠিক। সুতরাং (ii)-এর উত্তর হবেঃ ***adulterated.***

**পুর্ণ বাক্য** Adulterat**ed** food is poisonous and it causes fatal diseases.

**পূর্ণ বাক্যের অর্থ** ভেজাল খাদ্য হয় বিষাক্ত এবং এটা সৃষ্টি করে প্রাণঘাতী রোগ।

### একই ধরনের আরো বাক্য

(১) Saturat**ed** fat is harmful for our health and it causes fatal diseases.

**অর্থ** স্যাচিউ্রেইঠেড্ ফ্যাট হলো ক্ষতিকর আমাদের স্বাস্থ্যের জন্য এবং এটা মারাত্মক রোগ সৃষ্টি করে।

(২) Contaminate**d** food is harmful and it causes food poisoning.

**অর্থ** ভেজাল খাদ্য ক্ষতিকর এবং এটি খাদ্যে বিষক্রিয়া সৃষ্টি করে।

(৩) Wick**ed** persons are very harmful for society and they commit many crimes.

**অর্থ** অসৎ ব্যক্তিরা সমাজের জন্য খুবই ক্ষতিকর এবং তারা অনেক অপরাধ ঘটিয়ে থাকে।

(৪) Pollut**ed** environment is very harmful for us and it causes many diseases.

**অর্থ** দূষিত পরিবেশ আমাদের জন্য খুবই ক্ষতিকর এবং ইহা অনেক রোগের সৃষ্টি করে।

## (iii)-নং প্রশ্নের ব্যাখ্যা

|  |  |  |  |  |
|---|---|---|---|---|
|  |  |  | { বিষাক্ত } |  |
|  | *People* | *(iii)* ___ | *this kind of poisonous food* | *fall* |
| **অর্থ** | মানুষ | (iii) ___ | এই ধরনের বিষাক্ত খাবার | পতিত হয় |

|  |  |  |
|---|---|---|
| *a (iii)* ___ | *to liver diseases,* | *cancer, kidney failure and so on,* |
| (iii) ___ | লিভারের রোগে, | *cancer*, কিডনী *failure* ইত্যাদিতে । |

**শব্দের অর্থ**

**eating** : খাওয়া। **preparing** : প্রস্তুত করার কাজ।

**prepare** : প্রস্তুত করা। **need** (নীড্) : প্রয়োজন হওয়া।

### সমাধান

বক্স থেকে পাওয়া *eating* শব্দটি (iii)-এর gap-এ বসালে বাক্যটি সঠিক হয়। আর *fall a victim* অর্থ কোন রোগ, দুর্ঘটনা ইত্যাদির শিকার হওয়া বা ইত্যাদিতে ভোগা। অর্থাৎ *fall a*-এর পরে (iii)-নং gap-এ *victim* শব্দটি খাপ খায়। ∴ (**iii**) এবং (**iv**)-এর উত্তর হবে যথাক্রমে ***eating*** এবং ***victim***।

**বাক্যের ব্যাখ্যা** People **eating** this ...........

= People **who eat** this ...... = এই ধরনের খাবার যেসব লোকেরা খায় ......।

**সারাংশ বাক্য** People fall a victim. (মানুষ পরিণত হয় শিকারে।)

**পুরো বাক্য** People eating this kind of poisonous food fall a victim to liver diseases, cancer, kidney failure and so on. (এই ধরণের বিষাক্ত খাদ্য যেসব মানুষ খায় তারা লিভারের রোগ, ক্যান্সার, কিডনী বিকল হওয়া ইত্যাদির শিকার হয়।)

### Similar বাক্য

(১) People **drinking** this kind of polluted water fall a **victim** to diarrhea, liver diseases etc.

**অর্থ** এই ধরণের দূষিত পানি যেসব মানুষ খায় তারা diarrhea, লিভার রোগ ইত্যাদির শিকার হয়।

(২) Many youngsters **taking** this kind of drug fall a **victim** to liver diseases, kidney failure, and the like. (অনেক তরুণ-তরুণী যারা এই ধরনের ড্রাগ নেয় তারা লিভারের রোগ, কিডনী বিকল হওয়া এবং এরকম আরো রোগের শিকার হয়।)

## (v) এবং (vi) নং প্রশ্নের ব্যাখ্যা

*Some businessmen who are (v) ____ and running (vi) ____ money*

**অর্থ** কিছু ব্যবসায়ী যারা হয় (v) ____ এবং ছুটছে (vi) ____ টাকা

*only do this heinous work.* (হেইনাস্ ওয়ার্ক্ = ঘৃণ্য বা জঘন্য কাজ)

শুধু তারাই করে এই জঘন্য কাজ।

## সমাধান

box-এর *unscrupulous* (আন্স্ক্রুপিউলাস্) অর্থ অবিবেচক; অসৎ। *run-এর পর after* বসালে অর্থবোধক হবে। এই শব্দ দুটি প্রদত্ত প্রশ্নের gap-এ বসালে বাক্যটি অর্থপূর্ণ ও সঠিক হয়। ∴ (v) এবং (vi)-এর উত্তর হবে ঃ (v) *unscrupulous* এবং (vi) *after*।

**পুরো বাক্য** *Some businessmen who are (v)* ***unscrupulous*** *and running (vi)* ***after*** *money only do this heinous work.* { স্ক্রুপলবিহীন = বিবেকহীন }

**অর্থ** কিছু ব্যবসায়ী যারা অসৎ এবং টাকার পিছনে ছুটছে তারাই শুধু এই ধরনের জঘন্য কাজ করে থাকে।

## vii নং প্রশ্নের ব্যাখ্যা

তার পরের বাক্যটি হলোঃ

*They thrive on the (vii) ____ of others.*

**অর্থ** তারা সমৃদ্ধি অর্জন করে (vii) ____ অন্যের।

**শব্দের অর্থ** **thrive on** (থ্রাইভ্ অন্) xyz = xyz-এর উপর নির্ভর করে সমৃদ্ধশালী হওয়া।

## সমাধান

box-এর *miseries* অর্থ কষ্ট / দুরবস্থা। প্রদত্ত প্রশ্নের gap-এ box-এর *miseries* শব্দটি বসালে বাক্যটি সঠিক হয়। ∴ (**vii**)-এর উত্তর হবেঃ *miseries*।

**পুরো বাক্য** *They thrive on the (vii)* ***miseries*** *of others.* (অন্যকে কষ্ট দিয়ে তারা সমৃদ্ধশালী হয়।)

## viii নং প্রশ্নের ব্যাখ্যা

They (viii) _______ severe punishment.
↓ ↓ ↓
**অর্থ** তারা (viii) _______ কঠোর শাস্তি ।

**শব্দের অর্থ** **executed** (য়েক্সিকিউটেড্) : বাস্তবায়ন করেছিল। **severe**(সিভিয়ার্) : কঠোর।
**deserve** (ডিযার্ভ্) : কোন কিছু পাবার যোগ্য হওয়া।

### সমাধান

(**viii**)-এর gap-এ *deserve* শব্দটিই বেশী খাপ খায়। *they deserve* = তারা পাওয়ার যোগ্য। এটিই সঠিক উওর।

**পুরো বাক্য** They (viii) **deserve** severe punishment. (তারা কঠোর শাস্তি পাওয়ার যোগ্য।)

**Similar বাক্য** The students deserves recognition for their sacrifice.
(ছাত্ররা প্রশংসা পাওয়ার যোগ্য তাদের ত্যাগের জন্য।)

## (ix) নং প্রশ্নের ব্যাখ্যা

*The Govt. has taken certain steps against adulteration and (ix) ______ laws to punish the food adulterators.*

**অর্থ** সরকার কিছু পদক্ষেপ নিয়েছে খাদ্যদ্রব্য ভেজালকরণের বিরুদ্ধে এবং (ix) ______ আইন খাদ্যে ভেজাল মিশ্রণকারীদের শাস্তি দেওয়ার জন্য।

**শব্দের অর্থ** **steps** : পদক্ষেপ। **against** *xyz* : *xyz*-এর বিরুদ্ধে। **certain** : কিছু।
**adulterator** : যারা ভেজাল মিশায় = ভেজাল-মিশ্রণকারী।

### সমাধান

*enact* অর্থ আইনে পরিণত করা। *enact* শব্দটি এখানে খাপ খায়। শুধু *enact* শব্দটা প্রদত্ত প্রশ্নের gap-এ বসালে নাম্বার পাবে zero (0)। তাহলে প্রশ্ন হলো সঠিক উওর কী হবে? সঠিক উওর হবে: *enacted*।

কারণ : *have / has*-এর পরে *enact* শব্দটি *enacted* হয়ে যাবে।

∴ **উত্তর হবে: *enacted*।**

### বাক্যের ব্যাখ্যা

The Govt. **has** taken *certain steps against adulteration* and (**has**) *enacted laws to punish the food adulterators.* (**has** কমন বলে *enacted*-এর আগে আর লেখা লাগে না।)

## (x) নং প্রশ্নের ব্যাখ্যা

{ অ্যাপ্রেশিএইট্ = কদর করা } { য়েক্সপেক্ট্ = প্রত্যাশা করা }

*We appreciate such steps of the Govt. and expect that the laws will be (x) ______ properly in the interest of the nation.*(জাতির স্বার্থে)

**সমাধান** *execute*: বাস্তবায়ন করা। (x)-নং gap-এর আগে *will be* থাকাতে *execute* শব্দটি *executed* হয়ে যাবে। ∴ উত্তর হবে: *executed* ।

**বাক্যের অর্থ** আমরা প্রশংসা করি সরকারের এ ধরনের পদক্ষেপের এবং প্রত্যাশা করি যে এই আইনগুলো জাতির স্বার্থে সঠিকভাবে বাস্তবায়ন করা হবে।

## Similar বাক্য

(১) We praise such steps of the Government and hope that the laws will be **implemented** for the greater welfare of the nation.

**অর্থ** আমরা সরকারের এরকম পদক্ষেপের প্রশংসা করি এবং আশা করি যে এই আইনগুলো জাতির স্বার্থে সঠিকভাবে বাস্তবায়ন করা হবে।

(২) We appreciate such steps of the Government and hope that the laws will be **put into action** properly for the interest of the nation.

**অর্থ** আমরা প্রশংসা করি সরকারের এ ধরনের পদক্ষেপের এবং আশা করি যে এই আইনগুলো জাতির স্বার্থে সঠিকভাবে বাস্তবায়ন করা হবে।

## উপরের বাক্য দেখে দেখে লিখো

We.........................................................................................

We.........................................................................................

We.........................................................................................

**04. Fill in the gaps with suitable words from the box (Make any grammatical changes if necessary). There are more words in the box than you need.**

box-এ দেয়া প্রদত্ত শব্দগুলো থেকে উপযুক্ত শব্দটি gap-এ বসাতে হবে।
প্রয়োজনে word-গুলো grammatically পরিবর্তন করা যাবে।
box-এ একাধিক শব্দ তার মানে, যত gap আছে, তার চেয়ে বেশি শব্দ দেয়া আছে।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| prediction | global | bring | extinction | undergo | action | waste |
| unnecessary | pollute | avoid | temperatures | suitable | rise | terribly |

The disposal of various kinds of (a) _____ is seriously polluting the environment. The world's climate is (b) _____a significant change. (c) _____ warming is the cause of the increase of heat in the atmosphere. The climatologists (d) _____ that it will be difficult to find (e) _____ place to live in. Every year millions of people all over the world suffer (f) _____as a result of (g) _____. These unfortunate and (h) _____deaths are (i) _____about by four specific factors. We should take determined (j) ______to control these problems.

**শব্দের অর্থ**

**extincition** (য়েক্সটিংকশন্) : বিলুপ্তি; **prediction** : ভবিষ্যৎবাণী;
**significant** (সিগ্নিফিক্যান্ট্) : তাৎপর্যপূর্ণ; **factor** (ফ্যাক্টর্) : কারণ;
**seriously** (সিরিআস্লী) : মারাত্মকভাবে।

## (a)-নং প্রশ্নের ব্যাখ্যা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | The disposal | of various kinds | of (a)______ | is seriously polluting | the environment. |
| **অর্থ** | ফেলানোটা | বিভিন্ন প্রকারের | (a) _____ | মারাত্মকভাবে দূষিত করছে | পরিবেশকে । |

**শব্দের অর্থ** **disposal** (ডিস্পৌযাল্) : অপসারণ; ফেলানো; **various** (ভ্যারিআস্) : বিভিন্ন।

**সমাধান** box-এর ***waste*** শব্দটি (যার অর্থ আবর্জনা / ময়লা) প্রদত্ত প্রশ্নের gap-এ বসালে বাক্যটি সঠিক হয়। ∴ উত্তর হবে : *waste*।

**পুরা বাক্য** The disposal of various kinds of waste is seriously polluting the environment.

**পুরা বাক্যের অর্থ** বিভিন্ন প্রকারের আবর্জনা ফেলানোটা পরিবেশকে মারাত্মকভাবে দূষিত করছে।

### Similar বাক্য

(১) The disposal of various kinds of chemicals and pesticides is seriously polluting water.

**অর্থ** বিভিন্ন ধরনের কেমিক্যাল এবং কীটনাশক ফেলাটা পানিকে মারাত্মকভাবে দূষিত করছে।

(২) The disposal of many types of garbage is seriously polluting Buriganga River.

**অর্থ** অনেক ধরনের ময়লা-আবর্জনা ফেলাটা বুড়িগঙ্গা নদীকে মারাত্মকভাবে দূষিত করছে।

## (b) নং প্রশ্নের ব্যাখ্যা

The world's climate is (b) _____ a significant change.

**অর্থ** বিশ্বের জলবায়ু হয় (b) _____ লক্ষ্যণীয় পরিবর্তন।

**শব্দের অর্থ** **undergo** (আন্‌ডারগৌ) : under দিয়ে go = নিচ দিয়ে যাওয়া = (কোনো কিছুর) মধ্য দিয়ে যাওয়া / অতিক্রম করা। **significant** (সিগ্‌নিফিক্যান্ট্) : গুরুত্বপূর্ণ।

## সমাধান

box-এর ***undergo*** শব্দটি (b)-এর gap-এ খাপ খায় আর gap-এর আগে *is* থাকায় *(is) undergoing* হয়ে যাবে, যার অর্থ বিশ্বের *climate* একটি উল্লেখযোগ্য বা ব্যাপক পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। কেউ কেউ আবার box-এর *bring* শব্দটিকে এখানে উত্তর হিসেবে choose করতে পারে। তখন বাক্যটির অর্থ দাঁড়াবে: **বিশ্বের জলবায়ু গুরুত্বপূর্ণ পরিবর্তন নিয়ে আসছে।**

সেক্ষেত্রে বাক্যটির অর্থ অসম্পূর্ণ রয়ে যায় কারণ বিশ্বের জলবায়ু উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে আসছে **কোথায় বা কার মধ্যে** তা এখানে উল্লেখ করা হয়নি। তাই বাক্যটির অর্থ অসম্পূর্ণ রয়ে যাবে। অর্থাৎ *bring* হবে ভুল answer। তাহলে একমাত্র সঠিক উত্তর হবে: ***undergoing***।

**পুরো বাক্য** The world's climate is undergoing a significant change.

**সাবলীল অর্থ** বিশ্বের জলবায়ু একটি উল্লেখযোগ্য পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে।

### Similar বাক্য

(১) The atmosphere **is undergoing** a significant change.

**অর্থ** বায়ুমন্ডলে লক্ষ্যণীয় পরিবর্তন হচ্ছে।

(২) Seasons of Bangladesh **are undergoing** an important change.

**অর্থ** বাংলাদেশের ঋতু লক্ষ্যণীয় পরিবর্তনের মধ্যে দিয়ে যাচ্ছে, তার মানে বাংলাদেশের ঋতুতে খুব পরিবর্তন ঘটছে।

(৩) The company **is undergoing** a radical = revolutionary change.

**অর্থ** কোম্পানিটি আমূল / বৈপ্লবিক পরিবর্তনের মধ্যে দিয়ে যাচ্ছে।

## (c) নং প্রশ্নের ব্যাখ্যা

(c) ___ *warming is the cause of the increase of heat in the atmosphere.*

**অর্থ** (c) ___ উষ্ণতাবৃদ্ধি কারণ তাপমাত্রা বৃদ্ধির বায়ুমন্ডলে।

**শব্দের অর্থ** **global** : বৈশ্বিক। আর **global warming** : বৈশ্বিক উষ্ণতা।
**atmosphere** : বায়ুমণ্ডল।

**সমাধান** (c)-এর gap-এ box-এর একমাত্র ***global*** শব্দটি বাক্যের অর্থের সাথে খাপ খাচ্ছে।
∴ উত্তর হবে: Global।

**পুরো বাক্য** Global warming is the cause of the increase of heat in the atmosphere. বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি বায়ুমন্ডলে তাপমাত্রা বৃদ্ধির কারণ হলো।

### Similar বাক্য

(১) Global warming is the cause of massive forest fires

**অর্থ** বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি হলো বিশাল দাবানলের কারণ।

(২) Global warming is the cause of rise in the sea level.

**অর্থ** বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি হলো সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির কারণ।

(৩) Power politics is the **reason** for conflict in many pants of the world.

**অর্থ** শক্তির কূটনীতি হলো পৃথিবীর বিভিন্ন অংশে সংঘাতের কারণ।

## (d) নং প্রশ্নের ব্যাখ্যা

The climatologists (d) _____ that it will be difficult to find

**অর্থ** জলবায়ুবিদরা (d) _____ যে পাওয়া কঠিন হবে।

(e) ________ place to live in.

(e) ________ বসবাস করার জায়গা

**শব্দের অর্থ**

| | | |
|---|---|---|
| **climatologists** | | : জলবায়ুবিদরা। |
| **prediction** | (প্রেডিক্‌শন্‌) | : ভবিষ্যৎবাণী। |
| **predict** | (প্রেডিক্ট্‌) | : ভবিষ্যৎবাণী করা। |
| **suitable** | (সুইঠেইব্‌ল্‌) | : উপযুক্ত। |

## সমাধান

(d)-এর gap-এ box-এর prediction শব্দটিকে change করে predict (ভবিষ্যদ্বাণী করা) করে বসালে বাক্যটি সঠিক ও অর্থপূর্ণ হয়। আর (e)-এর gap-এ box-এর অবশিষ্ট শব্দগুলোর মধ্যে একমাত্র *suitable* শব্দটি খাপ খায়। ∴ উত্তর হবে: (d) ***predict*** এবং (e) ***suitable***।

**পুরো বাক্য** The climatologists predict that it will be difficult to find suitable place to live in.

**অর্থ** জলবায়ুবিদরা ভবিষ্যৎবাণী করেন যে বসবাস করার জন্য উপযুক্ত জায়গা পাওয়া কঠিন হবে।

### একই ধরনের বাক্য

১. The meteorologists forecast that it will be difficult to find suitable place to live in. (আবহাওয়াবিদরা ভবিষ্যৎবাণী করেন যে, বসবাস করার জন্য উপযুক্ত জায়গা পাওয়া কঠিন হবে।)

২. The scientists / researchers think that it will be difficult to find suitable place to live on earth. (বিজ্ঞানীরা / গবেষকরা মনে করেন যে, পৃথিবীতে বসবাস করার জন্য উপযুক্ত জায়গা পাওয়া কঠিন হবে।)

## (f) এবং (g)-যুক্ত বাক্যের ব্যাখ্যা

**তার পরের বাক্যে আছেঃ**

| | Every year | millions of people | all over the world | suffer |
|---|---|---|---|---|
| অর্থ | প্রতিবছর | লক্ষ লক্ষ মানুষ | বিশ্বব্যাপী | ভোগে |

(f) _____ $\underbrace{\text{as a result of}}_{\text{কারণে বা ফলে}}$ (g) _____.

(f) _____ কারণে বা ফলে (g) _____ ।

**শব্দের অর্থ** **terribly** (ঠেরিব্‌লি) : ভীষণভাবে। **pollute** (পলিউট্) : দূষিত করা। **pollution** (পলিউ্শন্) : দূষণ।

### সমাধান

*suffer terribly* = ভীষণভাবে ভোগা। as *a result of pollution* মানে দূষণের ফলে।
**(f)** এবং **(g)**-এর উত্তর হবে: (f) ***terribly*** এবং (g) *pollution*।

**পুরা বাক্য** Every year millions of people all over the world suffer terribly as a result of pollution.

**পূর্ণ বাক্যের অর্থ** প্রতি বছর বিশ্বের লক্ষ লক্ষ মানুষ ভীষণভাবে ভোগে দূষণের কারণে।

**Similar বাক্য**

(১) Every year millions of people all over the globe suffer terribly as a result of hunger.

**অর্থ** বিশ্বজুড়ে প্রতিবছর লক্ষ লক্ষ মানুষ ভীষণভাবে ভোগে ক্ষুধার কারণে।

(২) Every year thousands of people all over the world suffer badly because of fatal diseases.

**অর্থ** বিশ্বজুড়ে প্রতি বছর হাজার হাজার মানুষ মারাত্মকভাবে ভোগে প্রাণঘাতী রোগের কারণে।

## (h) এবং (i) যুক্ত বাক্যের ব্যাখ্যা

These unfortunate and (h) ______ deaths are (i) ________ about

**অর্থ** এইসব দুর্ভাগ্যজনক এবং (h) ___ মৃত্যু হয় (i)___ by four specific factors.

চারটি বিশেষ কারণ দ্বারা।

**শব্দের অর্থ** **unnecessary** : অপ্রয়োজনীয়। **bring about** : ঘটানো।
**unfortunate** : দুর্ভাগ্যজনক।

### সমাধান

unnecessary deaths = অপ্রয়োজনীয় মৃত্যুগুলো। *are **bring** about* না হয়ে are brought about হবে। *are brought about* অর্থ ঘটা বা হওয়া।

∴ (h)-এর উত্তর হবে: ***unnecessary*** এবং (i)-এর উত্তর হবে: ***brought***।

**পূর্ণ বাক্য** These unfortunate and **unneccssary** deaths are brought about by four specific factors.

**পুরো বাক্যের অর্থ** চারটি সুনির্দিষ্ট কারণে এই সব দুর্ভাগ্যজনক এবং অপ্রয়োজনীয় মৃত্যু ঘটে।

### একই ধরনের আরো বাক্য practice করা যাক

(১) These unfortunate and **unexpected** deaths are **brought about** by specific factors.

**অর্থ** এই সব দুর্ভাগ্যজনক এবং অপ্রত্যাশিত মৃত্যু ঘটে সুনির্দিষ্ট কারণে।

(২) These unfortunate and **untimely** deaths are **brought about** by certain wrong decisions.

**অর্থ** নির্দিষ্ট কিছু ভুল সিদ্ধান্তের কারণে এই সব দুর্ভাগ্যজনক ও অসময়োচিত মৃত্যু ঘটে।

## (j)-যুক্ত বাক্যের ব্যাখ্যা

(**j**)-নং প্রশ্নে আছেঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | We should take | determined | (j)____ | to control | these problems. |
| **অর্থ** | আমাদের নেয়া উচিত | দৃঢ় | (j) ____ | নিয়ন্ত্রণের জন্য | এই সমস্যাগুলো। |

### সমাধান

box-এর ***action*** অর্থ পদক্ষেপ। এটি sentence-এর অর্থের সাথে খাপ খায়।

*determined actions* মানে দৃঢ় পদক্ষেপ।

∴ (**j**)-এর উত্তর হবেঃ ***actions***।

**পুরো বাক্য** We should take determined actions to control these problems.

**পূর্ণ বাক্যের অর্থ** আমাদের নেওয়া উচিত দৃঢ় পদক্ষেপ এই সমস্যাগুলো নিয়ন্ত্রণের জন্য।

**নিচের বাক্যগুলিও দেখে দেখে কমপক্ষে একবার করে তোমার খাতায় লিখো**

(১) We should take determined efforts to control these problems.
**অর্থ** আমাদের বলিষ্ঠ প্রচেষ্টা নেওয়া উচিত এই সমস্যাগুলো নিয়ন্ত্রণ করতে।

(২) We should take determined steps to address / tackle food crisis.
**অর্থ** খাদ্য-সংকট মোকাবেলার জন্য আমাদের দৃঢ় পদক্ষেপ নেয়া উচিত।

(৩) We should take determined measures to eradicate road accident.
**অর্থ** সড়ক দূর্ঘটনা নির্মূল করার জন্য আমাদের দৃঢ় পদক্ষেপ নেয়া উচিত।

## Practice : প্রথমে নিজে চেষ্টা করো

**01. Fill in each gap with a suitable word from the box. There are more words than necessary.**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| prestige | huge | education | indicate | invent | certificate | division |
| treated | material | promote | fame | contribute | research | institute |

Every year the Nobel Prize is awarded for outstanding (a) _______ to the fields of science literature, economics and for the (b) _______ of peace. It is the world's most (c) _______ prize. If there are more than one recipient, the prize money is (d) _______ equally among the winners. The prize was (e) _______ by Sir Alfred Nobel, the father of the science of destruction. He (f) _______ dynamite. Though Nobel was born in Sweden, he was (g) _______ in Russia. For this important invention, he became (h) _______ all over the world. He earned a (i) _______ sum of money. The prize is given from the interest of the money. The winners of the Nobel Prize are (j) _______ with great respect across the globe.

**Answer**

(a) contribution (b) promotion (c) prestigious (d) divided (e) instituted
(f) invented (g) educated (h) famous (i) huge (j) treated

**02.**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| enter | expansion | tremendously | universities | awards | contribute | much |
| courses | traditional | students | rewards | subscribe | high | |

Higher education in Britain has experienced a dramatic (a)_____. One in three young people now (b)______ higher education compared to one in six in 1989. The number of graduates also has increased (c)____. There are some 90 (d) _____ in Britain which offer (e)_____ in a wide range of subjects including (f) _____ arts subjects as well as science and technology. Over 90% (g)_____receive government (h) _____covering tuition fees and a maintenance grant. Parents also (i)____ the amount depending on their income. The overseas students have to pay very (j)____tuition fees.

**Answer**

(a) expansion (b) enters (c) tremendously (d) universities (e) courses
(f) traditional (g) students (h) awards (i) contribute (j) high.

**03.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| mankind | endanger | be | save | concern | mean |
| protection | destroy | species | perish | spoil | change |

All species are important for maintaining ecological balance. If one is lost, the whole natural environment gets (a) _____. We should (b) ____ our wildlife to protect the environment from being (c) _____. Many countries are now taking action to protect their (d) ____ wildlife. Mankind must develop a (e) ____ for wild creatures and must ensure that they will not (f) ______ .(g) _____ wild creatures means destroying ourselves. It is high time we (h) ____ them. Love for animals (i) ____ love for (j) ______.

**Answer**

আগের পনেরো পৃষ্ঠার ব্যাখ্যা মন দিয়ে পড়লে এগুলো solve করা সহজ।

(a) changed (b) protect / save (c) spoil (d) endangered (e) concern
(f) perish (g) Destroying (h) saved / protected (i) means (j) mankind.

**4.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| even | distance | watch | information | become | source |
| run | show | enjoy | vary | see | numerous |

Television has (a) _____ the most common and widespread (b) ____ of entertainment of the present world. A wide range of programmes of (c) ___ interest are telecast on (d) _____ channels. Almost every middle class and (e) ____ working class families have a television set today. Television programmes are not only (f) ______ but also highly educative. For example, television is used for (g) ____ learning. Courses (h) ____ by the Open University are (i) ____ on BTV. Several channels like the Discovery and the National Geographic channels telecast highly (j) _______ programmes.

**Answer**

(a) become (b) source (c) varied (d) numerous (e) even (f) enjoyable
(g) distance (h) run (i) shown (j) informative

**05.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| caprice | leisure | neglect | street | scrutiny | credit |
| need | opinion | employment | reject | friends | money |

Literally and truly, one cannot get on well in the world without (a) _______ . To be in (b) _______ of it is to pass through life with little (c) _______ or pleasure; it is to be despised; it is not to be asked out to dinner, or noticed in the (d) _______; it is not to have your (e) _______ consulted or else (f) _______ with contempt, it is to be (g) _______ by strangers and neglected by (h) _______, it is to forego (i) _______, freedom, ease of body and mind, to be dependent on the goodwill and (j) _______ of others.

**Answer**

(a) money (b) need (c) credit (d) street (e) opinion (f) rejected
(g) scrutinized (h) friends (i) leisure (j) caprice

**06.**

→{ স্পন্‌ঠেইনিআস্ = স্বতঃস্ফূর্ত }

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| aware | use | usual | develop | mother | spontaneous | acquisition |
| ability | fact | acquire | learning | natural | competent | communication |

Communicative competence refers to the (a) ____ to use language appropriately in various circumstances. There are two ways of (b) ____ communicative competence in a language. The first is (c) ____ which is similar to the way people develop ability in their (d) ____ tongue.. They are aware only of the (e) ____ that they are (f) ____ the language for (g) ____. It is a (h) ____, subconscious process in which users are not (i) ____ of acquiring a language. In non-technical terms, acquisition is picking up a language (j) ____.

**Answer**

(a) ability (b) developing (c) acquisition (d) mother (e) fact (f) using
(g) communication (h) natural (i) aware (j) spontaneously.

**07.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| bring | need | spend | give | include | fail |
| go | organize | boost | close | development | proper |

If all the children in Bangladesh (a)_____to school, the country would get rid of illiteracy. To (b)_____up education, the government should spend more money. Subsidies must be (c)____ in the education sector. Teachers (d)_____ to be trained for good teaching. The poor students can (e)____under 'Food for Education'. We should take care that no institution is (f)_____ down due to political clashes. More co-curricular activities are to be (g)____to enable the students to (h)_____ their non-academic skills like debate, creative thinking and (i)____events etc. It is our social responsibility to educate our children and our (j)_____ to do this will lead to a catastrophe.

**Answer**

(a) went; (b) boost; (c) given; (d) need; (e) be brought; (f) closed; (g) included / organized; (h) develop; (i) organizing; (j) failure.

**08.**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| drink | eat | available | nutrition | satisfy | happen | lack |
| need | heart | balanced | knowledge | preserve | mind | for |

While (a)____food, we should bear in (b)_____that we do not eat just to (c)_____ hunger or to fill the belly. We eat to (d)______our health. For good health, a man (e)_____ good food. Sometimes it so (f)_____that people who live even in the midst of plenty do not eat the food they need for good health because they have no (g)_____ of science and (h)_____. They do not know how to select a (i)_____ diet from the many foods that are (j)____to them.

**Answer**

(a) eating; (b) mind; (c) satisfy; (d) preserve; (e) needs; (f) happens; (g) knowledge; (h) nutrition; (i) balanced; (j) available.

**09.**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| variety | item | communication | require | communicative | tradition | four |
| foreign | purpose | international | base | imply | speaks | skill |

English is called an (a) ____ language. In almost all countries, there are people who can (b)_____English. No other language than English serves the (c)____of a common language through which people can (d)____ with one another across the national border. We should learn English for a great (e)_____of purposes. English is a skill-(f)_____ subject. We should therefore learn the (g) _____ skills of listening, speaking, reading and writing. The communicative approach to learning English does not (h)_____ one to know or learn definitions of grammar (i)_____. Traditional grammar has little or no place in learning English through the (j)____approach.

**Answer**

(a) international; (b) speak; (c) purpose; (d) communicate; (e) variety;
(f) based; (g) four; (h) require; (i) items; (j) communicative.

**10.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| enable | educated | choice | importance | healthy | food |
| develop | protect | need | education | know | ability |

Education is one of the basic (a) ____ of a human being. It is (b)____ for the (c) _____ of mind. Many illiterate people do not have any (d)____of health. If they were (e)____, they could live a (f)_____and planned life. (g)____teaches us how to live well. It (h)____us to make the right (i)____ in life. It enhances our (j)___to face our everyday problems.

**Answer**

(a) needs; (b) important; (c) development; (d) knowledge; (e) educated;
(f) healthy; (g) Education; (h) enables; (i) choice/choices; (j) ability.

**11.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| read | use | tips | see | dots | print |
| although | touch | develop | bear | way | call |

(a) _____ blind people cannot (b) _____, their sense of (c)_____becomes far more (d) _____ than that of most sighted people. This ability was put to use by a brilliant man (e) _____ Louis Braille. In the early 19th century, he invented a (f) _____ of writing which (g) _____ his name. The Braille system reproduces the letters of the alphabet by a series of (h) _____ in certain positions, which are raised on the paper. The blind person runs the (i) _____of his fingers across the pages of the Braille book and can work out the letters and numbers (j)_____there.

**Answer**

(a) Although; (b) see; (c) touch; (d) developed; (e) called
f) way; (g) bears; (h) dots; (i) tips; (j) printed.

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| spend | commit | when | unbearable | nature | earn | gender |
| world | depend | suicide | married | very | cost | because |

It is very (a)_____ that man loves his life more than most of all things and he wants to live or survive a bit longer at any (b)___. However, every year thousands of people (c)___ suicide in Bangladesh. It is seen that most of the people committing suicide are those (d)___ women who (e)___ on their husbands for their living. But why do they commit suicide when people love their lives most? Most probably, they decide to kill themselves (f)____ they feel entirely helpless and meaningless to live. The bitterness and sufferings of life become totally (g)____. However, the incident of suicide among the self-reliant women is (h)____ rare. So, can't we say that the unfortunate women would not have committed (i)____ if they had been self-reliant and had an independent way of (j)____ their livelihood without being dependent on their husbands?

**Answer**

(a) natural; (b) cost; (c) commit; (d) married; (e) depend; (f) when/because; (g) unbearable; (h) very; (i) suicide; (j) earning.

# Chapter # 06

# বাংলা অর্থ বুঝে Cloze test উইদাউট্ ক্লু্য্ সমাধান

**01. Fill in the blanks with an appropriate word in each gap.**

UNICEF originally (a) _______ for the United Nations International Children's Emergency Fund. But now it is the United Nations Children's Fund which (b) _______ long-tern help to children of developing nations. It (c) _______ several welfare projects in Bangladesh. It has established numerous maternity and childcare centers around the country to (d)_______ the health of babies and childbearing mothers. It has helped Bangladesh get rid of (e) _______ childhood diseases. It has (f) _______ training programmes to create rural health workers. Thus, this organization has been able to (g) _______ infant mortality rates in Bangladesh. Above all, in times of natural disasters, it undertakes (h) _______ work to help the distressed people. To (i) _______ education, UNICEF distributes reading and writing materials among students, trains teachers and (j) _______ primary education particularly among girls.

### শব্দের অর্থ ও উচ্চারণ

| | | |
|---|---|---|
| **Originally** | (অরিজিন্যালী) | : শুরুতে । |
| **Developing** | (ডেভেলপিং) | : উন্নয়নশীল । |
| **Welfare** | (ওয়েল্‌ফেআর্) | : কল্যাণমূলক । |
| **Establish** | (য়েস্‌টাব্‌লিশ্) | : প্রতিষ্ঠা করা । |
| **Get rid of** | (গেট্ রিড্ অফ্) xyz | : *xyz* থেকে মুক্ত হওয়া । |
| **Infant** | (ইন্‌ফ্যান্ট্) | : শিশু । |
| **Undertake** | (আন্ডার্‌টেইক্) | : শুরু করা । |
| **Childbearing** | | : সন্তানধারণ । |
| **Distressed** | (ডিস্‌ট্রেস্‌ড্) | : দুর্দশাগ্রস্ত । |

মুখস্থ
না করে
একটানা
পড়ে
যাও।

## (a)-gap-যুক্ত বাক্যের ব্যাখ্যা

UNICEF originally (a) ________ for the United Nations International Children's Emergency Fund.

### সমাধান

প্রদত্ত প্রশ্নের বাক্যের gap-এ কী হতে পারে একটু চিন্তা করো তো? gap-এর পরই রয়েছে *for*। আর *for*-এর পর আছে: *the United Nations International Children*। ইংরেজিতে *stand for* বলে একটা phrase বা শব্দগুচ্ছ আছে, যার অর্থ "বোঝায়"। যেমনঃ UN *stands for* United Nations (UN দ্বারা বোঝায় United Nations বা জাতিসংঘ)। প্রশ্নে শুরুতে বা প্রথমদিকে UNICEF দ্বারা যা বুঝানো হতো সেটির কথা বলা হয়েছে। অর্থাৎ অতীতের কথা বলা হয়েছে বলে *stand for* না হয়ে *stood* for হবে। ∴ প্রদত্ত প্রশ্নের gap-এ *stood for* খাপ খায়।

∴ উত্তর হবে **stood for**।

**পুরো বাক্য** UNICEF originally (a) **stood** for the United Nations International Children's Emergency Fund.

### পুরো বাক্যের অর্থ

শুরুতে ইউনিসেফ বলতে বুঝাতো

United Nations International Children's Emergency Fund।

### একই ধরনের বাক্য

০১. **UN stands** for the United Nations

০২. **BBC stands** for the British Broadcasting Corporation.

**অর্থ** বিবিসি বলতে ব্রিটিশ ব্রডকাস্টিং কর্পোরেশনকে বুঝায়।

## (b)-এর বাক্যের ব্যাখ্যা

But now it is the United Nations Children’s Fund which (b)____ long-term help to children of developing nations.

**বাক্যের অর্থ** কিন্তু বর্তমানে এটি (UNICEF) দ্বারা বুঝায় United Nations Children’s Fund যেটি (b) _____ দীর্ঘমেয়াদি সাহায্য উন্নয়নশীল দেশের শিশুদেরকে।

### সমাধান

(b)-এর gap-এ *which*-এর পর provides / renders / gives বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়। *which*-এর আগে রয়েছে *Fund* যা provide বা প্রদান করে *long-term help*....। Fund শব্দটি হলো একটা জিনিস; তাই *provide* না হয়ে হবে provide**S**।

অথবা *gives* কিংবা *renders* উত্তর হতে পারে।

∴ (b)-এর উত্তর হবে provides।

**নিচের পুরো বাক্যটি মন দিয়ে পড়ো**

**পুরো বাক্য** But now it is the United Nations Children’s Fund which (b) provides long-term help to children of developing nations.

**পুরো বাক্যের অর্থ** কিন্তু বর্তমানে এটা বলতে United Nations Children’s Fund-কে বুঝায় যা উন্নয়নশীল দেশের শিশুদের দীর্ঘমেয়াদি সাহায্য প্রদান করে।

**শব্দের ব্যাখ্যা** provide children with long-term help.

= provide long-term help to children = শিশুদের দীর্ঘমেয়াদি সাহায্য প্রদান করা।

### Similar বাক্য

১. The UNICEF provides schools with free computers
= The UNICEF provides free computers to schools.

**অর্থ** ইউনিসেফ স্কুলে বিনামূল্যে কম্পিউটার প্রদান করে।

২. *As Sunnah Trust* provides the poor with winter cloth.
= *As Sunnah Trust* provides winter cloth to the poor.

**অর্থ** আস সুন্নাহ ট্রাস্ট গরিবদের শীতবস্ত্র প্রদান করে।

## (c) নং বাক্যের ব্যাখ্যা

It (c) ______ $\underbrace{\text{several welfare projects}}$ $\underbrace{\text{in Bangladesh.}}$

**অর্থ** এটা (c) ______ কতকগুলি কল্যাণমূলক প্রকল্প বাংলাদেশে।

**শব্দের অর্থ** **several** : কতগুলি। **welfare** : কল্যাণ।

**project** : প্রকল্প। It বুঝাচ্ছে UNICEF।

## সমাধান

প্রদত্ত প্রশ্নের gap-এ has / have (আছে / থাকা) শব্দটি বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়।

It has = এটার আছে।

**Note** ***It* অর্থ ইহা বা এটা, তার মানে, একটা জিনিস। তাই *it have* না হয়ে *it* *has* হবে।**

∴ (c)-এর উত্তর হবে: *has*।

(c)-তে has ছাড়াও, *runs* (অর্থ পরিচালনা করা) বসালেও হবে।

**পুরো বাক্য** It ***has*** several welfare projects in Bangladesh.

**অর্থ** এটির অর্থাৎ UNICEF-এর রয়েছে কিছু কল্যাণমূলক প্রকল্প বাংলাদেশে।

## একই ধরনের বাক্য

(১) *Save the Children* has several humanitarian projects in Bangladesh.

**অর্থ** সেভ দ্যা চিলড্রেনের বাংলাদেশে কতগুলি মানবকল্যাণমূলক প্রকল্প রয়েছে।

(২) UN has varied development and welfare programmes in Bangladesh.

**অর্থ** জাতিসংঘের বিভিন্ন ধরণের উন্নয়নমূলক এবং মানব কল্যাণমূলক কর্মসূচি রয়েছে বাংলাদেশে।

## (d)-এর ব্যাখ্যা

| | It | has established | numerous | maternity | and childcare | centers |
|---|---|---|---|---|---|---|
| অর্থ | এটা | প্রতিষ্ঠা করেছে | অনেক | মাতৃত্ব | এবং শিশু সেবা | প্রতিষ্ঠান |

| around the country to, | (d) ____ | the health of babies and | childbearing mothers. |
|---|---|---|---|
| দেশ জুড়ে | | শিশুর স্বাস্থ্য এবং | সন্তান ধারণকারী মায়েদের। |

## সমাধান

UNICEF দেশ জুড়ে অনেক শিশু সেবা প্রতিষ্ঠান গঠন করেছে। কেন করেছে?

to *improve* (উন্নত করার জন্য)। কিসের উন্নয়নের জন্য?
তার পরে রয়েছেঃ *the health of babies....* । তার মানে, শিশুর স্বাস্থ্যের উন্নয়নের জন্য।

তার মানে, শিশু এবং গর্ভধারিণী মায়েদের স্বাস্থ্যের উন্নয়নের জন্য UNICEF দেশজুড়ে *maternity* এবং *childcare* কেন্দ্র প্রতিষ্ঠা করেছে। অর্থাৎ, (d)-এর gap-এ উপরে উল্লেখিত *improve* বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়। ∴ (d)-এর উত্তর হবেঃ *improve*।

**পুরো বাক্য**

It has established numerous maternity and childcare centers around the country to ***improve*** the health of babies and childbearing mothers. (এটা (*UNICEF*) শিশু এবং সন্তান ধারণকারী মায়েদের স্বাস্থ্যের উন্নয়নের জন্য দেশব্যাপী অনেক মাতৃত্ব এবং শিশু সেবা কেন্দ্র প্রতিষ্ঠা করেছে।)

## (f)-এর ব্যাখ্যা

| | It | has (f)_____ | training programmes | to create | rural health workers. |
|---|---|---|---|---|---|
| অর্থ | এটা | (f)_____ | প্রশিক্ষণ কার্যক্রম | সৃষ্টি করাতে | গ্রাম্য স্বাস্থ্য কর্মীদের। |

**সমাধান** প্রদত্ত প্রশ্নের বাক্যের gap-এ *arrange / organize* বসালে খাপ খায়।

এখানে *has arrang**ed*** বা *has organized* হবে, যার অর্থ আয়োজন করেছে।
∴ (f)-এ উত্তর হবে *arranged / organized*।

**পুরো বাক্য** It has arranged training programmes to create rural health workers.

**অর্থ** এটা বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করেছে গ্রামীন স্বাস্থ্য কর্মী সৃষ্টি করার লক্ষ্যে ।

## (e)-এর ব্যাখ্যা

| | It has helped | Bangladesh | get rid of | (e) ____ | childhood disease. |
|---|---|---|---|---|---|
| **অর্থ** | এটা সাহায্য করেছে | বাংলাদেশ | মুক্ত করতে | | শিশুকালীন রোগ। |

## সমাধান

প্রদত্ত বাক্যের gap-এ contagious / fatal / complex শব্দ বসালে বাক্যটি অর্থপূর্ণ ও সঠিক হয়।

cont*a*gious (খন্‌ঠেই্‌যাস্‌) / *fatal* disease অর্থ সংক্রামক / প্রাণঘাতি রোগ।

∴ (e)-এর gap-এ উত্তর দেয়া যাক: fatal।

**পুরো বাক্য** It has helped Bangladesh get rid of fatal childhood disease.

**সাবলীল অর্থ** শৈশবকালীন প্রাণঘাতি রোগ থেকে মুক্ত করতে বাংলাদেশকে সাহায্য করেছে এটা।

**নিচের sentence-গুলো দেখে দেখে কমপক্ষে একবার করে লিখো।**

## একই ধরনের আরো বাক্য

১. *Transparency International* is helping the nation get rid of corruption.

**অর্থ** ট্রান্সপেরেন্সি ইন্টারন্যাশনাল দেশকে সাহায্য করছে দুর্নীতি মুক্ত হতে ।

২. The doctor has helped the man well get rid of cancer

**অর্থ** ডাক্তারটি লোকটিকে ক্যান্সার থেকে মুক্ত হতে যথেষ্ট সাহায্য করেছেন।

৩. The teacher has helped the smoker get rid of smoking.

**অর্থ** শিক্ষক সাহায্য করেছেন ধূমপায়ীকে ধূমপান ছেড়ে দিতে ।

## (g)-এর ব্যাখ্যা

$$\text{অর্থ}\quad \underset{\substack{\downarrow\\ \text{এভাবে}}}{\text{Thus,}}\ \underbrace{\text{this organization}}_{\text{এই প্রতিষ্ঠান}}\ \underbrace{\text{has been able to}}_{\text{সক্ষম হয়েছে}}\ \text{(g) \_\_\_\_\_\_\_\_}$$

$$\underbrace{\text{infant mortality rates}}_{\text{শিশু মৃত্যুর হার}}\quad \underbrace{\text{in Bangladesh.}}_{\text{বাংলাদেশে}}$$

## সমাধান

প্রদত্ত প্রশ্নের বাক্যের (g) gap-এ lessen / reduce / minimize শব্দগুলো বসালে বাক্যটি অর্থপূর্ণ ও সঠিক হয়। *lessen* (লেসেন্) / *reduce* (রিডিউস্) infant *mortality rate* = শিশু মৃত্যুর হার কমানো। **যে কোন একটি উত্তর দিলেই হয়।** ∴ (g)-এর উত্তর হবে: **lessen**।

### পুরো বাক্য

Thus, this organization has been able to (g) lessen infant mortality rates in Bangladesh.

### সাবলীল অর্থ

এভাবে এই প্রতিষ্ঠান বাংলাদেশে সক্ষম হয়েছে কমাতে শিশু মৃত্যুর হার।

### Similar বাক্য

Thus, UNICEF has been able to reduce illiteracy rates in Bangladesh.

অর্থ এভাবে ইউনিসেফ সক্ষম হয়েছে বাংলাদেশে নিরক্ষরতার হার কমাতে।

### এই sentence-টা দেখে দেখে নিচে লিখো

Thus

## (h)-এর ব্যাখ্যা

$\underbrace{\text{Above all,}}_{\text{সর্বোপরি,}}\ \underbrace{\text{in times of natural disasters,}}_{\text{প্রাকৃতিক দূর্যোগের সময়ে}}\ \underbrace{\text{it undertakes}}_{\text{এটা গ্রহণ}}$

**অর্থ** সর্বোপরি, প্রাকৃতিক দূর্যোগের সময়ে এটা গ্রহণ

(h) _______ $\underbrace{\text{work to help the distressed people.}}_{\text{সাহায্য করতে দুর্দশাগ্রস্ত লোকদের।}}$

## সমাধান

প্রদত্ত প্রশ্নের gap-এ *humanitarian* (হিউম্যানিটেরিআন্ - মানবসেবামূলক) এবং *benevolent* (বেনেভোলেন্ট্ - উপকারী) শব্দটি বসালে বাক্যটি অর্থপূর্ণ ও সঠিক হয়। *humanitarian work* = মানবসেবামূলক কাজ অর্থাৎ জনগণের জীবনমান উন্নয়ন ও দুর্ভোগ কমানো সংশ্লিষ্ট কাজ।

∴ (h)-এর উত্তর হবে: ***humanitarian***।

**পুরো বাক্য** Above all, in times of natural disasters, it undertakes (h) **humanitarian** work to help the distressed people.

**অর্থ** সর্বোপরি, প্রাকৃতিক দূর্যোগের সময় ইহা (UNICEF) দুর্দশাগ্রস্ত লোকদের সাহায্যের জন্য মানবসেবামূলক কর্মকান্ড গ্রহণ করে থাকে।

### Similar আরেকটা বাক্য

Above all, in times war, famine etc. many organizations undertake humanitarian work to help the victims.

**অর্থ** সর্বোপরি, যুদ্ধ, দুর্ভিক্ষ প্রভৃতির সময় অনেক প্রতিষ্ঠান মানবকল্যাণমূলক কর্মকাণ্ড গ্রহণ করে থাকে দুর্দশাগ্রস্ত লোকদের সাহায্যের জন্য।

## (i) ও (j)-এর gap-যুক্ত বাক্য

| | | | | |
|---|---|---|---|---|
| | To (i) _____ | education, | UNICEF | distributes |
| **অর্থ** | (i) _____ | শিক্ষা, | ইউনিসেফ | বন্টন করে |

| | | |
|---|---|---|
| reading and writing materials | among students, | trains teachers and |
| পড়া এবং লিখার উপকরণ | ছাত্র/ছাত্রীদের মধ্যে | প্রশিক্ষণ দেয় শিক্ষকদের এবং |

| | | | |
|---|---|---|---|
| (j)_____ | primary education | particularly, | among girls. |
| | প্রাথমিক শিক্ষা | বিশেষ করে | মেয়েদের মধ্যে |

## সমাধান

বাক্যের শেষ পর্যন্ত পড়লে বুঝা যায় UNICEF ছাত্রদের শিক্ষা উপকরণ দেয়, শিক্ষকদের *training* দেয় *education*-কে বাড়াতে বা বিস্তার করতে। তাই প্রদত্ত প্রশ্নের বাক্যের (i)-এর gap-এ *spread / facilitate / impart* (বিস্তার করা / সহজতর করা / প্রদান করা) এবং (j)-এর gap-এ promotes / encourages (উৎসাহিত করা) শব্দগুলো বসালে বাক্যটি অর্থবোধক হয়। *To spread education* : শিক্ষা বিস্তার করার জন্য। *promote education* : শিক্ষার উন্নয়ন ঘটানো।

∴ (i)-এর উত্তর হবে *spread* এবং (j)-এর উত্তর হবে ***promotes***।

## পুরো বাক্য

To ***spread*** education, UNICEF distributes reading and writing materials among students, trains teachers and ***promotes*** primary education particularly among girls. (= শিক্ষা **প্রসারের** জন্য ইউনিসেফ ছাত্র-ছাত্রীদের মাঝে লেখা-পড়ার উপকরণ বন্টন করে, শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করে এবং বিশেষ করে মেয়েদের মধ্যে প্রাইমারী শিক্ষার উন্নয়ন ঘটায়।)

{ " ভার্সিটি ভর্তি পরীক্ষায় *extrovert* এবং *introvert* আসার মতো। " }

**02. Fill in the blanks with an appropriate word in each gap.**

Introverts and extroverts (a) _____ two kinds of men (b) _____ in the society. An introvert is quite (c) _____ to an extrovert. Without (d) _____ extrovert no man or woman can (e) _____ life in the society. What we have (f) _____ from the (g) _____ of Sohel and Farid gives us the quality of introvert. (h) _____ Farid has done in the bus (i) _____ introvert. Fahima is (j) _____ the extrovert quality.



**শব্দের অর্থ**

| | | |
|---|---|---|
| **introvert** | (ইন্-ট্রো-ভার্ট্) | : অমিশুক; যে শান্ত ও লাজুক প্রকৃতির এবং একাকী থাকতে পছন্দ করে। |
| **extrovert** | (য়েক্স্-ট্রো-ভার্ট্) | : সামাজিক; মিশুক। |
| **quite** | (কোআইট্) | : বেশ। |
| **quality** | (কোয়ালিটি) | ; গুণ বা বৈশিষ্ট্য। |

## Cloze Test সমাধানের সহজ মেথড

সঠিক এবং উপযোগী শব্দ বসিয়ে শুন্যস্থান পূরণ করতে হবে। প্রথম বাক্য পরেই উত্তর বের করা ভুল পদ্ধতি প্রয়োজনে passage-টি একবার পড়ে নিলে passage-টি কী নিয়ে আলোচনা তা জানা যায়। তখন শুন্যস্থানের জন্য word খুঁজে পাওয়া অনেক সহজ মনে হবে! ইংরেজী বাক্যের অর্থ না বুঝলে উত্তর করা কঠিন। ভুল হবার সম্ভাবনা। তাহলে চলুন প্রশ্নে গিয়ে প্রথম থেকে মন দিয়ে পড়ে পড়ে উত্তর করি। প্রথম বাক্যে আছেঃ

### (a) এবং (b)-যুক্ত বাক্যের ব্যাখ্যা

Introverts and extroverts (a) ___ two kinds of men

অর্থ মিশুক এবং অমিশুক প্রকৃতির *(a)*___ দুই ধরণের মানুষ

(b) ___ in the society.

(b) ___ সমাজে।

**শব্দের অর্থ** **Introverts**(ইন্‌ট্রোভার্‌ট্‌স্‌) : সমাজের সবার সাথে মেশার চেয়ে নিজের দিকে বেশি ঝুঁকে যে ব্যক্তিরা অর্থাৎ অমিশুক। **extroverts** (য়েক্স্‌ট্রোভার্‌ট্‌স্‌) : সামাজিক; মিশুক অর্থাৎ খুবই আত্মবিশ্বাসী এবং সবার সাথে মিলে মিশে চলতে ইচ্ছুক যারা।

### সমাধান

প্রদত্ত বাক্যের (a)-এর gap-এ *Introverts* এবং *extroverts*-এর পর verb *are* লাগবে। (b)-এর gap-এ বসবাস করে (*live*) এমন কিছু একটা শব্দ বসবে। আর *...live in the society* মানে সমাজে বসবাস করে।

**who দিয়ে** এখানে ***who*** উহ্য আছে।

men **who live** in the society

= men **living** in the society.

বুঝো ভালো করে

∴ **(a)**-এর উত্তর হবেঃ ***are***। আর **(b)**-এর উত্তর হবেঃ ***living***.

**পুরা বাক্য** Introverts and extroverts are two kinds of men living in the society.

**সাবলীল অর্থ** মিশুক এবং অমিশুক হলো দুই ধরনের মানুষ যারা বাস করে সমাজে।

## (c) নং বাক্যের ব্যাখ্যা

*An introvert* *is quite* (c) ________ *to an extrovert.*

**অর্থ** একজন অমিশুক হলো অনেক (c) ________ একজন *extrovert*-এর থেকে।

**শব্দের অর্থ** **quite** (কোআইট্) : অনেক।

**সমাধান** *introvert*-রা *extrovert*-দের চেয়ে নিশ্চয়ই অন্য রকম বা বিপরীত।

**opposite to something** : কোনো কিছুর বিপরীত।

**(c)**-এর gap-এ ***opposite*** শব্দটি বসালে বাক্যটি সঠিক হয়। ∴ উত্তর হবে: *opposite*।

**পূর্ণ বাক্য** An introvert **is quite opposite to** an extrovert.

**পূর্ণ বাক্যের অর্থ** একজন *introvert* একজন *extrovert*-এর সম্পূর্ণ বিপরীত।

## একই ধরনের আরো বাক্য

(১) Abahoni Krira Chokro **is quite opposite to** Mohamedan Sportings Club.

**অর্থ** আবাহনী ক্রীড়া চক্র হলো মোহামেডান স্পোর্টিংস ক্লাবের সম্পূর্ণ বিপরীত।

(২) Black color **is quite opposite to** white color.

(৩) They **are quite similar to** each other in appearance.

**অর্থ** তারা অনেকটা একই রকম পরস্পর দেখতে।

## (d) নং এবং (e)-যুক্ত বাক্যের ব্যাখ্যা

*Without* (d) _____ *extrovert,* *no man or woman can*

**অর্থ** ছাড়া (d) _____ *extrovert,* কোন পুরুষ বা মহিলা পারে না

(e) _____ *life* *in the society.*

(e) _____ জীবন সমাজে।

**শব্দগুচ্ছের অর্থ** **lead life** = জীবন যাপন করা। **become** = হওয়া।

**সমাধান** *without becoming extrovert* = *extrovert* হওয়া ছাড়া।

∴ **(d)**-এর উত্তর হবে: ***becoming***। আর (e)-এর ***lead***।

### পুরো বাক্য

Without becoming extrovert, no man
or woman can lead life in the society.

**অর্থ** *extrovert* হওয়া ছাড়া কোন পুরুষ বা মহিলা সমাজে জীবন যাপন করতে পারে না।

**খেয়াল করো**

*without*-এর পর verb-এর সাথে *ing* যুক্ত হয়।

আর *can / could, may / might, will / would* ইত্যাদির পর

মূল verb শব্দটি হয়।

যেমন: *can leads* না হয়ে *can lead* হয়েছে।

### Similar বাক্য

Without becoming social, no man or woman can lead life in the society.

**অর্থ** সামাজিক হওয়া ছাড়া, সমাজে কোন পুরুষ বা মহিলা জীবন-যাপন করতে পারে না।

## (f) এবং (g) নং প্রশ্নের ব্যাখ্যা

*What we have* (f) _____ *from the* (g) _________

**অর্থ** আমাদের যা আছে (f) _____ থেকে (g) _________

*of Sohel and Farid* *gives us* *the quality of introvert.*

*Sohel* এবং *Farid*-এর প্রদান করে *introvert*-এর বৈশিষ্ট্য

**Note:** একজনের জীবন মানে সোহেলের জীবন = *life of Sohel*। আর, তার বেশি বুঝাতে *lives of X and Y*।

## শব্দগুচ্ছের অর্থ

**learn** মানে শেখা। আর **we have learnt from something** = কোন কিছু আমরা হতে কিছু শিখেছি। **life** অর্থ জীবন। আর **from the lives of Sohel and Farid** মানে *Sohel* এবং *Farid*-এর জীবন থেকে।

## সমাধান

আমরা যা শিখতে পেরেছি সোহেল ও ফরিদের জীবনী থেকে, তা আমাদেরকে দেয় *introvert*-এর বৈশিষ্ট্য। **(f)**-তে *learnt* এবং **(g)**-তে *lives* শব্দদ্বয় খাপ খায়।

∴ (f)-এর উত্তর *learnt* এবং (g)-এর উত্তর *lives* হবে।

## পুরা বাক্য

*What we have* (f) *learnt from the* (g) *lives of Sohel and Farid gives us the quality of introvert.* (সোহেল এবং ফরিদের জীবন থেকে আমরা যা কিছু শিখেছি, তা মিশুক চরিত্রের বৈশিষ্ট্য প্রদান করে।)

**Note**

*have / has, had, shall have / will have* ইত্যাদির পর *learn* শব্দটি *learnt* এবং *burn* শব্দটি *burnt* হয়ে যায়।

### (h) এবং (i) নং প্রশ্নের ব্যাখ্যা

**(h)** _____ *Farid has done in the bus* **(i)** ________ *introvert.*

অর্থ (h) _____ ফরিদ করেছে বাসটিতে (i) ________ ইনট্রোভারট্।

**সমাধান**

*What Farid has done.....* মানে যেটা ফরিদ করেছে।
তাহলে **(h)**-এর উত্তর হবেঃ ***What***। অর্থবোধক বাক্য তৈরীতে
*What*-এর পর *am / is / are / was / were* লাগবে।
এখানে *What* মানে যেহেতু ১টি ব্যাপার, তাই *are* না বসে ***is*** বসবে।
has done অর্থ হলো ঘটেছে।
তাই *was* না বসে, ***is*** বসবে। তাহলে (i)-এর উত্তর হবে: ***is***।

পুরা বাক্য (h) ***What*** *Farid has done in the bus* (i) **is** *introvert.*

পূর্ণ বাক্যের অর্থ ফরিদ বাসটিতে যা করেছে তা হলো *introvert*।

### (j)-যুক্ত প্রশ্নের ব্যাখ্যা

*Fahima is* (j) ________ *the extrovert quality.*

অর্থ ফাহিমা হয় (j)________ মিশুক গুণ।

সমাধান *is representing* (অর্থ প্রতিনিধিত্ব করছে) শব্দটি gap-এ খাপ খায়।

∴ **(g)**-এর উত্তর হবে: ***representing***।

**Note :** gap-এর আগে is থাকাতে, (is) represent**ing** হলো।

পুরা বাক্য *Fahima is* (j) ***representing*** *the extrovert quality.*

পূর্ণ বাক্যের অর্থ ফাহিমা *extrovert*-র বৈশিষ্ট্য প্রতিনিধিত্ব করছে।

### Similar বাক্য

১. Sabina is **expressing** the extrovert quality. (সাবিনা *extrovert*-র বৈশিষ্ট্য প্রকাশ করছে।)
২. Fahad is **showing** the extrovert quality. (ফাহাদ *extrovert*-র বৈশিষ্ট্য প্রকাশ করছে।)

## 03. Fill in the blanks with an appropriate word in each gap.

Today terrorism is a global (a) _______stealing the headlines of the dailies. Through terrorism, terrorists are trying to create fear and (b)_______among people to gain their (c)_______ends or the ends of the organization to which they belong. There are two (d)_______of terrorists, criminal and political. Criminal terrorists try to gain their own ends through kidnappings, riots etc. So-called political terrorists are much more (e)_______. They are (f) _______and well-trained. They take the senseless opportunity to (g)_______ people and governments. Hijacking of aero planes, sabotage, murder of eminent public men shooting down innocent people, indiscriminate use of bombs and explosives are the various(h) _______used by the political terrorists to gain their (i)_______. After the end of Second World War, terrorism (j) _______up in different countries.

### শব্দের অর্থ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **steal** | (স্টীল্) | : চুরি করা । | **ends** | (য়েন্ড্স্) | : উদ্দেশ্য/ লক্ষ্য । |
| **eminent** | (য়েমিনেন্ট্) | : বিখ্যাত । | **senseless** | (সেন্স্লেস্) | : নির্দয় । |
| **terrorism** | (টেরোরিঝ্ম্) | : সন্ত্রাসবাদ । | **indiscriminate** | (ইন্ডিস্ক্রিমিনেইট্) | : নির্বিচার । |
| **sabotage** | (সাবোটেজ্) | : ব্যাপক ক্ষতি করা । | **explosive** | (য়েক্স্প্লোসিভ্) | : বিস্ফোরক পদার্থ । |
| **riot** | (রায়ট্) | : দাঙ্গা । | **terrorist** | (টেরোরিস্ট্) | : সন্ত্রাসী । |
| **so-called** | (সো-কল্ড্) | : তথাকথিত । | | | |

### বাংলা অর্থ দিয়ে সমাধান

প্রতিটি বাংলা ব্যাখ্যা
বুঝে পড়ো;
বুঝে পড়লে
শেখা বেশি হবে।

**(a)-যুক্ত বাক্যের ব্যাখ্যা**

*Today terrorism is a global* (a) _______.

**পূর্ণ বাক্যের অর্থ** বর্তমানে সন্ত্রাসবাদ একটি বৈশ্বিক (a)_____ ।)

অধিকাংশ ছাত্র-ছাত্রী এই পর্যন্ত পড়েই উত্তর করার জন্য ব্যস্ত হয়ে পড়ে।
কিন্তু (a)-এর সঠিক **Answer** বের করতে হলে
বাক্যের পরের অংশটুকুও পড়া জরুরী।
তার পর যদি **Answer** করতে না পারা যায়,
তবে **Passage**-এর বাকি **sentence**-গুলোও পড়ে যেতে হবে।
পড়ার সময় যেটি পারা যাবে
সেটির উত্তর প্রশ্নের **gap**-এ লিখে রাখতে হবে।
এভাবে একবার পড়া হয়ে গেলে,
**Passage**-টি কী নিয়ে, তা স্পষ্ট বুঝা যাবে।
তারপর প্রথম থেকে একটি একটি বাক্য করে
সমাধান করলে সহজ মনে হবে।

১ম প্রশ্নের বাকী অংশ হচ্ছেঃ *stealing the headlines of the dailies.*

**শব্দের অর্থ** এখানে *steal* মানে চুরি করা নয়, এখানে *steal* মানে অবস্থান / জায়গা দখল করে নেয়া।
পুরো বাক্যটি হলো :

*Today terrorism* is *a global* (a) _____ *stealing(= which is stealing)*

**অর্থ** বর্তমানে সন্ত্রাসবাদ একটি বৈশ্বিক (a) _____ যেটা দখল করছে

*the headlines of the dailies.*

দৈনিক পত্রিকাগুলোর শিরোনাম।

**শব্দের অর্থ** **issue**(ইস্যু) : বিষয় / সমস্যা। **a global issue :** বিশ্বসংক্রান্ত / বৈশ্বিক ব্যাপার / সমস্যা।

**সমাধান** (**a**)-এর gap-এ *issue / problem* ইত্যাদি শব্দ খাপ খাচ্ছে। ∴ উত্তর *issue / problem*।

**পুরো বাক্য** Today terrorism is a global issue stealing *the headlines of the dailies.*

**পুরো বাক্যের অর্থ** বর্তমানে সন্ত্রাসবাদ একটি বৈশ্বিক সমস্যা যেটি দৈনিক পত্রিকার শিরোনামে আসছে।

### Similar বাক্য

১. Today food crisis is a global problem stealing *the headlines of the dailies.*
**অর্থ** বর্তমানে খাদ্য সংকট একটি বৈশ্বিক সমস্যা যেটি দৈনিক পত্রিকার শিরোনামে আসছে।

২. Today AIDS is a global subject stealing *the headlines of the daily Newspaper.*
**অর্থ** বর্তমানে এইডস একটি বৈশ্বিক বিষয় যেটি দৈনিক পত্রিকার শিরোনামে আসছে।

## (b) এবং (c) যুক্ত প্রশ্নের ব্যাখ্যা

*Through terrorism,* *terrorists are trying* *to create fear and*
**অর্থ** সন্ত্রাসবাদের মাধ্যমে, সন্ত্রাসীরা চেষ্টা করছে ভয় সৃষ্টি করতে এবং

*(b)*______ *among people* *to gain their* (c) ______ *ends or*
(b)______ মানুষের মাঝে হাসিলের জন্য তাদের (c) ______ উদ্দেশ্য অথবা

*the ends of the organization to which they belong.*
প্রতিষ্ঠানের উদ্দেশ্যের জন্য যেটাতে তারা অন্তর্ভূক্ত।

**শব্দের অর্থ** **gain** : অর্জন করা; **ends :** উদ্দেশ্য; **belong :** থাকা; আছে এমন।

### ব্যাখ্যা

আমরা জানি, সন্ত্রাসীরা মানুষের মাঝে ভয় এবং আতংক সৃষ্টি করে। তার মানে, *panic / terror* (আতংক) শব্দ এখানে বসানো যায়। আপাততঃ *panic* শব্দটি এখানে বসানো যাক। ∴ (b)-এর উত্তর হতে পারে: *panic* অথবা *terror*।

*bad / evil ends* অর্থ খারাপ উদ্দেশ্য। সন্ত্রাসীদের উদ্দেশ্য নিশ্চয়ই ভাল থাকে না, খারাপ থাকে, কারণ তারা কোন চক্রের দ্বারা *influenced* হয় এবং মানবতাবিরোধী কার্যকলাপ করে থাকে। তাই (c)-এর উত্তর হবে: **bad / evil**।

### পুরা বাক্য

*Through terrorism, terrorists are trying to create fear and (b)* **panic** *among people to gain their* (c) **evil** *ends or the ends of the organization to which they belong.*

### সাবলীল অর্থ

সন্ত্রাসের মাধ্যমে, সন্ত্রাসীরা মানুষের মাঝে ভয় এবং আতংক সৃষ্টি করার চেষ্টা করছে তাদের **হীন** উদ্দেশ্য হাসিল করার জন্য অথবা যেই প্রতিষ্ঠানে তারা *belong* করে সেই প্রতিষ্ঠানের *ends* হাসিল করার জন্য।

## (d) নং প্রশ্নের ব্যাখ্যা

*There are two (d)_______ of terrorists, criminal and political.*

অর্থ *criminal* এবং *political* নামে দুই (d)______ সন্ত্রাসী রয়েছে।

**Tip : Passage + Topic-র ব্যাপারে idea clear হলে, উত্তর বের করা অনেক সহজ।**

সমাধান *two types of terrorists* = দুই ধরণের সন্ত্রাসী।

∴ (**d**)-এর উত্তর হবেঃ **types / kinds.**

## e-নং প্রশ্নের ব্যাখ্যা

So-called political terrorists are much more (e)______.

অর্থ তথাকথিত রাজনৈতিক সন্ত্রাসীরা হলো আরো বেশি (e)______।

### ব্যাখ্যা

তার আগের বাক্যে *Criminal terrorist* সম্পর্কে ব্যাখ্যা আছেঃ ক্রিমিনাল সন্ত্রাসীরা দাঙ্গা, ছিনতাই ইত্যাদির মাধ্যমে নিজেদের উদ্দেশ্য সাধনের চেষ্টা করে। এই বাক্যে *Criminal*-দের চেয়ে *Political*-নামধারী সন্ত্রাসীরা যে দেশের জন্য, মানুষের জন্য, সমাজের জন্য আরো বেশি বিপদজনক বা ভয়ংকর তা বলা হয়েছে। এখানে *dangerous* অথবা *threatening* (থ্রেটেনিং = হুমকি দেয় এমন) অথবা *dreadful* (ড্রেড্‌ফুল্‌ = ভয়ানক খারাপ) এই শব্দগুলোর যে কোনটি বসালেই হবে। আপাততঃ ***dangerous*** শব্দটি (e)-এর উত্তর হিসেবে বেছে নেয়া যাক।

পুরা বাক্য So-called political terrorists are much more (e) *dangerous*.

সাবলীল অর্থ তথাকথিত রাজনৈতিক সন্ত্রাসীরা আরো বেশি বিপদজনক।

**Similar বাক্য**

- So-called leflist leaders are much more threatening.
  অর্থ তথাকথিত রাজনৈতিক নেতারা হলো আরো বেশি হুমকিস্বরূপ।
- So-called leftist leaders are much more harmful for society.
  (তথাকথিত বামপন্থী নেতারা আরো বেশি ক্ষতিকর সমাজের জন্য।)

## (f) নং প্রশ্নের ব্যাখ্যা

*They are* **(f)** _____ *and well-trained.* (তারা হলো (f) _____ ও সু-প্রশিক্ষণ প্রাপ্ত।)

**শব্দের ব্যাখ্যা** এখানে **they** মানে **political terrorist**-রা।
**well-trained** = ভালভাবে প্রশিক্ষণ প্রাপ্ত।

### সমাধান

*and*-এর পর যেহেতু *well-trained* (অর্থাৎ সুপ্রশিক্ষণপ্রাপ্ত) শব্দটি রয়েছে, সেহেতু *and*-এর আগে এরকম কিছু একটা শব্দ বসবে: ***clever*** (চালাক) বা ***experienced*** (দক্ষ / অভিজ্ঞ)।
এখানে **(f)** ***experienced*** শব্দটি বসানো যায়। ∴ উত্তর হলো: *experienced*।

**পুরা বাক্য** *They are* **(f)** ***experienced*** *and well-trained.*
(রাজনৈতিক সন্ত্রাসীরা অভিজ্ঞ এবং সু-প্রশিক্ষণপ্রাপ্ত।)

## (g) নং প্রশ্নের ব্যাখ্যা

*They take the senseless opportunity* (বিবেকহীন সুযোগ) *to* **(g)** _____ *people and governments* (জনগণ ও সরকার).

### সমাধান

*exploit* (য়েক্স্প্লয়েট্) = নিজের স্বার্থে কাজে লাগিয়ে স্বার্থ হাসিল করা। অথবা ***use*** শব্দটিও বসালে উত্তর হয়ে যাবে। তবে *exploit* শব্দটি এখানে বেশি অর্থবোধক। ∴ **(g)**-এর উত্তর হবে: ***exploit.***

## (h) এবং (k) নং প্রশ্নের ব্যাখ্যা

| | **অর্থ** |
|---|---|
| *Hijacking of aeroplanes,* | বিমান ছিনতাই, |
| *sabotage,* | ইচ্ছাপূর্বক ক্ষতিসাধন, |
| *killing of eminent men,* | বিখ্যাত লোকদের হত্যা, |
| *shooting down innocent people,* | নিষ্পাপ মানুষদের গুলি করে মারা, |
| *indiscriminate use of bombs and explosives* | নির্বিচারে বোমাবাজি এবং বিষ্ফোরণ |

$\underbrace{\textit{are the various}}_{\text{বিভিন্ন ধরনের}}$ *(h)*____ $\underbrace{\textit{used by the terrorists to gain their}}_{\text{ব্যবহার করা হয় সন্ত্রাসীদের দ্বারা হাসিল করার জন্য তাদের}}$ *(i)*____.

বিভিন্ন ধরনের (h) ____ ব্যবহার করা হয় সন্ত্রাসীদের দ্বারা হাসিল করার জন্য তাদের (i) ____ ।

### সমাধান

various **means / ways** অর্থ বিভিন্ন উপায়। আর ***gain their ends / purposes / interests*** = তাদের উদ্দেশ্য / স্বার্থ হাসিল করে। ∴ **(h)-এর উত্তর হবে *means* এবং (i)-র *ends***।

### পুরা বাক্য

*Hijacking of aero planes, sabotage, killing of eminent men, shooting down innocent people, indiscriminate use of bombs and explosives are the various* ***(h)*** *means used by the terrorists to gain their (i) ends.* (বিমান ছিনতাই, ইচ্ছাপূর্বক ক্ষতিসাধন, জনপ্রিয় লোকদের হত্যা, নিরীহ মানুষদের মারা, নির্বিচারে বোমাবাজি এবং বিস্ফোরণ ঘটানোর মাধ্যমে সন্ত্রাসীরা তাদের স্বার্থ / লক্ষ্য হাসিল করে।)

### Similar বাক্য

- After the introduction of social media, global terrorism has come up in different nations in a new form. = স্যোশাল মিডিয়ার আর্বিভাবের পর বিভিন্ন দেশে নতুন রূপে সন্ত্রাসবাদ দেখা দিয়েছে।
- After the end of Second World War, independence movement emerged in different nations. = দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিভিন্ন দেশে স্বাধীনতা আন্দোলন দেখা দিয়েছিলো।
- After the end of First World War, food crisis came up in different nations. = প্রথম বিশ্বযুদ্ধ শেষ হওয়ার পর, বিভিন্ন দেশে খাদ্য সংকট দেখা দিয়েছিল।

### (j) নং প্রশ্নের ব্যাখ্যা

*After the end of the Second World War, terrorism (j)_____ up in different countries.*

**সমাধান** বাক্য পড়ে বুঝা যায় শূন্যস্থানে দেখা দেয় বা গজিয়ে উঠে এমন কোন শব্দ বসবে। **come up in XYZ** = দেখা দেয়া / উদ্ভূত হওয়া / গজিয়ে উঠা। বাক্যের অর্থানুসারে এখানেঃ *has come up* হবে। ∴ (j)-এর উত্তর হবেঃ ***has come***।

**পুরা বাক্য** $\underbrace{\textit{After the end of II World War}}_{\text{দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর}}$ $\underbrace{\textit{terrorism}}_{\text{সন্ত্রাসবাদ}}$ *(j)* $\underbrace{\textit{has come up}}_{\text{গজিয়ে উঠেছে}}$

**অর্থ** দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সন্ত্রাসবাদ গজিয়ে উঠেছে

*in different countries.* (বিভিন্ন দেশে)।

**সাবলীল অর্থ** দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সন্ত্রাসবাদ বিভিন্ন দেশে মাথা চাড়া দিয়ে উঠেছে।

**04. Fill in the blanks with an appropriate word in each gap.**

Learning a language is (a) ________ riding a cycle; the most (b) ________ thing (c) ________ any language is communication. You learn to (d) ________effectively by using a language; by doing things with it and by experiencing it. You (e) ________ learn English in the same (f) ________ as one learns to ride a cycle. Do not (g) ________ if people laugh at you (h) ________ you make (i) ______.You can certainly learn (j) ________ mistakes.

### শব্দের অর্থ

**effectively** (ইফেক্‌টিভ্‌লী) : কার্যকরভাবে। **laugh at** (লাফ্ এ্যাট্) *xyz* : xyz-কে উপহাস করা।
**experience** (যেক্স্‌পেরিয়েন্‌স্) : অভিজ্ঞতা লাভ করা। **certainly** (সার্‌টেইন্‌লি) : নিশ্চিতভাবে

### a-যুক্ত বাক্যের ব্যাখ্যা

*Learning a language is (a) ________ riding a cycle.*

**অর্থ** একটি ভাষা শেখা হয় একটি সাইকেলে চালানো শেখার (________)।

### সমাধান

Passage পড়ে যে ধারণা পাওয়া গেল, তাতে দেখা যায়, এখানে ভাষা শিক্ষাকে তুলনা করা হয়েছে সাইকেলে চড়ার সাথে। সুতরাং প্রথম শুন্যস্থানে *like* (মতই) বসালে বাক্যটি সঠিক হবে। সুতরাং (a)-এর উত্তর হবে: ***like***.

### (b) এবং (c)-এর ব্যাখ্যা

তারপর আছে,

*The most (b) ____ thing (c) ____ any language is communication.*

**অর্থ** সবচেয়ে (b)____ জিনিস (c) ____ যে কোন ভাষার হয় যোগাযোগ।

### সমাধান

*the most important / vital thing* মানে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। ∴ (b)-এর উত্তর হবে vital। *about any language* মানে যে কোন ভাষার ব্যাপারে; (c)-তে *of* বসানো হলে কেমন হয়? তাহলে *important thing* কি নিয়ে? *language* নিয়ে, মানে ***about*** *any language*। সুতরাং (c)-এর উত্তর হবে ***about***।

**পুরা বাক্য** The most (b) vital thing (c) **about** any language is communication.

**সাবলীল অর্থ** যে কোনো ভাষার সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনিস হলো যোগাযোগ।

### Similar বাক্য

- The most significant thing about English learning is the understanding of the meaning of big sentences.
  **অর্থ** বড় বড় বাক্যের অর্থ বুঝাই হলো ইংরেজী শিক্ষার সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়।
- The most important thing about learning any language is repetition.
  **অর্থ** যে কোন ভাষা শিক্ষার ব্যাপারে সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনিস হলো পুনরাবৃত্তি।

### (d) এর ব্যাখ্যা

You can learn to (d)______ effectively (সঠিকভাবে) by using a language.

তুমি শিখতে পারবে ভাষার ব্যবহারের দ্বারা।

### সমাধান

ভাষার ব্যবহারের দ্বারা একজন অন্য জনের সাথে ভাব/ কথা বিনিময় করে বা যোগাযোগ করে। তাই (d)-এর gap-এ *communicate* শব্দটি বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়। *to communicate* = যোগাযোগ বা কথার আদান-প্রদান করা। ∴ (d)-এর উত্তর হবে ***communicate***।

### Similar বাক্য

- You can learn to speak English effectively and fluently by using it practically.
  {তুমি ইংরেজি শিখতে পারবে কার্যকরীভাবে এবং সাবলীলভাবে বাস্তবে এটার ব্যবহারের দ্বারা।}

### (e)-এর ব্যাখ্যা

*You* (e)_____ *learn English in the same*
**অর্থ** তুমি (e)_____ *English* শিখতে একই
(f)_____ *as one learns to ride* a cycle.
(f) _____ যেভাবে কেউ শিখে সাইকেল চড়া ।

### সমাধান

এখানে সাইকেলের সাথে তুলনা করার উদ্দেশ্য হল
এটি হল দু'চাকার যান যার *balance* ঠিক করার কাজটা আয়ত্তে আনতে অনেক দিন সময় লেগে যায়।
তদ্রুপ, একটা *language* শিখতেও অনেক ভুল করে করে শিখতে হয়।
**(e)**-তে: *You can* না হয়ে *you may learn* হলে সঠিক হবে, কারণ *cycle* শেখার সাথে তুলনা করে তোমার শেখার সম্ভাবনা বলা হয়েছে। (e)-র উত্তর হবে: *may*।
যেভাবে বা যে উপায়ে কেউ সাইকেলে চড়া শিখে, সেই একই উপায়েই English শেখা মানে
*in the same way* = একইভাবে; *way* = উপায়। ∴ (f)-এ ***way*** বসবে।

### (g)-এর ব্যাখ্যা

*Do not* (g) ___ *if people laugh at you* (h) __ you make a __।

**অর্থ** করো না (g) ____ যদি মানুষ ঠাট্টা করে তোমাকে নিয়ে (h) _____ তুমি করো একটা _____।

### সমাধান

হতাশ হয়ো না বা {শেখা থেকে} থেমে যেয়ো না - এ ধরনের কোন শব্দ প্রথম gap-এ বসানো যাবে। কারণ ভুল দেখলে মানুষ ঠাট্টা-বিদ্রুপ করতেই পারে। *make a mistake* = একটা ভুল করা। *Do not stop* = থেমে যেয়ো না। (g)-এর gap-এ *stop*, (h)-এর gap-এ *when* এবং (i)-এর gap-এ *mistake* বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়।

∴ (g)-র উত্তর : *stop* , (h)-র : *when* এবং
(i)-র " : *mistake*।

**পুরা বাক্য** *Do not stop if people laugh at you when you make* a (i) mistake.

**বাংলা অর্থ** যেয়ো না থেমে যদি লোকে তোমাকে নিয়ে তামাশা করে যখন তুমি একটা ভুল করো।

### (j)-এর ব্যাখ্যা

শেষে আছে, *You can certainly learn* (j) ________ mistakes.

### সমাধান

তুমি অবশ্যই শিখতে পারবে; কিভাবে? ভুল করে করে, মানে *through mistakes* = ভুলের মধ্য দিয়ে বা ভুল করে করে। by হবে না, কারণ **by** *mistake* "ভুলক্রমে"। এজন্য **bymistake** না হয়ে ***through*** *mistake* হবে। তাহলে **(j)**-এর উত্তর হবে: ***through***।

## Answer-গুলো একত্রে লেখা যাক।

*(a) like* *(b) important* *(c) about* *(d) communicate*
*(e) may* *(f) way* *(g) stop* *(h) when*
*(i) mistake* *(j) through.*

**05.** Housing is one of the (a) _____ problems of our (b) _____. Thousands of people in big cities like Dhaka and Chittagong (c) _____on the footpaths. In rural (d) _____ also there is an acute (e) _____ of houses. The cost of construction is (f) _____ everyday. At present it is very (g) _____ for the common people to (h) _____ the (i) _____of construction. This problem needs to be (j) _____ immediately.

### শব্দের অর্থ

| | | | |
|---|---|---|---|
| **Rural** (রুর‍্যাল্) | : গ্রামীন। | **Thousands of people** | : হাজার হাজার মানুষ। |
| **Acute** (অ্যাকিউট্) | : তীব্র। | **At present** | : বর্তমানে। |
| **Like** | : মতো (= As)। | **Immediately** (ইমেডিএট্‌লি) | : শীঘ্রই। |
| **Afford** (অ্যাফোর্‌ড্) | : খরচ বহন করতে পারা। | | |

### (a) এবং (b)-এর ব্যাখ্যা

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | *Housing* | *is one of the* | ***(a)*** ______ | *problems* | *of our* | ***(b)*** ______ . |
| অর্থ | আবাসন | হল অন্যতম | (a) ______ | সমস্যা | আমাদের | (b) ______ । |

### ব্যাখ্যা

উপরের শূন্যস্থানে কী ধরনের শব্দ বসবে, সেটা আরো বুঝার জন্য পরের লাইনটিও পড়া যাক।
প্রশ্নের পরের লাইনে আছে : ঢাকা ও চট্টগ্রাম শহরের মত বড় বড় শহরে....।
তার পরে লাইনে আছে : গ্রামাঞ্চল নিয়ে। সুতরাং b-এর শূন্যস্থানে উত্তর হবে **country**।

এভাবে কয়েকটি লাইন পড়ে জানা গেল *housing* সমস্যাটি এদেশের সমস্যা এবং এটি গুরুত্বপূর্ণ বা বড় ধরনের সমস্যা। *Our country* মানে আমাদের দেশের এবং *big/ major / important problems* = বড় ধরনের সমস্যাবলী। *one of the big problems* মানে, বড় সমস্যাগুলির অন্যতম। তাহলে (a)-তে *big* এবং (b)-তে *country* শব্দ দুটি খাপ খায়। ∴ উত্তর হবে (a) *big* এবং (b) *country*।

শব্দের অর্থ **Housing** (হাউ্ঝিং) : আবাসন; গৃহসংস্থান।

পূর্ণ বাক্য *Housing is one of the **(a)** big / major problems of our **(b)** country.*

পূর্ণ বাক্যের অর্থ আবাসন আমাদের দেশের একটি অন্যতম বড় সমস্যা।

similar বাক্য *Traffic jam* বা *Unemployment* বা *Poverty is one of the big / major problems of our country.*

অর্থ যানযট / বেকারত্ব / দারিদ্রতা হলো আমাদের দেশের একটি অন্যতম বড় সমস্যা।

## (c) নং প্রশ্নের ব্যাখ্যা

*Thousands of people in big (c) ____ like Dhaka and Chittagong*

**অর্থ** হাজার হাজার মানুষ বড় (c) ____ ঢাকা এবং চট্টগ্রামের মত

*dwell on the footpaths.*

বসবাস করে ফুটপাতে।

**শব্দের অর্থ** **dwell** (ডুয়েল) : বাস করা।

**সমাধান** *Big cities* = বড় বড় শহর ।

**Note**

এখানে *city* না হয়ে *cities* হবে
এই কারণে যে,
এর পর কিন্তু একটি নয় ২টি ***city***-র
কথা উল্লেখ আছে।
যেমন: ঢাকা এবং চট্টগ্রাম।

## (e) নং প্রশ্নের ব্যাখ্যা

*In rural (d) _____ also there is an acute (e) _____ of houses.*

**অর্থ** গ্রামে (d) _____ ও রয়েছে তীব্র (e) _____ বাসস্থানের।

### শব্দের অর্থ

**In rural areas** = গ্রামের এলাকাগুলোতে। **acute** (অ্যাকিউট্) - তীব্র ;
**scarcity** (স্কেয়ারসিটি) = ঘাটতি বা অভাব; আর **acute scarcity** = তীব্র সংকট।

**সমাধান** (d)-এর gap-এ *areas* এবং (e)-এর gap-এ *problem / scarcity* বসালে বাক্যটি পূর্ণ হয়। ∴ উত্তর হবে (d) *areas*; (e) *scarcity*।

**পূর্ণ বাক্য** *In rural (d) areas also there is an acute (e) scarcity of houses.*

**পূর্ণ বাক্যের অর্থ** গ্রামাঞ্চলেও রয়েছে বাসস্থানের তীব্র সংকট ।

**Similar** In urban areas also, there is an acute problem of transport.

**অর্থ** শহরাঞ্চলেও রয়েছে যানবাহনের তীব্র সমস্যা।

## (f) নং প্রশ্নের ব্যাখ্যা

*The cost of construction is* (f) _____ *everyday*

**অর্থ** নির্মাণ সামগ্রীর খরচ (f) _____ প্রতিদিন ।

**সমাধান** সর্বত্র *housing* সমস্যা বিদ্যমান বলে নির্মাণ সামগ্রীর দাম যে বাড়ছে তা নিঃসন্দেহে বলা যায়। *is increasing everyday* = দিন দিন বাড়ছে। ∴ **(v)**-উত্তর হবেঃ ***increasing*** ।

**পূর্ণ বাক্য** *The cost of construction is* (f) ***increasing*** *everyday.*

**সাবলীল অর্থ** নির্মাণসামগ্রীর খরচ দিন দিন বাড়ছে।

## (g), (h) এবং (i) নং প্রশ্নের ব্যাখ্যা

*At present, it is very* ***(g)*** ____ *for the common* ***(h)*** ____ *to afford the*

**অর্থ** বর্তমানে, এটা হয় খুব (g) ____ জনসাধারণের (h) ____ বহন করা

*(i)* ____ *of construction.*

(i) ____ নির্মাণের।

### শব্দগুচ্ছের অর্থ

**very difficult :** খুবই কঠিন। **the common people :** সাধারণ মানুষ।
**to afford the cost of construction :** নির্মাণ সামগ্রীর খরচ বহন করতে সমর্থ হওয়া।

### সমাধান

gap-যুক্ত বাক্যটি পুরা পড়ে বুঝা গেলো (i)-এর gap-এ ***expense / cost***, (h)-এর gap-এ **people** এবং (g)-এর gap-এ ***difficult / hard*** শব্দগুলো বসালে প্রদত্ত বাক্যটি অর্থপূর্ণ ও সঠিক হয়। (i)-এর উত্তর *cost,* (h)-এর উত্তর *people* এবং (g)-এর উত্তর *difficult* ।

**পূর্ণ বাক্য** *At present, it is very **(g)** difficult for the common **(h)** people to afford the (i) cost of construction.*

**সাবলীল অর্থ** নির্মাণ সামগ্রীর খরচ বহন করা বর্তমানে সাধারণ মানুষদের জন্য খুবই কষ্টকর।

**Similar বাক্য** At present, it is very **difficult** for the **village people** to **afford** the **expense** of housing.

**ইংরেজি বাক্যের অর্থ বুঝলে**
**rule মুখস্ত করা লাগবে না না, না, না !**
**আর বাক্য না বুঝলে rule মুখস্ত করেও**
**কোনো লাভ হবে না, না, না !**

## (j) নং বাক্যের ব্যাখ্যা

| | | | | |
|---|---|---|---|---|
| | *This problem* | *needs to be* | *(j)* _____ | *immediately.* |
| **অর্থ** | এই সমস্যা | দরকার হওয়া | (i) _____ | শীঘ্রই । |

**সমাধান** *needs to be solved* বা *addressed* মানে সমস্যা সমাধান বা মোকাবেলা করা দরকার। **(i)**-এর gap-এ ***addressed*** বা ***solved*** শব্দটি খাপ খায়। ∴ (i)-এর উত্তর হবে: *solved*।

**পুরা বাক্য** *This problem needs to be (j) solved immediately.*

**সাবলীল অর্থ** এই সমস্যা সমাধান করা দরকার অবিলম্বে।

## একই ধরনের আরো বাক্য

১. The problems of garments industry **need to be tackled** immediately.

**অর্থ** গামেন্টস্ শিল্পের সমস্যাবলী আমাদেরকে অবিলম্বে মোকাবেলা করা দরকার।

২. The issue of unemployment **needs to be discussed** immediately.

**অর্থ** বেকার সমস্যা নিয়ে অবিলম্বে আলোচনা হওয়া দরকার।

৩. The source of terrorism **needs to be eradicated** in no time.

**অর্থ** সন্ত্রাসবাদের উৎস অবিলম্বে নির্মূল করা দরকার।

**Note:** have / has / shall have / must have / had
প্রভৃতির পর solved, come, run, tackled প্রভৃতি ধরণের শব্দ বসে।

# প্রথমে নিজে নিজে চেষ্টা করো

1. **Fill in the blanks with an appropriate word in each gap.** 1 × 10 = 10

Sports are a popular form of (a) ______. Many international (b) ______ events are organized from time to time. Most of these events are (c) ______ by multinational manufacturing companies and business firms. They (d) ____ for the sports events in exchange for the right to (e) ____ their products during those events. These events are (f) ____ worldwide by satellite and people all over the world enjoy them (g) ____. In this way, the sponsors' products (h) ___ maximum media (i) ____, facilitating the companies concerned international (j)_____.

**Answer**

(a) entertainment; (b) sporting / sports; (c) sponsored; (d) pay; (e) advertise; (f) telecast; (g) live / directly; (h) receive / get; (i) coverage; (j) recognition / reputation / familiarity / publicity/ goodwill.

2. Jerry, an (a) ______of twelve lived in the orphanage. The writer hired a cabin (b) ______to the orphanage. Jerry came to the cabin to (c) ______ wood for the writer. He also (d) ______some extra work for the (e) ______of the writer. Once he (f)_______a cubby-hole where he (g)_______ some kindling and medium wood (h)______that the writer might (i)_______dry fire materials ready in (j)______of sudden wet weather.

**Answer** { সাডেন্ = আচমকা }

(a) orphan; (b) adjacent / next / near / close; (c) chop / cut ; (d) did / performed; (e) benefit / comfort / ease / convenience / help / advantage; (f) found / noticed / saw / observed (g) put / stored / kept / placed ; (h) so; (i) get / have (j) case.

3. Bangladesh is a land of (a) _______ . But nowadays the rivers are (b) _______ up. So, (c) _______ is an urgent necessity for our country now. The rivers carry (d) ___ which makes the land (e) _______ to grow crops. Besides, they supply us with plenty of (f) ________ . During the dry season, we (g) ________ river water to the land. At present, the (h) ________ of water causes bad harvest. We can easily (i) ___ the use and utility of the rivers in our life and (j) ________ .

**Answer**

(a) rivers (b) silted / dried (c) irrigation / dredging (d) silt / alluvium (e) fertile (f) fishes / fish (g) irrigate / supply / carry (h) scarcity (i) understand / realize (j) agriculture / cultivation.

4. Banks are often unable or (a) ______ to lend money to the poorer section of society. The Grameen Bank (b) ______ credit to the poor, particularly rural (c) ______ . There are about 800 micro finance (d) ______ in our country. It is estimated that they have (e) ______ employment opportunities for about 54,000 people. A recent (f) ______ indicates that micro-credit programmes had a (g) ______ effect on socio-economic variables (h) ______ children's schooling, nutrition and family (i) ______ and about 5% of programme participants rose above (j) ______ line.

**Answer**

(a) unwilling (b) offers / provides / gives (c) women / people (d) institutions / organizations (e) created (f) study / research / survey / report (g) influential / great / positive (h) including (i) planning (j) poverty

5. E-mail has brought about (a) ______ in modern (b) ______. Messages can be transmitted from one country to another within a few (c) ______. It is far cheaper than telephone calls. Trade and commerce has become greatly (d) ______ on this speedy mode of communication. It has, (e) ______, not reached everyone, specially in (f) ______ countries like ours, as most of the people cannot (g) ______ to have a personal computer. But (h) ______ of the people have started (i) ______ commercially operated e-mail for important (j) ______.

**Answer**

(a) changes / a revolution (b) communication (c) seconds (d) dependent (e) however (f) developing (g) afford (h) some (i) using (j) purpose / reason.

All things that make up the environment are (a) _______. The way in which people, animals and plants are related to each other and to their (b) _______ is known as (c) _______ . The ecosystem is a (d) _______ web that links animals, plants and every other life (e)_______ in the biosphere. All these things (f) _______ together. The system is in a steady state of (g) _______balance which means that by (h) _______any one part of the web you can affect all the other parts. For example, the (i) _______of forests may have serious ecological (j) _______on humans and animals.

**Answer**

(a) Interrelated / interconnected; (b) surroundings / environment ;(c) ecology;
(d) complicated; (e) living (f) stay / live; (g) dynamic; (h) altering / changing;
(i) destruction / loss / cutting down; (j) consequences / effects.

7. Man pollutes water, another vital (a) _______ of the environment by (b) ______ waste into it. Farmers (c) _______ chemical fertilizers and insecticides in their fields. Some of these chemicals washed away by rain and flood, (d) ______ mixed with water in rivers, ponds. Water is also (e)_______ by mills and factories when they throw their (f) ______ chemicals and waste products into rivers and canals. Water vehicles also pollute rivers by dumping oil, food, waste and human (g)_______ into them. Unsanitary latrines (h) _______on river and canal banks are also (i) _______for further pollution. In various (j)______ of waste and filth contaminate water.

**Answer**

(a) element / ingredient / component; (b) throwing / dumping ; (c) use; (d) get /are; (e) polluted / contaminated; (f) poisonous / harmful / toxic / dangerous; (g) waste; (h) built / situated; (i) responsible / accountable / liable; (j) kinds / types.

**08.** If we (a)______ forests and cut (b)______ trees, the effects might eventually (c)______us all. If forests (d)______into deserts, what will (e)______ carbon dioxide? Then the weather pattern (f)______ change and the world will become (g)_______ . This is (h)_______ the greenhouse effect. As a result of this effect, the polar ice-caps will (i)______ and this will cause the flood (j)_______ areas of the globe.

**Answer**

(a) destroy; (b) down; (c) harm / affect / damage / destroy; (d) turn / change; (e) absorb /consume / inhale; (f) will / may; (g) warmer/ hotter; (h) called; (i) melt; (j) coastal / huge.

**09.** UNICEF is an international (a) ______. It runs several welfare (b)______in Bangladesh. It has reduced infant (c)______ rates through raising (d)______ about health and (e)______. It has organized (f)______programmes for (g)______ health workers to (h)______ health help to the rural (i)______. At present, it is trying to (j) ______ primary education particularly among girls.

**Answer**

(a) organization; (b) activities; (c) mortality; (d) awareness / consciousness; (e) nutrition / sanitation; (f) training / several / many / different; (g) creating / rural / its; (h) offer / provide/ensure; (i) people; (j) promote / ensure / develop / spread .

**10.** William Claxton introduced printing into England. His success as a merchant enabled him (a)___ retire early and (b)___ himself to literary pursuits. In 1477, he set up his (c)_____ press and (d)___ nearly a hundred books. A (e)___ of prodigious industry, he translated twenty (f)____ himself. What is more (g)____ him is that he published books in English when most works appeared (h)____ French or Latin. Claxton (i)____ it as his aim to hasten the spread of knowledge by making books (j) ___ to the public in English.

**Answer**

(a) to; (b) devote; (c) printing / own; (d) published / printed: (e) pioneer;
(f) books; (g) to / about; (h) in; (i) took / thought / made; (j) available.

**11.** Computer is one of the latest important and most (a) ______ invention of science. A computer performs three important (b) ______. It receives data, processes data (c) ______ various computations, and emits data. Computer now (d) ______ us in various ways. In a (e) ______ minutes, a computer can perform calculations that trained mathematicians would need years to complete. Now computers are (f) ______ used in agricultural farms. Trains and planes are run by the (g) ______ . (h) ______ results can be accurately given by computer within the shortest span of time. The computer has become very sophisticated and can perform (i) ______ complicated tasks. This is why many people call the computer "an electronic (j) ______ ."

**Answer**

(a) popular / wonderful / necessary / useful; (b) jobs / functions; (c) in /for / of;
(d) helps / serves; (e) few; (f) being / also / greatly / widely; (g) computer;
(h) Examination / Complicated; (i) many / various / different; (j) brain / device.

## CAN (খ্যান্) - পারা

০৯. **প্রশ্ন** **CAN YOU SPEAK ENGLISH ?**
খ্যান্ ইউ স্পীক্ ইংলিশ ?

**প্রশ্নের সাবলীল বাংলা** তুমি কি ইংলিশ বলতে পারো ?

**উত্তর** Yes, I can speak English.
ইয়েস্, আই খ্যান্ স্পীক্ ইংলিশ।

**উত্তরের সাবলীল বাংলা** হ্যাঁ, আমি ইংলিশ বলতে পারি।

১০. **প্রশ্ন** **CAN YOU TOUCH THAT BOOK ?**
খ্যান্ ইউ ঠাচ্ দ্যাট্ বুক্ ?

**প্রশ্নের সাবলীল বাংলা** তুমি কি ঐ বইটা স্পর্শ করতে পার ?

**উত্তর** Yes, I can touch that book.
হ্যাঁ, আমি স্পর্শ করতে পারি ঐ বইটা

**উত্তরের সাবলীল বাংলা** হ্যাঁ, আমি ঐ বইটা স্পর্শ করতে পারি।

১১. **প্রশ্ন** **CAN YOU READ AND WRITE ?**
তুমি কি পারো পড়তে এবং লিখতে ?

**উত্তর** Yes, I can read and write.
ইয়েস্ আই খ্যান্ রীড্ অ্যান্ড রাইট্।
(= হ্যাঁ, আমি লিখতে এবং পড়তে পারি।)

### CAN-এর ব্যবহার

1. can ***run*** = দৌড়াতে পারা
2. can ***read*** = পড়তে পারা
3. can ***talk*** = কথা বলতে পারা
4. can ***see*** = দেখতে পারা
5. can ***write*** = লিখতে পারা
6. can ***draw*** = আঁকতে পারা
7. can ***kick*** = লাথি মারতে পারা
8. can ***enter*** = ঢুকতে পারা

*Can* দিয়ে এই page-এর বাক্যগুলো বুঝাচ্ছে যে, কাজটি করতে পারার সক্ষমতা বা সামর্থ্য। যেমন: *He can read* দিয়ে বুঝানো হলো যে, পড়তে পারার ক্ষমতা তার আছে; অ, আ, ক, খ, গ - সে চিনে।

### Read loudly the following sentences

1. Yes, I can cook rice.
2. Yes, she can break a record.
3. Yes, he can walk 10 miles.
4. Yes, the doctor can come today.
5. We can open and close.
6. We can push and pull.
7. They can punish and reward.
8. Hasem can run and play.

# Chapter # 07

# অর্থ বুঝে বুঝে Rearrange

**01.** *The sentences in the following text are jumbled. Rewrite the sentences in the proper order and in a continuous paragraph to make a story.* (অর্থাৎ, নিচের বাক্যগুলি এলোমেলোভাবে দেয়া আছে। এগুলি ক্রমান্বয়ে এমনভাবে সাজাতে হবে যাতে একটি গল্প হয়।)



চিত্রঃ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর

(i) He was put up in a lodging house under the care of a professional coach, Mr. Scott.
(একজন প্রফেশনাল কোচ মিস্টার স্কটের তত্ত্বাবধানে একটি *lodging* বাসাতে তাকে রাখা হলো।)

(ii) It continued in full swing. (এটা অব্যাহতো ছিলো পুরোদমে।)

(iii) In 1880, Rabindranath was called back to India.
(১৮৮০ সালে রবীন্দ্রনাথকে ডেকে ফেরত আনা হলো ইন্ডিয়াতে।)

(iv) He was awarded the Nobel Prize in 1913 for his Gitanjali.
(তাকে নোবেল পুরস্কার প্রদান করা হয় ১৯১৩ সালে 'গীতাঞ্জলি' কাব্যের জন্য।)

(v) He returned home without any qualifications or distinction.
(তিনি দেশে ফিরলেন কোনো ডিগ্রী অথবা বিশেষ পুরস্কার ছাড়া।)

(vi) He wrote Gitanjali, a collection of Bangla songs of superior quality.
(তিনি উৎকৃষ্ট মানের বাংলা গানের সমাহার গীতাঞ্জলি কাব্য লিখেছিলেন।)

(vii) Rabindranath Tagore was born in 1861 in a respectable family at Jorasako in Kolkata.
(রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৬১ সালে কলকাতার জোড়া সাকোর একটি সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেছিলেন।)

(viii) At the age of seventeen, in 1878 he reached London to attend school.
(স্কুলে হাজির হওয়ার জন্য ১৮৭৮ সালে ১৭ বছর বয়সে তিনি লন্ডনে পৌঁছেছিলেন ।)

(ix) He was the 14th child of Debendranath and Sarada Devi Tagore.
( তিনি ছিলেন দেবেন্দ্রনাথ এবং সারদা দেবী ঠাকুরের ১৪তম সন্তান ।)

(x) He went to school early and wrote his first verse at the age of eight.
( অল্প বয়সেই তিনি স্কুলে গিয়েছিলেন এবং আট বছর বয়সে তিনি তার প্রথম পঙক্তি লিখেছিলেন ।)

(xi) The experience had a lasting effect on his later life.
(অভিজ্ঞতাটি তার পরবর্তী জীবনের উপর একটা স্থায়ী প্রভাব ফেলেছিলো ।)

(xii) There he came in direct touch with English literature and the then politics of the U. K.
(সেখানে তিনি ইংরেজি সাহিত্য এবং তৎকালীন UK-র তখনকার রাজনীতির সরাসরি সংস্পর্শে আসেন ।)

xiii) However, he never gave up his habit of writing poetry.
(কিন্তু, তিনি কখনোই তার কবিতা লেখার অভ্যাস ছেড়ে দেননি ।

iv) He gathered much experience from his stay in London.
(তিনি লন্ডনে অবস্থানকালে প্রচুর অভিজ্ঞতা অর্জন করেছিলেন ।)

## শব্দের অর্থ

| | | |
|---|---|---|
| **give up xyz** | (গিভ্ আপ্) | : xyz-কে একেবারে ছেড়ে দেয়া । |
| **call back** | (কল ব্যাক্) | : ডেকে ফেরত আনা । |
| **award** | (অ্যাওয়ারড্) | : পুরস্কার দেয়া । |
| **lasting** | (লাস্‌টিং) | : টেকসই । |
| **effect** | (য়েফেক্ট্) | : প্রভাব । |
| **the then** | (দা দেন) | : তৎকালীন । |
| **verse** | (ভারস্) | : পঙ্ক্তি । |
| **stay** | (স্টেই্) | : থাকা । |
| **put up** | (পুট আপ্) | : কোথাও থাকা । |
| **lodging house** | (লজিং হাউস) | : থাকার বাড়ি । |
| **in full swing** | (ইন্ ফুল্ সুয়িং) | : পুরোদমে । |
| **respectable** | (রেস্‌পেক্‌ঠেই্বল্) | : সম্মানযোগ্য; সম্ভ্রান্ত । |
| **distinction** | (ডিস্‌টিঙ্ক্‌শন্) | : পরীক্ষায় ভাল রেজাল্ট করার কারণে প্রদত্ত বিশেষ পুরষ্কার বা সম্মান । |

**পরের পৃষ্ঠা থেকে ব্যাখ্যাটা মন দিয়ে পড়ো !**

**মাত্র একবার পড়ো এই ব্যাখ্যাটা**

## পরীক্ষার হলে এই প্রশ্ন কিভাবে করতে হয়, তা হাতে-কলমে **solve** করে দেখানো হচ্ছে

### প্রথম বাক্য বের করা

প্রথমে প্রশ্নের (i) নং বাক্যটা পড়া যাক; এতে লেখা আছেঃ (i) He was.........

**সমাধান** বাক্যটির বাকিটা আর পড়বো না। কেননা, বাক্যের শুরুতে **He** থাকাতে এই বাক্যটা কোনো গল্পের প্রথম বাক্য হতে পারে না, যেহেতু প্রথম বাক্যে **He** বললে He-টা কে, তা তো তার আগের বাক্যে থাকতে হবে।

∴ **[(i) নং বাক্যটি গল্পের প্রথম বাক্য নয়।]**

(ii) নং পড়া যাক। এতে লিখা আছে- It continued..... (এটা অব্যাহত ছিলো........)

**সমাধান** *It continued*-এর পরের শব্দগুলো পড়ার আর দরকার নেই। কেননা "ইহা" বা "এটা" বলতে কাকে বুঝানো হলো, তা এই বাক্যের আগে থাকতে হবে।

∴ **(ii)-নংও গল্পের প্রথম বাক্য নয়।**

**এখন (iii)-নং বাক্যটি পড়া যাকঃ** In 1880, Rabindnath was called back to India.
(১৮৮০ সালে রবীন্দ্রনাথকে ইন্ডিয়াতে ডেকে ফেরত আনা হলো।)

**সমাধান** কোন গল্পের প্রথম বাক্য এটা হতে পারে না, কেননা "...... ডেকে ফেরত আনার" আগে নিশ্চয়ই সেখানে যাওয়ার কথা বা থাকার বর্ণনা থাকবে।

∴ **(iii) নং বাক্যটিও বাদ।**

**এবার (iv)-নং বাক্যটি পড়া যাকঃ** He was awarded..... (তাকে পুরস্কৃত করা হয়েছিল.....)

**সমাধান** এই বাক্যের শুরুতে He থাকাতে এটি গল্পের প্রথম বাক্য হবে না।

**তাহলে চলুন (v)-নং বাক্যটি পড়িঃ** He returned (তিনি ফিরলেন...............)

**ব্যাখ্যা** *He returned*-এর পর বাকিটা আর পড়ার দরকার নেই। কেননা, বাক্যের শুরুতে He থাকাতে এটা গল্পের প্রথম বাক্য নয়।

**পরের (vi)-নং পড়া যাকঃ** He wrote.......... (তিনি লিখেছিলেন........)

**সমাধান** এই বাক্যের বাকিটা পড়ে এখন সময় নষ্ট করবো না, কেননা, এতেও শুরুতেই **He** থাকাতে এটা গল্পের প্রথম বাক্য নয়।

**(vii) নং বাকটি পড়া যাক :** Rabindranath Tagore was born in 1861 in a respectable family at Jorashako in Kolkata. (রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৬১ সালে কলকাতার জোড়া সাকোর একটি সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেছিলেন।)

**সমাধান** এই বাক্যে একজন ব্যক্তি সম্পর্কে বিস্তারিত তথ্য দেয়া আছে। ∴ **এটি গল্পের ১ম বাক্য হতে পারে।**

## অন্য বাক্যগুলোও পড়া যাক

(viii)-নং বাক্যে আছেঃ At the age of 17 in 1878, he reached........

**সমাধান** এই বাক্যের বাকিটুকু না পরেই বলা যায় এটি গল্পের ১ম বাক্য নয়, কারণ হলো এই বাক্যে He শব্দটি আছে।

**পরেরটা পড়া যাক :** (ix) He was......... **সমাধান** এটিও প্রথম বাক্য হতে পারে না। কারণ He আছে।

(x) He went................

**সমাধান** He থাকাতে এটিও গল্পের প্রথম বাক্য নয়।

**পরের বাক্য পড়া যাকঃ**

(xi) The experience had a lasting effect on his later life. (অভিজ্ঞতাটি তার পরবর্তী জীবনের উপর একটা স্থায়ী প্রভাব ফেলেছিলো।).

**সমাধান** **his** শব্দটি থাকাতে এটিও প্রথম বাক্য হতে পারে না। ∴ **(xi) নং বাক্যটিও বাদ।**

(xii) There he came...(সেখানে তিনি এসেছিলেন....)

**সমাধান** **he**.... থাকাতে এটিও গল্পের ১ম বাক্য নয়।

xiii) However, he...... (যাই হোক, তিনি.....)

**সমাধান** *However, he* এই পর্যন্ত পড়ে আর পড়বো না। কেননা আমরা আগেই উল্লেখ করেছি he কোনো গল্পের প্রথম বাক্যে থাকতে পারে না।

**পরেরটি পড়া যাক :** (xiv) He gatherd (= তিনি সংগ্রহ করেছিলেন ......)

**সমাধান** এটিও একই কারণে বাদ।

চিত্রঃ কলিকাতায় জোঁড়াসাকোরে
অবস্থিত রবি ঠাকুরের পারিবারিক বাসস্থান।

## অতএব গল্পের ১ম বাক্য হলো

(vii) Rabindranath Tagore was born in 1861 in a respectable family at Jorasako in Kolkata. (রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৬১ সালে কলকাতায় জোড়া সাকোর একটি সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেছিলেন।)

**# এটি যাতে যাতে বার বার পড়া না লাগে সেজন্য বাক্যটির পাশে 'x' চিহ্ন দিয়ে রাখো।**

কোন গল্পের শুরুতেই

ঐ গল্পের

নায়কের বা প্রধান **চরিত্রের**

নাম এবং

তার পরিচয়যুক্ত বাক্য

প্রথমে আসবে বা বসবে।

## গল্পের দ্বিতীয় বাক্য বের করা

গল্পের প্রথম বাক্যে রবী ঠাকুরের জন্ম নিয়ে আলোচনা থাকার পর কোন্ বাক্যটি গল্পের দ্বিতীয় বাক্য হতে পারে?

হ্যাঁ, (ix) নং বাক্যটি। কেননা, আগের বাক্যে তিনি **কোথায় জন্মগ্রহণ** করেছিলেন বলার পরে **তিনি কার সন্তান** এই পরিচয়যুক্ত বাক্যটাই খাপ খায়।

(ix) He was the 14th child of Debendranath and Sarada Devi Tagore (তিনি ছিলেন দেবেন্দ্রনাথ এবং সারদা দেবী ঠাকুরের ১৪তম সন্তান।)

## গল্পের তৃতীয় বাক্য বের করা

এখন একটু চিন্তা করো তো, গল্পের তৃতীয় বাক্য কোন্‌টি হতে পারে। হ্যাঁ, রবীন্দ্রনাথের ছোটবেলার ঘটনা, স্কুল প্রভৃতি ধরণের বক্তব্য তৃতীয় বাক্য হতে পারে। প্রশ্নের i, ii, iii, ... প্রভৃতি পড়তে পড়তে পাওয়া গেল (x)-নং বাক্যটি:

He went to school early and wrote his first verse at the age of eight.
গিয়েছিলেন স্কুলে আগেই তার প্রথম পংক্তি ৮ বছর বয়সে।

**সাবলীল বাংলা**

অল্প বয়সেই তিনি স্কুলে গিয়েছিলেন এবং আট বছর বয়সে তিনি তার প্রথম পংক্তি লিখেছিলেন।

## গল্পের ৪র্থ বাক্য বের করা

গল্পের ৩য় বাকের পরে কোন বাক্যটি হবে একটু চিন্তা করে বলুন তো? হ্যাঁ, নিশ্চয়ই (viii) নং বাক্যটি হবে এর পরের ঘটনা।

(viii) At the age of seventeenth in 1878 he
১৭ বছর বয়সে ১৮৭৮ সালে
reached London to attend school
পৌঁছেছিলেন লন্ডনে হাজির হওয়া।

**সাবলীল বাংলা** ১৮৭৮ সালে তিনি ১৭ বছর বয়সে স্কুলে হাজির হওয়ার জন্য লন্ডনে পৌঁছেছিলেন।

**যেই বাক্যগুলো বের করলাম,**
**সেই বাক্যগুলো পরে**
**আর পড়বো না।**

## গল্পের পঞ্চম বাক্য বের করা

(i) He was put up in a lodging house
তাকে রাখা হয়েছিলো একটি লজিং বাড়ীতে
under the care of a professional coach, Mr. Scott.
তত্ত্বাবধানে একজন পেশাদার প্রশিক্ষক

**শব্দের অর্থ** **put up** : কোথাও অল্প সময়ে জন্য থাকা।

**সাবলীল বাংলা** একজন প্রফেশনাল কোচ মিস্টার স্কটের তত্ত্বাবধানে একটি লজিং বাসাতে রাখা হয়েছিলো তাকে।

**সমাধান** লন্ডনে গিয়ে কোথায় ছিলেন, এই তথ্যটি এই বাক্যে থাকাতে এটি গল্পের **পঞ্চম বাক্য হতে পারে।**

## গল্পের ষষ্ঠ বাক্য

**বাকি বাক্যগুলো পড়লে ষষ্ঠ বাক্য হিসেবে (xiv) খাপ খায়ঃ**

xiv) He gathered much experience from his stay in London

gathered = সংগ্রহ করেছিলেন; much experience = অনেক অভিজ্ঞতা; from his stay in London = লন্ডনে তার অবস্থান থেকে

**অর্থ** তিনি লন্ডনে অবস্থানকালে প্রচুর অভিজ্ঞতা অর্জন করেছিলেন।

### বুঝো

**গল্পের কোনো বাক্যে কোনো**
**স্থানের নাম উল্লেখ করা থাকলে**
**পরের লাইনে সেই স্থানের নাম**
উল্লেখ না করার বদলে
**"There"-শব্দটির ব্যবহার করা হয়। যেমন :**

(i) He was born in Rangpur.

(ii) There he passed his childhood.

**বুঝা গেলো তো?**

## সপ্তম বাক্য বের করা

ষষ্ঠ বাক্যে বলা হয়েছিলো তিনি **'much experience'** অর্জন করেছিলেন। এই **'অনেক অভিজ্ঞতার'** উদাহরণ হিসেবে পরের বাক্য নিচেরটি হতে পারে।

xii) There he came in direct touch with English literature and the then politics of the UK.

There = সেখানে; in direct touch = সরাসরি সংস্পর্শে; the then politics = তৎকালীন রাজনীতি

**শব্দের অর্থ** **the then** = তৎকালীন = তখনকার।

**সাবলীল বাংলা**

সেখানে তিনি ইংরেজি সাহিত্য এবং UK-র তৎকালীন রাজনীতির সরাসরি সংস্পর্শে এসেছিলেন।

## গল্পের অষ্টম বাক্য

গল্পের ষষ্ঠ ও সপ্তম বাক্যে লন্ডনে অবস্থানকালে তার অভিজ্ঞতার আলোচনা রয়েছে। তাই অষ্টম বাক্য হিসেবে নিচের বাক্যটি খাপ খায়:

xi) The experience had a lasting effect on his later life.

| | | | |
|---|---|---|---|
| The experience | had | a lasting effect | on his later life. |
| অভিজ্ঞতাটি | | একটা টেকসই প্রভাব | তার পরবর্তী জীবনের উপর। |

**সাবলীল বাংলা** অভিজ্ঞতাটি ফেলেছিলো একটি স্থায়ী প্রভাব তার পরবর্তী জীবনের উপর ।

**ব্যাখ্যা** ৬ষ্ঠ, ৭ম ও ৮ম বাক্যগুলো পরস্পর সংশ্লিষ্ট। একই ধরনের বাক্যগুলো পর পর আসবে। এই তিনটি বাক্যের main বিষয়বস্তু হলো ইংল্যান্ডে তার অভিজ্ঞতা।

### সুতরাং গল্পের ষষ্ঠ, সপ্তম এবং অষ্টম বাক্য হলো:

xiv) He gathered much experience from his stay in London.
(তিনি প্রচুর অভিজ্ঞতা অর্জন করেছিলেন লন্ডনে তার stay থেকে।)

xii) There he came in direct touch with English literature and the then politics of the UK. (সেখানে তিনি সরাসরি সংস্পর্শে আসেন ইংরেজি সাহিত্য এবং UK-র তখনকার রাজনীতির।)

xi) The experience had a lasting effect on his later life.
(তার পরবর্তী জীবনের উপর অভিজ্ঞতাটি একটি স্থায়ী প্রভাব ফেলেছিলো।)

## গল্পের নবম বাক্য বের করা

নবম বাক্য বের করার জন্য বাকি উত্তরগুলো পড়ে দেখা যাচ্ছে খাপ খায় (iii)।

iii) In 1880, Rabindranath was called back to India.

**সাবলীল বাংলা** ১৮৮০ সালে রবীন্দ্রনাথকে ডেকে ফেরত আনা হলো ইন্ডিয়াতে।

**ব্যাখ্যা** হ্যাঁ, এতক্ষণ *London*-এর ঘটনাগুলোর আলোচনার পরে এখন তার দেশে ফেরার এবং তার পরের ঘটনার বাক্য আসবে।

## দশম বাক্য বের করা

∴ নবম বাক্যের (iii)-নং এর পর দশম বাক্যটি হবে (v) বাক্যটি।

v) He returned home without any qualifications or distinction.

| | | | |
|---|---|---|---|
| He | returned home | without any qualifications | or distinction. |
| | দেশে ফিরলেন | কোন ডিগ্রী ছাড়া | অথবা বিশেষ সম্মান। |

## গল্পের এগারতম বাক্য

বাকি বাক্যগুলো পড়ে দেখা গেলো গল্পের এগারতম বাক্য হবে (xiii)

| xiii) However, | he | never | gave up | his habit | of writing poetry. |
|---|---|---|---|---|---|
| কিন্তু | | কখনো না | ছেড়ে দিয়েছিলেন | তার অভ্যাস | কবিতা লেখার। |

**বাক্যের অর্থ** কিন্তু তিনি কখনোই তার কবিতা লেখার অভ্যাস ছেড়ে দেননি।

### Tip

***However* শব্দটির কয়েকটি অর্থ হয়**

যেমন: বরং, কিন্তু, অথচ, যাই হোক -

এটি দ্বারা কোনো ঘটনার ঠিক

বিপরীত ঘটনা ব্যাখ্যা করা হয়। যেমন:

(i) Michel left school early.

(ii) However, he did not leave his habit of writing poetry

১ম বাক্যে বলা হলো - মাইকেল অল্প বয়সে স্কুল ছেড়েছেন,

দ্বিতীয় বাক্যে বলা হলো কিন্তু তিনি কবিতা লেখার তার অভ্যাস ছাড়েননি।

কিন্তু এর জায়গায় However হলো।

## গল্পের বারোতম বাক্য

আগের বাক্যের পর কবিতা লেখা **'কিভাবে'** চলেছিলো, তার বিবরণ আছে প্রশ্নের (ii) নং বাক্যে :

| (ii) It | continued | in full swing |
|---|---|---|
| | চলছিলো | পুরোদমে। |

**ব্যাখ্যা** এখানে *It* মানে আগের বাক্যের "তার কবিতা লেখার *habit*" ∴ এই দুইটা বাক্যে পরপর ঘটনা।
**∴ গল্পের বারোতম বাক্য হবে (ii) নং বাক্যটি।**

**বাক্যের অর্থ** এটা চলছিলো পুরোদাম = তার কবিতা লেখার অভ্যাস অব্যাহত ছিলো পুরাদমে।

## তেরতম এবং চৌদ্দতম বাক্য

বাকি রয়েছে (iv) এবং (vi) নং বাক্য দু'টো। এ দুটোর মধ্যে কোন্‌টি আগে এবং কোনটি পড়ে হবে চিন্তা করো। **প্রথমে তিনি নিশ্চয় লিখেছেন, পরে সেটা লেখার জন্য তিনি নোবেল পান।**

∴ গল্পের তেরতম বাক্যটি হবে :

(vi) He wrote Gitanjali, a collection of Bengali songs, of superior quality.

**বাংল অর্থ** তিনি উৎকৃষ্ট মানের বাংলা গানের সমাহার গীতাঞ্জলী কাব্য লিখেছিলেন।

## গল্পের চৌদ্দতম বাক্য

iv) He was awarded the Nobel Prize in 1993 for his Gitanjali.

**বাংলা অর্থ** তাকে নোবেল পুরুস্কার প্রদান করা হয়েছিলো ১৯৯৩-এ গীতাঞ্জলী কাব্যের জন্য।

## সঠিক উত্তর

1. ⇒ → (vii) = Seven (সাত)
2. ⇒ → (ix) = Nine (নয়)
3. ⇒ → (x) = Ten (দশ)
4. ⇒ → (viii) = Eight (আট)
5. ⇒ → (i) = One (এক)
6. ⇒ → (xiv) = Fourteen (চৌদ্দ)
7. ⇒ → (xii) = Twelve (বার)
8. ⇒ → (xi) = Eleven (এগার)
9. ⇒ → (iii) = Three (তিন)
10. ⇒ → (v) = Five (পাঁচ)
11. ⇒ → (xiii) = Thirteen (তের)
12. ⇒ → (ii) = Two (দুই)
13. ⇒ → (vi) = Six (ছয়)
14. ⇒ → (iv) = Four (চার)

**পরের পৃষ্ঠায় পুরো গল্পটা সিরিয়ালি দেয়া আছে।**

## পুরো গল্পটি rearrange করে নিচে দেয়া হলো

(vii) Rabindranath Tagore was born in 1861 in a respectable family at Jorasako in Kolkata.
(রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৬১ সালে কলকাতায় জোড়া সাকোর একটি সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেছিলেন। )

(ix) He was the 14th child of Debendranath and Sarada Devi Tagore.
(তিনি ছিলেন দেবেন্দ্রনাথ এবং সারদা দেবী ঠাকুরের ১৪তম সন্তান।)

(x) He went to school early and wrote his first verse at the age of eight.
(অল্প বয়সেই তিনি স্কুলে গিয়েছিলেন এবং আট বছর বয়সে তিনি তার প্রথম পংক্তি লিখেছিলেন।)

(viii) At the age of seventeenth in 1878 he reached London to attend school.
(১৭ বছর বয়সে ১৮৭৮ সালে তিনি লন্ডনে পৌছেছিলেন স্কুলে হাজির হতে। )

(i) He was put up in a lodging house under the care of a professional coach, Mr. Scott. (একজন প্রফেশনাল কোচ মিস্টার স্কটের তত্ত্বাবধানে একটি লজিং বাসাতে রাখা হয়েছিলো তাকে। )

xiv) He gathered much experience from his stay in London.
(তিনি লন্ডনে অবস্থানকালে প্রচুর অভিজ্ঞতা অর্জন করেছিলেন।)

xii) There he came in direct touch with English literature and the then politics of the UK.
(সেখানে তিনি ইংরেজী সাহিত্য এবং UK-র তৎকালীন রাজনীতির সরাসরি সংস্পর্শে এসেছিলেন। )

xi) The experience had a lasting effect on his later life.
(তার পরবর্তী জীবনের উপর অভিজ্ঞতাটি একটি স্থায়ী প্রভাব ফেলেছিলো।)

iii) In 1880, Rabindranath was called back to India.
(১৮৮০ সালে রবীন্দ্রনাথকে ইন্ডিয়াতে ডেকে ফেরত আনা হলো।)

v) He returned home without any qualifications or distinction.
(তিনি দেশে ফিরলেন কোন ডিগ্রী অথবা বিশেষ অর্জন ছাড়া )

xiii) However, he never gave up his habit of writing poetry.
(কিন্তু তিনি কখনোই তার কবিতা লেখার অভ্যাস ছেড়ে দেননি।)

(ii) It continued in full swing. (এটা চলছিলো পুরোদাম।)

**অর্থ না বুঝে serial মুখস্থ করলে ভার্সিটি ভর্তি পরীক্ষায় ফেল করবে।**

(vi) He wrote Gitanjali, a collection of Bengali songs of superior quality.
(তিনি উৎকৃষ্ট মানের বাংলা গানের সমাহার গীতাঞ্জলী কাব্য লিখেছিলেন।)

(iv) He was awarded the Nobel Prize in 1993 for his Gitanjali.
(গীতাঞ্জলী কাব্যের জন্য তাকে নোবেল পুরুস্কার প্রদান করা হয়েছিলো।)

# Rip Van Winkle

**02.** (i) He would never refuse to assist a neighbour.
(তিনি কখনই প্রতিবেশীকে সাহায্য করতে অসম্মত হতেন না।)

(ii) Rip Van Winkle was born at a village in America.
(আমেরিকার একটি গ্রামে *Rip Van Winkle* জন্মগ্রহণ করেছিলেন।)

(iii) One day he went away into the woods with gun and his dog Wolf.
(একদিন তিনি বন্দুক এবং তার Wolf নামক কুকুরসহ বনে গেলেন।)

(iv) The sun was about to set. (সূর্য প্রায় অস্ত যাচ্ছিল।)

(v) He was simple and good natured. (তিনি ছিলেন সহজ-সরল এবং ভাল প্রকৃতির। )

(vi) The children would shout with joy when they saw him.
(শিশুরা আনন্দে চিৎকার করত যখন তারা তাকে দেখত।)

(vii) He thought of going home. (তিনি বাসায় যাবার কথা চিন্তা করলেন। )

(viii) He did not like to work in his own farm.
(তিনি তার নিজস্ব ফার্মে কাজ করা পছন্দ করতেন না। )

(ix) He caught fish all day without murmur.
(কোন রকম অভিযোগ ছাড়া তিনি সারাদিন মাছ ধরতেন।)

(x) His wife scolded him always for his idleness but in vain.
(সবসময়ই তার স্ত্রী তাকে তার অলসতার জন্য বকাঝকা করতেন, কিন্তু ব্যর্থ হতেন।)

(xi) He told them stories of ghosts and witches.
(তিনি তাদেরকে ভূত এবং পেতনীর গল্প শোনাতেন।)

(xii) He got upon the highest part of the mountain.
(তিনি পাহাড়ের সবচেয়ে উঁচু জায়গায় উঠলেন।)

(xiii) Rip van was not really lazy. (Rip Van আসলে অলস ছিলেন না।)

(xiv) Soon he heard a voice from a distance.
(শীঘ্রই তিনি একটু দূর থেকে একটি আওয়াজ বা কণ্ঠ শুনলেন।)

## শব্দের অর্থ

| | | |
|---|---|---|
| **refuse** | (রিফিউঝ্) | = অস্বীকার করা। |
| **good natured** | (গুড্ নেই্চারড্) | = ভাল স্বভাবের। |
| **shout with joy** | (শাউট্ উয়িথ্ জয়) | : চিৎকার করা আনন্দের সাথে। |
| **murmur** | (মার্মার্) | : মৃদু অভিযোগ করা। |
| **scold** | (স্কৌল্ড) | : বকাঝকা করা। |
| **idleness** | (আই্ডেল্নেস্) | : অলসতা। |
| **distance** | (ডিসট্যান্স্) | : দূরত্ব। |
| **in vain** | (ইন্ ভেইন্) | : বৃথা। |
| **went away** | (ওয়েন্ট্ অ্যাওয়ে) | : দূরে গেলেন। |
| **assist** | (অ্যাসিস্ট্) | : সাহায্য করা। |

## গল্পের প্রথম বাক্য বের করা

(i) নং Option-এ আছে:

He would never refuse to assist a neighbour.

তিনি কখনই অসম্মত হতেন না সাহায্য করতে প্রতিবেশীকে।

**সিরিয়াল বাংলা** তিনি কখনই অসম্মত হতেন না প্রতিবেশীকে সাহায্য করতে।

**সাবলীল বাংলা** প্রতিবেশীকে কখনই তিনি সাহায্য করতে অস্বীকার করতেন না।

মন দিয়ে পড়ে ব্যাখ্যাটা বোঝার চেষ্টা করো।

**সমাধান**

এটি কোন গল্পের প্রথম বাক্য হতে পারে না, কারণ এখানে তিনি (*He*) বলতে কাকে বুঝানো হলো, তা বুঝা যাচ্ছে না। **He** বলতে কে, তা অবশ্যই এই (i)-এর আগেই উল্লেখ থাকবে। ∴ **প্রশ্নে প্রদত্ত (i)-নং বাক্যটি নিশ্চয়ই *story*-টার প্রথম বাক্য নয়।**

এবার তাহলে পরের বাক্যটি পড়া যাক:

(ii) Rip Van Winkle was born at a village in America.

জন্মগ্রহণ করেছিলেন একটি গ্রামে আমেরিকায়।

**সাবলীল বাংলা** আমেরিকার একটি গ্রামে রিপ ভ্যান Winkle জন্মগ্রহণ করেছিলেন।

**ব্যাখ্যা** এটি = (ii) )-নং বাক্যটি *story*-টার প্রথম বাক্য হতে পারে।

### চলুন, একে একে প্রশ্নের পরের বাক্যগুলো পড়ি:

(iii) নং option-এ আছে:

One day he went away into the woods with gun and his dog Wolf.

গিয়েছিল দূরে বনের ভিতর উলফ নামক কুকুরসহ।

**সাবলীল বাংলা** একদিন তিনি বন্দুক এবং তার কুকুর উলফকে নিয়ে দূরে বনের ভিতর গেলেন ।

**সমাধান** এখানে তিনি.... "**he**"-কে আমরা জানি না। ∴ এটি = **(iii) নং option story-টার প্রথম বাক্য নয়।**

(iv) The sun was about to set.

**সিরিআল বাংলা** সূর্য প্রায় অস্ত যাওয়া = সূর্য প্রায় অস্ত যাচ্ছিল।

**সমাধান** এটি একটি গল্পের ১ম বাক্য হতে পারে কিনা, একটু চিন্তা করুন। হ্যাঁ, হতে পারে। কিন্তু এই প্রশ্নের (ii) নং বাক্যটি একটি উপযুক্ত প্রথম বাক্য হতে পারে বলে আমরা ইতিমধ্যেই দেখেছি। (v)-এ আছে:

He was simple and good natured.

**সিরিআল বাংলা** তিনি ছিলেন সাধাসিধে ভাল প্রকৃতির।

**সমাধান** এটিও কোনো গল্পের প্রথম বাক্য হতে পারে না, যেহেতু, he মানে কে, তা তো জানা নেই।

(vi) : The children would shout with joy when they saw him

**সিরিআল বাংলা** শিশুরা করত চিৎকার আনন্দে

**সাবলীল বাংলা** শিশুরা আনন্দে চিৎকার করত যখন তারা তাকে দেখতো।

**সমাধান** কোন গল্পের শুরুতেই এই বাক্য হতে পারে না। কারণ এখানে **him** বলতে কে, তা জানা নেই।

(vii) He thought of going home. (সে বাড়ী যাওয়ার কথা চিন্তা করল।)

**সমাধান** He বলতে কাকে বুঝানো হলো, সেটাও জানা নেই।

**অতএব, এই (vii) বাক্যটি কোনো গল্পের প্রথম বাক্য হতে পারে না।**

**মাত্র একবার পড়ো এই page !**

(viii) He did not like to work in his own farm.

**সাবলীল বাংলা** নিজস্ব ফার্মে তিনি কাজ করা পছন্দ করতেন না।

**ব্যাখ্যা** He বলতে কে, যেটা এই বাক্যের আগে আসবে।

(ix) He caught fish all day without murmur.

**সিরিআল বাংলা** তিনি ধরতেন মাছ সারাদিন ব্যাপী অভিযোগ ছাড়া।

**সাবলীল বাংলা** কোন রকম অভিযোগ ছাড়া তিনি সারাদিন মাছ ধরতেন।

**সমাধান** He বলতে কাকে বুঝানো হলো, তা এই বাক্যের আগে বসবে।

**[∴ (ix)-ও গল্পের প্রথম বাক্য হতে পারে না।]**

(x) His wife scolded him always for his idleness but in vain.

**সিরিআল বাংলা** তার স্ত্রী বকত সর্বদাই তার অলসতার জন্য ব্যর্থ।

**সাবলীল বাংলা** তার অলসতার জন্য তার স্ত্রী সর্বদাই তাকে বকত, কিন্তু লাভ হতো না।

**সমাধান** এখানে **His = ?** । এই ধরনের বাক্য তো কোনো গল্পের প্রথম বাক্য কিংবা দ্বিতীয় বাক্য হতে পারে না। নিশ্চয়ই এর আগে কোন ঘটনা ঘটেছিল যে কারনে তার স্ত্রী তাকে বকেছিল।

(xi) He told them stories of ghosts and witches.

**সিরিআল বাংলা** গল্প ভূতের পেত্নীর ।

**সাবলীল বাংলা** তিনি তাদেরকে ভূত এবং পেত্নীর গল্প শুনাতেন।

**সমাধান** এখানে "*them*" দ্বারা কি বুঝানো হচ্ছে, তা clear নয়। "*them*" দিয়ে যাদেরকে বুঝানো হচ্ছে, তাদের নামযুক্ত বাক্য এই বাক্যের আগে আসবে। ∴ **এই বাক্যটি কোনো মতেই গল্পের ১ম/২য় বাক্য হতে পারে না।**

(xii) নং বাক্যে আছে:

| | | | |
|---|---|---|---|
| He | got upon | the highest part | of the mountain. |
| | উপরে উঠলেন | সবচেয়ে উপরের অংশ | পর্বতটির। |

**সাবলীল বাংলা** তিনি পর্বতটির সবচেয়ে উপরের অংশে উঠলেন।

**সমাধান** এখানে He বলতে কে, তা জানা নেই। ∴ **এটিও গল্পের প্রথম বাক্য নয়।**

(xiii) নং বাক্যে রয়েছে:

| | | | |
|---|---|---|---|
| | Rip Van | was not | really lazy. |
| **সিরিআল বাংলা** | রিপ Van | ছিলেন না | আসলে অলস = *Rip Van* আসলে অলস ছিলেন না। |

**সমাধান**

*Rip* অলস ছিলেন না, তার মানে, অবশ্যই এর আগের বাক্যে কেউ তাকে অলস বলেছিলেন। তার ব্যাখ্যা রয়েছে এই বাক্যে! **সুতরাং এই বাক্যটির আগে নিশ্চয়ই এই কথার সাথে সম্পর্কযুক্ত বাক্যগুলো আসবে।**

| | | | | |
|---|---|---|---|---|
| (xiv) | Soon | he heard | a voice | from a distance. |
| | শীঘ্রই | শুনলেন | আওয়াজ | একটু দূরত্ব থেকে। |

**সাবলীল বাংলা** শীঘ্রই তিনি একটু দূর থেকে একটি আওয়াজ শুনলেন

**সমাধান** He বলতে কে, তা জানা নেই। ∴ এটি প্রথম বাক্য নয়।

**∴ এই গল্পের প্রথম বাক্য হলো (ii) নং বাক্যটিঃ**

(ii) Rip Van Winkle was born at a village in America.

**সাবলীল বাংলা** আমেরিকার একটি গ্রামে রিপ ভ্যান *Winkle* জন্মগ্রহণ করেছিলেন।

## দ্বিতীয় বাক্য বের করা

আগের মত প্রশ্নের প্রতিটি বাক্য বুঝে বুঝে তাড়াতাড়ি পড়তে হবে।
পড়তে পড়তে শুধু একটিই সবচেয়ে বেশী খাপ খায় দ্বিতীয় বাক্য হিসেবে। সেটি হলো:

(v) He was simple and good natured = তিনি ছিলেন সাধাসিধে ও ভাল স্বভাবের।

**সমাধান** এই বাক্যে Rip কেমন প্রকৃতির লোক তার বিবরণ রয়েছে। ∴ **গল্পের দ্বিতীয় বাক্য (v) নং উত্তরটি।**

## ৩-নং বাক্য বের করা

**গল্পের তৃতীয় বাক্যটির মিল থাকতে হবে, গল্পের দ্বিতীয় বাক্যের সাথে।**

প্রশ্নের বাক্যগুলোকে আবার পড়ে দেখা যাচ্ছে সবচেয়ে বেশি খাপ খায় (i) নং option-টি ।

(i) *He would never refuse to assist a neighbour.*
(প্রতিবেশীদের সাহায্য করায় তিনি কখনই অস্বীকার করতেন না।)

**সমাধান**

অন্য Option-গুলো গল্পের ৩নং বাক্যে বসালে খাপ খায় না বা গল্পটি ধারাবাহিক হয় না।

∴ গল্পের ৩নং বাক্যটি হলো (i) নং option-টি।

### ∴গল্পের প্রথম তিনটি বাক্য হলো



চিত্রঃ তাকে দেখে শিশুদের আনন্দ- চিৎকার

(ii) Rip Van Winkle was born at a village in America.
(আমেরিকার একটি গ্রামে রিপ ভ্যান *Winkle* জন্মগ্রহণ করেছিলেন।)

(v) He was simple and good natured.
(তিনি ছিলেন সাধাসিধে ও ভাল স্বভাবের।)

(i) *He would never refuse to assist a neighbour.*
(প্রতিবেশীদের সাহায্য করায় তিনি কখনই অস্বীকার করতেন না।)

### গল্পের চতুর্থ বাক্য বের করা

গল্পের (i), (ii) এবং (v)-নং বাক্যগুলো আমরা আর পড়ব না, যেহেতু এগুলো **আমরা আগেই বের করে ফেলেছি**। অন্য option-গুলো পড়ে দেখা গেলো যে, গল্পের ৪-নং বাক্যটি হবে প্রশ্নের (vi) নং বাক্যটি। কারণ এই বাক্যটি *Rip*-এর আচার-ব্যবহার নিয়ে আলোচনা করেছে।

(vi) $\underbrace{\text{The children}}_{\text{শিশুরা}}\ \underset{\text{করত}}{\text{would}}\ \underbrace{\text{shout with joy}}_{\text{চিৎকার আনন্দে}}\ \text{when they saw him}$

**সাবলীল বাংলা** শিশুরা আনন্দে চিৎকার করত যখন তারা তাকে দেখতো।

## Story-র পঞ্চম বাক্য বের করা

বাকি উত্তর অর্থ বুঝে বুঝে মন দিয়ে পড়ে পঞ্চম বাক্য হিসেবে পাওয়া যাচ্ছে নিচেরটা:

(xi) He told them stories of ghosts and witches।
(তিনি তাদেরকে ভূত পেত্নীর বিভিন্ন গল্প শোনাতেন। )

**সমাধান** এখানে *them* দ্বারা এর আগের বাক্যের,

তার মানে, চতুর্থ বাক্যের *children*-কে বুঝাচ্ছে।

### ∴ গল্পের ৪-নং এবং ৫-নং বাক্যগুলো হলো

(vi) The children would shout with joy when they saw him.
(শিশুরা আনন্দে চিৎকার করত যখন তারা তাকে দেখতো।)

(xi) He told them stories of ghosts and witches.
(তিনি তাদেরকে ভূত-পেত্নীর বিভিন্ন গল্প শোনাতেন।)



চিত্রঃ শিশুদের গল্প শোনাচ্ছেন Rip

## Story-র ষষ্ঠ বাক্য বের করা

**বাকি উত্তরগুলো মন দিয়ে পড়ে বোঝা যাচ্ছে যে, এই গল্পের ৬ষ্ঠ বাক্য হতে পারে (x)-নং option-টিঃ**

(x) His wife (তার স্ত্রী) scolded (বকত) him always (সর্বদাই) for his idleness, but in vain.

for his idleness = তার অলসতার জন্য    vain = ব্যর্থ / নিস্ফল।

**ইংরেজি বাক্যগুলো দেখে দেখে একবার হলেও লিখো।**

**সাবলীল** তার অলসতার জন্য তার স্ত্রী সর্বদাই তাকে বকত, কিন্তু কাজের কাজ হতো না (সব বকা-ঝকাই) ব্যর্থ হতো।

**সমাধান** এর আগের বাক্যগুলোতে *Rip*-এর ভাল গুনাগুন ব্যাখ্যা করার পাশাপাশি এর পর লেখক *Rip*-এর *idleness*-এর কথা উল্লেখ করলেন।

## Story-র সপ্তম বাক্য

সপ্তম বাক্য বের করার জন্য বাকি লাইনগুলো পড়ে পাওয়া গেলো (viii) নং বাক্য।

(viii) He did not like to work in his own farm = নিজস্ব ফার্মে তিনি কাজ করা পছন্দ করতেন না।

**সমাধান** এই কথা দ্বারা লেখক বুঝাতে চেয়েছেন যে স্ত্রী সব বকা-ঝকা কেন *vain* বা ব্যর্থ বা নিষ্ফল হতো : তিনি নিজের ক্ষেতে বা নিজের জমিতে কাজ করা পছন্দ করতেন না।

## Story-র অষ্টম বাক্য

এখন অষ্টম বাক্য বের করার জন্য বাকি উত্তরগুলোর মধ্যে নিচেরটাই সবচেয়ে ভালো হয়, কেননা, এই লাইনে বলা হলো যে, নিজের জমিতে কাজ না করলেও তিনি আসলে অলস ছিলেন না।

xiii. Rip Van | was not | really lazy.

**সিরিআল বাংলা** রিপ Van | ছিলেন না | আসলে অলস = *Rip Van* আসলে অলস ছিলেন না।

## Story-র ৯ম বাক্য

তিনি যে আসলে অলস ছিলেন না এটার প্রমাণ হিসেবে বা উদাহরণ হিসেবে নবম বাক্যে নীচের কথা বলা হলো:

(ix) He caught fish all day.

**সিরিআল বাংলা** তিনি ধরতেন মাছ সারাদিন ব্যাপী

without murmur. = অভিযোগ ছাড়া।

চিত্রঃ মাছ ধরছেন Rip

**সাবলীল বাংলা** কোন রকম অভিযোগ ছাড়া তিনি সারাদিন মাছ ধরতেন।

## Story-র দশম বাক্য বের করা

এখন অবশিষ্ট বাক্যগুলো পড়ে দেখি কোনটি দশম বাক্য হতে পারে। (iii) নং option-এ আছেঃ

One day he went away into the woods with gun and his dog Wolf.

গিয়েছিল দূরে বনের ভিতর উলফ নামক কুকুরসহ।

**সাবলীল বাংলা** একদিন তিনি বন্দুক এবং তার কুকুর উলফকে নিয়ে দূরে বনের ভিতর গেলেন ।

**সমাধান** এটি দশম বাক্য হতে পারে।

### চলো অন্য উত্তরগুলিও পড়া যাক :

(iv) নং Option-এ আছেঃ

*The sun was about to set.* (অর্থ সূর্য প্রায় অস্ত যাচ্ছিল।)

**সমাধান**

এই বাক্যটি ১০ম বাক্য নয়, কারণ ৯নং বাক্যে ধরার কথা বলার পর। 'সূর্য অস্ত যাচ্ছিল' বলাটা বেখাপ্পা।

(vii) নং বাক্যে রয়েছেঃ He thought of going home = তিনি বাড়ী যাওয়ার কথা চিন্তা করলেন।

**সমাধান** এই ঘটনাটি বনে যাওয়ার বা পাহাড়ে উঠার পরের ঘটনা। ∴ **এটি দশম বাক্য নয়।**

(xii) নং বাক্যে আছেঃ

He got upon the highest part of the mountain.

↓ ↓ ↓

উপরে উঠলেন সবচেয়ে উপরের অংশ পর্বতটির

**সাবলীল বাংলা**

তিনি পর্বতটির সবচেয়ে উপরের অংশে উঠলেন।

এটিও বনে যাওয়ার পরের ঘটনা। ∴ **এটিও দশম বাক্য নয়।**

(xiv) নং option-এ আছেঃ

Soon he heard a voice from a distance.

↓ ↓ ↓ ↓

শ্রীঘ্রই তিনি শুনলেন গলার স্বর একটা দূরত্ব থেকে।

**সাবলীল বাংলা** শ্রীঘ্রই তিনি দূর থেকে একটি আওয়াজ শুনলেন ।

**সমাধান** এটিও বনে বা পাহাড়ে যাওয়ার পরের ঘটনা। তিনি পাহাড়ে গিয়ে হয়তো কোন শব্দ শুনেছিলেন। **এই বাক্যটি পাহাড়ের উঠার পরের ঘটনা।**

## গল্পের ১০ বাক্য

∴ **গল্পের ১০ বাক্য হবে (iii) নং বাক্যটি।**

(iii) One day he went away into the woods with gun and his dog Wolf.

**সাবলীল বাংলা** একদিন তিনি বন্দুক এবং তার কুকুর উলফকে নিয়ে দূর বনের ভিতর গেলেন ।

### ১১তম বাক্য

বাকি ৩টি Option পড়ার পর বুঝা গেলো ১১তম বাক্যটি হবে (xii) নং Option-টি :

He got upon the highest part of the mountain.

↓ ↓ ↓

উপরে উঠলেন সবচেয়ে উপরের অংশ পর্বতটির।

**সাবলীল বাংলা** তিনি পর্বতটির সবচেয়ে উপরে উঠলেন।

### ১২তম বাক্য

বাকি বাক্যগুলোর মধ্যে কোন্টি ১২-তম বাক্য হতে পারে।

পাহাড়ের উপরের অংশে উঠতে উঠতে নিশ্চয়ই অনেক সময় লেগেছিলো। **অতএব ১২-তম বাক্য হবে:**

(iv) The sun was about to set. (সূর্য প্রায় অস্ত যাচ্ছিল।)

### ১৩তম বাক্য

সূর্য অস্ত যাচ্ছে। অতএব, রিপ ভ্যান নিশ্চয়ই বাড়ী ফেরত যাওয়ার কথা ভাববে। ∴ তেরোতম বাক্য হবে :

(viii) *He thought of going home.* (তিনি বাড়ি যাওয়ার কথা ভাবলেন।)

### ১৪তম বাক্য

**বাকি বাক্যটি হবে শেষ বাক্য** (xiv)-তে আছে:

Soon he heard a voice from a distance (শীঘ্রই তিনি দূর থেকে একটি আওয়াজ শুনলেন।)

**সঠিক উত্তর**

(ii) → (v) → (i) → (vi) → (xi) → (x) → (viii) → (xiii) → (ix) → (iii) → (xii) → (iv) → (vii) → (xiv)

### ∴ পুরো সাজানো গল্পটি নিচে দেয়া হলো

**পরীক্ষার সময় পুরোটা মাত্র ৩ মিনিটেই সল্ভ করতে পারবে।**

(ii) Rip Van Winkle was born at a village in America.
(আমেরিকার একটি গ্রামে রিপ ভ্যান Winkle জন্মগ্রহণ করেছিলেন।)

(v) He was simple and good natured. (তিনি ছিলেন সাধাসিধে ও ভাল স্বভাবের।)

(i) He would never refuse to assist a neighbour.
(কোন প্রতিবেশীকে সাহায্য করায় তিনি কখনই অস্বীকার করতেন না।)

(vi) The children would shout with joy when they saw him.
(শিশুরা আনন্দে চিৎকার করত যখন তারা তাকে দেখতো।)

(xi) He told them stories of ghosts and witches।
(তিনি তাদেরকে ভূত পেত্নীর বিভিন্ন গল্প শোনাতেন। )

(x) His wife scolded him always for his idleness but in vain.
{ তার স্ত্রী সর্বদাই তাকে বকত তার অলসতার জন্য, কিন্তু কাজের কাজ হতো না (সব বকা-ঝকাই ব্যর্থ হতো)।}

(viii) He did not like to work in his own farm. (নিজস্ব ফার্মে তিনি কাজ করা পছন্দ করতেন না।)

xiii. Rip Van was not really lazy. (রিপ Van ছিলেন না আসলে অলস।)

(ix) He caught fish all day without murmur. (কোন রকম অভিযোগ ছাড়া তিনি সারাদিন মাছ ধরতেন।)

(iii) One day he went away into the woods with gun and his dog Wolf.
(একদিন তিনি বন্দুক এবং তার কুকুর উলফকে নিয়ে দূরে বনের ভিতর গেলেন ।)

(xii) He got upon the highest part of the mountain. (তিনি পর্বতটির সবচেয়ে উপরে উঠলেন। )

(iv) The sun was about to set. (সূর্য প্রায় অস্ত যাচ্ছিল।)

(viii) He thought of going home. (তিনি বাড়ি যাওয়ার কথা ভাবলেন।)

(xiv) Soon he heard a voice from a distance. (শীঘ্রই তিনি দূর থেকে একটি আওয়াজ শুনলেন ।)

# A story about cat and mouse

**03**. (a) He bought a cat to kill the mice.
(b) They were doing a lot of mischief there.
(c) There was an old house in a village.
(d) The mice were in great difficulty.
(e) There lived a number of mice in that house.
(f) The master of the house was very annoyed and made a plan to get rid of them.
(g) They could not move freely as before.
(h) They held a meeting to discuss the matter and find a way to be free from this danger.
(i) A young mouse said, "I have a good plan for your consideration. Let us tie a bell round the cat's neck. Then we will hear him coming and be able to hide ourselves in time."
(j) But an old mouse stood up and said, "No doubt the idea is good. But who will tie the bell."

## শব্দের অর্থ

**mischief** (মিস্‌চীফ্‌) = উপদ্রব।
**a number of** *xyz* = কিছু সংখ্যক *xyz*।
**annoyed** = বিরক্ত হওয়া।
(ix) But the oppressive rulers could not break the spirit. [যাইহোক, অত্যাচারি শাসকরা তার মনোবল বা স্পৃহা (= *spirit*)-কে ভাঙ্গতে পারেনি ।]

(x) In fact, he was one of the greatest leaders of the world who struggled against apartheid throughout his life. [প্রকৃতপক্ষে, তিনি ছিলেন বিশ্বের শ্রেষ্ঠ নেতাদের একজন যিনি আজীবন বর্ণবাদ বা বর্ণ-বৈষম্য (= *apartheid*)-র বিরুদ্ধে সংগ্রাম করে গেছেন ।]

### এবার এই বাংলা কথাগুলিকে ধারাবাহিকভাবে গল্পের মতো সাজিয়ে লিখা যাক:

**(viii)** Nelson Mandela was the greatest leader of South Africa.
[এখানে *Nelson* ম্যান্ডেলা সম্পর্কে তার নামসহ স্পষ্ট পরিচয় ফুটে উঠেছে ।]

**(x)** In fact, he was one of the greatest leaders of the world who struggled against apartheid throughout his life. [এই বাক্য তার পরিচয়টি সংগ্রামী জীবনে ও তার কর্মকাণ্ড আরো বেশি স্পষ্ট হয়ে ফুটে উঠেছে ।]

**(ii)** The blacks were treated cruelly. [ *apartheid* বা বর্ণবাদ নিয়ে (x) বাক্যে বলার পর next বাক্যে অর্থাৎ এই বাক্যে example দিয়ে বুঝানো হলো যে, কালোরা বর্ণবাদের শিকার কীভাবে হয়েছিলো।]

**(iv)** They were denied all basic human rights. [তাদের সাথে নিষ্ঠুর আচরণ কীভাবে করা হয়েছিলো-তার আরো একটি উদাহরণ হলো তোদের মৌলিক অধিকারকে হরণ বা অস্বীকার করা।]

**(i)** They were aliens in their own country and were subjected to all sorts of indignities. প্রথম মৌলিক অধিকারের কথা বলার পর পরের বাক্যে আরেক ধরণের নির্যাতনের কথা বলা হলো। শুধু তাদের মৌলিক অধিকারকে *deny* করা হয়নি, তাদেরকে সকল প্রকার অপমান সহ্য করতে হতো।

**বি:দ্রঃ এতক্ষণ যে বাক্যগুলি করা হলো, সেগুলি আমরা আর পড়বো না।**

**(v)** Even dogs received a much better treatment than the blacks. [এই বাক্যে তাদের সাথে নিষ্ঠুর আচরণের জ্বলন্ত উদাহরণ দিয়ে বুঝানো হলো কত নির্মম ও নিষ্ঠুরভাবে কৃষ্ণাঙ্গদের সাথে আচরণ করা হতো। ]

**(iii)** The great leader bowed to put an end to the inhuman practice. [এই নিষ্ঠুর আচরণের বিরুদ্ধে মহান নেতা ম্যান্ডেলার *reaction* বা প্রতিক্রিয়ায় শপথ কী ছিলো তার ব্যাখা পাওয়া যায় এই বাক্যে।]

**অতএব, এর পরের বাক্যটি হবেঃ**

**(vii)** He was thrown behind the prison bar.
[এই *inhuman practice* (iii)-এর বিরুদ্ধে যাওয়ার কারণে তাকে জেলে প্রেরণ করা হলো।]

**বুঝাই যাচ্ছে, এই পরের বাক্যটি হবেঃ**

**(ix)** But the oppressive rulers could not break the spirit.
[ তার মানে, গ্রেফতার হওয়ার পরও অত্যাচারি শাসকরা তার মনোবলকে অর্থাৎ তার সংগ্রাম ও তার শপথকে রুখতে পারেনি। ]
অবশেষে, তিনি জজ ওয়াশিংটন ও বঙ্গবন্ধুর মতো তার দেশ ও জাতিকে মুক্ত করার গুরুত্ব উপলব্ধি করলেন। তাই শেষের বাক্যটি হবেঃ

**(vi)** Eventually, the great leader realised the goal of liberating his own people.

**∴ পুরো উত্তরটি পরীক্ষার খাতায় নিচের মতো করে লিখতে হবে**

**(viii) → (x) → (ii) → (iv) → (i) → (v) → (iii) → (vii) → (ix) → (vi)**

## 7. Sample Answer :: Food Adulteration

Today, food adulteration has become a critical national issue. The problem is not only ignoring human rights, but also endangering public health seriously. Adulteration, in a broad and legal sense, is the debasement of any article. Thus, food adulteration means substandard foods, which fail to comply with the definition of safe food by FAO and WHO. Foods are adulterated by using various harmful chemicals and toxic artificial colors. The supply of unsafe foods is negatively contributing to the public health severely with numerous fatal and chronic diseases. Our future generation will be badly affected with vulnerable physical and mental growth. The consumption of adulterated food items may cause asthma, sore throat, diarrhea, kidney failure, liver cancer, nervous disorders and so on. This practice is rocketing day by day. Dishonest traders, and manufacturers are involved in this unethical practice. There is no paucity of laws to control food adulteration. However, the problem lies in its sustained and effective implementation. Besides, scarcity of test reagents, nd instruments is very much noticeable. There are arrangements and laws to combat the menace, but combined fforts and manpower are inadequate. The following concerted attempts will be beneficial for preventing food adulteration:

1. Sustainable development of mass awareness among people against consequences of food adulteration on long-term health.
2. Severe and exemplary punishment to food contaminators.
3. Strengthening food inspection with skilled manpower and valid instruments s in a sustainable manner.
4. Lowering the safety limit of pesticide amount and other toxicant residues in food items as per global guidelines.
5. Active role of consumer right groups against this menace.
6. Effective implementation of all international agreements on safe food by the authorities concerned.

**Critical** (ক্রিটিক্যাল) = মারাত্মক;
**Endanger** (য়েনডেন্‌জার্‌) = বিপদাপন্ন করা।
**Debasement** (ডি-বেইস-মেন্ট) = হেয়করণ।
**Perishable** (পেরিশ্যাবল্‌) = পচনশালী।
**Chronic** (ক্র-নিক্‌) = দীর্ঘস্থায়ী
**Numerous** (নিউ-মেরাস) = বিভিন্ন।
**vulnerable** (ভার্‌-না-রেই্‌-বল্‌) = দুর্বল
**Contamintor** = ভেজালকারক,
**Mass-awareness** = জন-সচেতনতা।
**growth** (গ্রৌথ্‌) = বৃদ্ধি।
**Sustainable** = টেকসই।
**exemplary** = দৃটান্তমূলক।
**Enforcement** = কার্যকর।
**Ethical** = নৈতিক।
**Menace** (মীনেই্স্‌) = হুমকি; বিপদ।
**Pesticide** = কীটনাশক।

## 8. Try yourself

## 9. See Letter and E-mail chapter

**10. The graph below shows “The number of people living below the poverty line from 1995 to 2010.” Describe the graph in 150 words. You should highlight and summarize the information given in the graph.** 10

**The number of people living below the poverty line (%)**



**উপরের graph বা ছবিটিতে দেয়া তথ্যের বা data-এর আলোকে উত্তরটা লিখতে হবে।**

Sample উত্তর

**Introduction**

The graph mentioned in the question **depicts** the number of people in percentage who live below the poverty line between 1995 and 2010.

**Highest-lowest**

From the graph we notice that the largest number of people living in the poverty line was in 2003 at 45% .On the other hand, this percentage was the smallest at 28 in 2010.

**Trend (up-down)**

From 2005 to 2010, this number has slightly declined at 2%. The period saw a slow decrease from 30% to 28% .The period between 1995 and 2000 witnessed a sharp rise from 35% to 45% in the number of people living below the poverty line. This number underwent a plunge / a slump from 45% in 2000 to 30% in 2005. And this poverty rate fluctuated heavily in 1995, 2000 and 2005.

**conclusion remark**

**To sum up**, we can conclude from 1995 to 2000 was awfully wosen. However, afterwards, this trend continued to ameliorate, indicating the overall condition of the economy was improving significantly.

# ADAMANT (অ্যাডাম্যান্ট্)

অনমনীয়; অনড়; দৃঢ়সংকল্প। **[DESCO: 19]**

If you are ***adamant*** about something, you are determined not to change your mind about it.

**অনুবাদ** আপনি যদি কোন কিছুর ব্যাপারে *adamant* হন, তাহলে এ ব্যাপারে আপনার মন পরিবর্তন না করার ব্যাপারে আপনি দৃঢ়সংকল্প।

**উদাহরণ**

(i) *Sujan was **adamant**: she would never go out with Paul again.*

**অনুবাদ** সুজন এই ব্যাপারে দৃঢ় সঙ্কল্প ছিলো যে, সে আর কখনো পলের সাথে ঘুরতে বেরোবে না।

(ii) *Ayub Khan was **adamant** that he would not yield to political pressure to give election* (নির্বাচন).

**অনুবাদ** আইয়ুব খান এ ব্যাপারে অনমনীয় ছিলেন যে নির্বাচনের জন্য রাজনৈতিক চাপের কাছে তিনি নতি স্বীকার করবেন না।

Most mothers are **adamant** about their children going to school every day.

**অনুবাদ** অধিকাংশ মায়েরাই তাদের বাচ্চাদের প্রতিদিন স্কুলে যাওয়ার ব্যাপারে অনড়।

***adamancy*** (অ্যাডাম্যানসি = দৃঢ়তা) is to be ***adamant***. যেমন: The prophet's adamancy about preaching Islam was uncompromising. (ইসলাম প্রচারের ব্যাপারে নবীর দৃঢ়তা ছিলো আপোষহীন।)

## Synonym

*stubborn* (স্টাবরণ্) - একগুঁয়ে। **[ RU 'K' 2017; DU 'A' 2012 ]**
*unyielding* (= *yield* করে না) = বশ মানে না এমন।
*inflexible* (ইন্‌ফ্লেকছিব্‌ল্) - অনমনীয়। *dogged* (ড-গিড্) - একগুঁয়ে।
*unwavering* (আন্‌ওয়েভারিঙ্) - দৃঢ়। *resolute* (রেযোলিউ্ট্) - দৃঢ়প্রতিজ্ঞ। **[জীবন বীমা : Oct, 20]**
*steadfast* (স্টিড্‌ফাস্ট্) - দৃঢ়পদ। *tenacious* (টেনাসিআস্)- নাছোরবান্দা **[DU 'B' 2016]**

## Antonym

**[ জনতা ব্যাংক (অফিসার, ক্যাশ) : ৩০, অক্টোবর ]**

*hesitant* (হেযিট্যান্ট্) - দ্বিধাগ্রস্ত। *vacilating* - অস্থিরচিত্ত। **[ জীবন বীমা কর্পো : অক্টো, 2020 ]**
*pliable* (প্লাইয়েইব্‌ল্) - সহজে মন বদলানো যায় এমন। **[ জাবি: 2019 ]**
*flexible* (ফ্লেক্‌সিব্‌ল্) - নমনীয়। *pliant* (প্লাইঅ্যান্ট্) - সহজেই কথা শোনে এমন।
*susceptible* (সাসেপ্‌টিব্‌ল্) - সহজেই কাবু হয়ে যায় এমন = *vulnerable* **[ খুবি: 2019-20]**

# ঢাকা Board Question-2019

**English First Paper (Compulsory)**
**(According to the Syllabus of 2019)**

Subject Code: 107

Time– 3 hours; Full marks– 100

*[NB. The figures in the right margin indicate full marks. Answer all the questions.]*

**Part I** – Reading Test **Marks**-60

(অ্যাডোওলেসেন্‌ট্‌ = ১৪-১৫ বছর বয়সী)

**1. Read the passage and answer the questions A and B:-**

When adolescent girls are pulled out of school, either for marriage or work, they often lose their mobility, their friends and social status. The lack of mobility among adolescent girls also curtails their economic and non-formal educational opportunities. Moreover, they lack information about health issues. According to a study, only about three in five adolescents have even heard of HIV. It is also reported that more than 50 percent of adolescent girls are undernourished and suffer from anaemia. Adolescent fertility rate increased from 20.3% in 1993 to 24.4% in 2007. Moreover, neonatal mortality is another concern for younger mothers.

( ভাল্‌নারেই্‌বল্‌ = ক্ষতিযোগ্য )

While the situation for adolescent boys is somewhat better many are vulnerable and lack the power to make decisions about their own lives. Many boys who are unable to go to school, or are unemployed, remain unaware of social or health issues. They are at considerable risk of being drawn into criminal activities. They are likely to get exposed to drugs and alcohol causing irreparable damage to their health and life.

**A. Choose the correct answer from the alternatives:** **1 × 5 = 5**

(a) The word 'mobility' means –
(i) ability (ii) creativity (iii) movement (iv) activity

(b) The phrase 'exposed to' may best be replaced by–
(i) to remove something (ii) make public
(iii) experience something harmful (iv) shocking news

(c) The closest meaning of 'study' is—
(i) skipping (ii) omitting (iii) reporting (iv) learning

(d) The word 'anaemia' refers to—
(i) blood pressure (ii) blood sugar
(iii) shortage of blood (iv) blood contamination

(e) The 'neonatal' is closely related to–
(i) a newborn baby (ii) a mother
(iii) an adolescent (iv) a disease

**B. Answer the following questions:** 2 × 5 = 10

(a) Why are adolescent girls the worst sufferers?
(b) What happens to a girl when she loses mobility?
(c) Who do you think are more vulnerable to adolescent health problems– boys or girls? Why?
(d) What major problems do boys face during adolescence?
(e) Why should all of us say ‘no’ to drugs?

**2. Read the following text and make a flow-chart highlighting the different aspects of socio-cultural life as reflected in folk music. (No. 1 has been done for you) :** 2 × 5 = 10

In Bangladesh folk music has great variety, with songs being composed on culture, festivals, views of life, natural beauty, rivers and rural and riverine life. These songs are also about social inequality and poverty, about the material world and the supernatural. Mystical songs have been composed using the metaphors of rivers and boats. Since the country is basically riverine, the Bhatiyali forms an important genre of folk music. Folk music is formed and develops according to the environment. Differences in the natural environment are reflected in the people of different regions. The dialects too vary across the different regions. Bangladeshi folk music therefore varies from region to region. Thus there are the northern Bhawaiya, the eastern Bhatiyali and the southwestern Baul songs.

1. songs reflecting rural and riverine life → 2. → 3. → 4. → 5. → 6.

**3. Write a summary of the following text :** 10

The term diaspora’ is used to refer to people who have left their homelands and settled in other parts of the world, either because they were forced to do so or because they wanted to leave on their own. The word is increasingly used for such people as a collective group or a community. The world has seen many diasporas but scholars have been studying the phenomenon with great interest only in recent decades.

Among the great diasporas of history is that of the Jewish people, who were forced to leave their lands in ancient times. The movement of Aryans from Central Europe to the Indian subcontinent thousands of years ago is also noteworthy diaspora, although the causes of this diaspora is unclear. In twentieth century history, the Palestinian diaspora has attracted a lot of attention and been a cause of concern for world leaders because of the plight of Palestinians There have been massive diasporas in Africa, too, over the centuries, either because of war or because of the ravages of nature. But the chief reason why the phenomenon of diaspora is attracting so much attention now is globalization.

4. **Read the following text and fill in the blanks with suitable word from the box. There are more words than needed. You may change the form of the words if necessary :** **.5 × 10 = 5**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| result | dump | creature | odour | dispose | waterborne |
| avert | microphone | toxic | avoid | fume | determine |

Every year millions of people all over the world die unnecessarily as a result of pollution. These unfortunate and (a) _____ deaths are brought about by four specific factors. Firstly air pollution from factories burning trash and vehicle (b) _____ cause pneumonia, bronchitis and other respiratory diseases. Then water pollution from industrial discharge, the indiscriminate (c) _____ of toxic chemicals, and the (d) _____ of human waste into rivers and canals causes poisoning and (e) _____ diseases such as cholera and diarrhoea. The next factor is the noise pollution from vehicle horns and (f) _____ that might cause aggression and damage hearing. And finally, (g) _____ pollution from dumped or untreated human waste causes serious discomfort to our sense of smell, and attracts disease-bearing (h) _____ such as rats and flies. We should take (i) _____ action to control these problems and clean up the environment to (j) _____ these unnecessary diseases.

5. **Fill in the gaps using suitable words:** **1 × 10 = 10**

We all know what a dream is. Generally we dream during our sleep. Some dreams are sweet or (a) _____. When we dream something extremely bad, we call it a (b) _____. Dreams have no (c) _____. They are soft and (d) _____. The dream we have during the day time is called (e) _____. Dreams have fascinated philosophers for thousand of years, but none could (f) _____ specifically what dream actually is. Dreams can be extraordinarily (g) _____ or very vague. While many theories have been proposed no consensus has emerged. It is important to consider that science is still (h) _____ the exact purpose and function of sleep itself. Some researchers suggest that dreams have no (i) _____ purpose, while others believe that (j) _____ is essential to mental, emotional and physical well-being.

6. **The sentences in the following text are jumbled. Rearrange them in a proper order :**

(i) All the servants were called and interrogated.
(ii) In order to find out the thief, the judge chalked out an intelligent plan.
(iii) Once a gold necklace was lost from a rich man's house.
(iv) The servant's were summoned to the court but they denied having stolen the necklace.
(v) When the servants came to the court the next day, the thief had already cut off an inch of his stick.

(vi) But nobody confessed their guilt.
(vii) So the owner of the house lodged a complaint in the court.
(viii) The judge found one of the sticks shorter than the others and in this way he could easily catch the thief.
(ix) Naturally it was suspected that one of the servants had stolen the necklace.
(x) He gave each of the suspects a stick of equal length and said that one of the sticks would increase by an inch the next day.

## Part II – Writing Test

Marks–40

7. **Write a paragraph on 'Food Adulteration' in about 200 words based on the answers to the following questions:– 10**

(a) What do you mean by food adulteration? (অ্যাডাল্ঠিরেই্শন = ভেজালকরণ)
(b) How does food get adulterated?
(c) Who are responsible for food adulteration?
(d) What is the impact of adulterated food on our body?
(e) What can be done to stop it?

**Read the beginning of the following story and complete it in your own way. Give a title to the story: 7**

Once upon a time, a crow was very thirsty. It flew from place to place in search of water but unfortunately it did not find any water. All on a sudden it saw ..........

9. **Suppose, you are Ratul. Write an e-mail to your younger brother narrating the benefits of reading newspapers daily. 5**

10. **The chart below shows the number of mobile phone and internet users in Bangladesh from the year 2014 to 2018. Describe the chart in at least 80 words. You should highlight the information and report the main features: 10**



**11. Write down the theme of the following poem. (Not more than 50 words)**

I will arise and go now, and go to Innisfree,
And a small cabin build there, of clay and wattles made;
Nine bean rows will I have there, a hive for the honey bee
And live alone in the bee loud glade.
And I shall have some peace there, for peace comes dropping slow
Dropping from the veils of the morning to where the cricket sings;
There midnight's all a glimmer, and noon a purple glow,
And evening full of the linnet's wings
I will arise and go now, for always night and day
I hear lake water lapping with low sounds by the shore;
While I stand on the roadway, or on the pavements grey,
I hear it in the deep heart's core. (কোঔ্র- কেন্দ্র)

যারা বলেন,
ইংলিশ টু ইংলিশ শিখতে হবে,
তারা ১০০%
ভুল কথা বলেন !

# HSC English (প্রথমপত্র)
# Dhaka বোর্ড প্রশ্নের **2019**-এর ব্যাখ্যা

## Question # 1. (A)

### (a)-এর ব্যাখ্যা ও সমাধান

প্রথমে আমরা passage না পড়ে সরাসরি প্রশ্নে গিয়ে (a)-এর প্রশ্নটি পড়ব।

(a)-এর প্রশ্নে ***'mobility'*** শব্দটির অর্থ জানতে চাওয়া হলো। 'mobility' (মৌবিলিটি) শব্দটির অর্থ 'চলাচল করার ক্ষমতা'। এবার প্রশ্নে প্রদত্ত উত্তরগুলো মন দিয়ে পড়ে (iii)-নং এ ***'movement'*** শব্দটি পাওয়া গেলো যেটি 'mobility'-র সমার্থক শব্দ। ∴ উত্তরঃ **(iii) movement**।

### (b)-এর ব্যাখ্যা ও সমাধান

) The phrase 'exposed to' may best be replaced by-

(i) to remove something (ii) make public

(iii) experience something harmful (iv) shocking news

অর্থাৎ, ***'exposed to'*** (এক্স্পৌয্ড্ টু)-এর পরিবর্তে প্রশ্নে প্রদত্ত চারটি উত্তরের মধ্যে কোন্‌টিকে সবচেয়ে ভালোভাবে বসানো যেতে পারে তা বের করতে হবে।

***'exposed to'*** অর্থ খারাপ বা ক্ষতিকর (*harmful*) কোনো কিছুর সম্মুখীন হওয়া অর্থাৎ খারাপ কোনো অভিজ্ঞতার ভিতর দিয়ে যাওয়া।

**প্রশ্নে প্রদত্ত option-গুলো হলোঃ**

| | |
|---|---|
| (i) to remove something | (কোনো কিছু দূর করা) |
| (ii) make public | (জনগণের সামনে প্রকাশ করা) |
| (iii) experience something harmful | (ক্ষতিকর কোনো কিছুর অভিজ্ঞতা হওয়া) |
| (iv) shocking news | (মর্মান্তিক খবর) |

তাহলে প্রশ্নে প্রদত্ত option-গুলোর মধ্যে (iii) নং-ই হবে সঠিক উত্তরঃ **(iii)** ***experience something harmful***।

### (c) + (d)-এর ব্যাখ্যা ও সমাধান

(c)-নং প্রশ্নে ***'study'*** শব্দটির অর্থ কী তা জানতে চাওয়া হলোঃ

'study' শব্দটির অর্থ 'অধ্যয়ন করা বা পড়াশুনা করা'। প্রদত্ত উত্তরগুলো মন দিয়ে পড়ে (iv) নং-এ পাওয়া গেলো ***learning*** (লার্নিঙ্ = শেখা) শব্দটি যেটি ***'study'*** শব্দটির অর্থের সাথে সবচেয়ে কাছাকাছি অর্থ বহন করে। ∴ উত্তরঃ **(iv)** ***learning***।

(d) 'anaemia' (অ্যানীমিআ) শব্দটি দ্বারা কী বোঝায় প্রশ্নে তা জানতে চাওয়া হলোঃ

'anaemia' শব্দটির অর্থ 'রক্তাল্পতা' মানে, শরীরে রক্তের ঘাটতি বা স্বল্পতা।

অতএব, উত্তর হবেঃ **(iii)** ***shortage of blood***।

### (e)-এর ব্যাখ্যা ও সমাধান

(e) The ‘neonatal’ is closely related to-
(i) a newborn baby (ii) a mother (iii) an adolescent (iv) a disease

প্রশ্নে ‘***neonatal’*** (নেয়ো-নেইঠাল্) শব্দটি ‘কার’ সাথে সম্পর্কিত, তা জানতে চাওয়া হলো।

‘***neo’*** অর্থ ‘নতুন বা সাম্প্রতিক’, আর ‘***natal’*** (নেইটাল্) অর্থ ‘জন্মসংক্রান্ত’।

তাহলে ‘***neonatal’*** শব্দটি দ্বারা **‘সম্প্রতি জন্ম নিয়েছে এমন শিশুকে’** বোঝানো হয়।

সুতরাং প্রদত্ত উত্তরগুলোর মধ্যে সঠিক উত্তর হবে: **(i) *a newborn baby*** (একটি সদ্যোজাত শিশু।)

## Question # 1. (B)

### (a)-এর ব্যাখ্যা

চলো প্যাসেজ না পড়ে প্রথমে সরাসরি প্রশ্নে গিয়ে (a)-নং প্রশ্নটি পড়া যাক:

***Why are adolescent girls the worst sufferers*?**
(কেন কিশোরী বালিকারা সবচেয়ে বেশি ভোগে?)

**এবার passage-এর শুরু থেকে মন দিয়ে পড়া যাক:**

প্যাসেজের একেবারে শুরুতেই বলা হলো:

*When adolescent girls are pulled out of school, either for marriage or work, they often lose their mobility, their friends and social status.* (অর্থাৎ, যখন কিশোরী বালিকাদের স্কুল থেকে সরিয়ে নেওয়া হয়, বিবাহের কারণে কিংবা কাজের জন্য, তখন তারা প্রায়ই তাদের জীবনের গতিময়তা, তাদের বন্ধুবান্ধব এবং তাদের সামাজিক অবস্থান হারায়।)

**এর দু'লাইন পরেই আছে:**

Moreover, they lack information about health issues.
(অধিকন্তু, তাদের স্বাস্থ্য বিষয়ক জ্ঞানের অভাব থাকে।)

**এর এক লাইন পরেই আছে:**

*It is also reported that more than 50 percent of adolescent girls are undernourished and suffer from anaemia.* {অর্থাৎ, রিপোর্টে এও বলা হয় যে শতকরা ৫০ ভাগেরও বেশি কিশোরী অপুষ্টির শিকার (*undernourished* – আন্ডার্নারিশ্ড্) এবং তারা রক্তশূন্যতায় ভোগে।}

**এবার প্যাসেজের উপরের কথাগুলোকে অবিকল copy না করে প্রশ্নের সাথে মিল রেখে একটু ঘুরিয়ে নিচের মত করে উত্তরটি লিখে ফেলি:**

*Adolescent girls are the worst sufferers because after being forced to leave school due to getting married or work, adolescent girls often lose much of their movement and social status. As a result, they remain ignorant* (ইগ্‌নোর‍্যান্‌ট্‌ - অজ্ঞ) *about health issues which makes them suffer from malnutrition* (ম্যাল্‌-নিউ্‌-ট্রি-শন্‌ - অপুষ্টি) *and anaemia, which are most prevalent* (প্রিভ্যালেন্ট - ব্যাপকভাবে বিরাজমান) *among adolescent girls.* (Ans.)

** উপরের প্রশ্নটি Solve করতে কিন্তু
গ্রামারের কোনো rules আদৌ কাজে আসে নি
**বরং প্যাসেজের বাক্যগুলোর অর্থ ভালোভাবে বুঝতে হয়েছে।**
এজন্য passage-এর বাক্যের অর্থ তৃপ্তিসহ বোঝাটাই হলো আসল।

## বাংলা অর্থ দিয়ে (b)-এর ব্যাখ্যা

***What happens to a girl when she loses mobility*?**
(একটি বালিকার জীবনে কী ঘটে যখন সে গতিময়তা হারায়?)

**প্যাসেজের শুরু থেকে মন দিয়ে পড়ে ২য় ও ৩য় লাইনে পাওয়া গেলো:**

The lack of mobility among adolescent girls also curtails their economic and non-formal educational opportunities. (কিশোরী বালিকাদের মাঝে গতিময়তার অভাব কমিয়ে দেয় তাদের অর্থনৈতিক এবং অনানুষ্ঠানিক শিক্ষার সুযোগ-সুবিধাগুলোকেও।)

অর্থাৎ, যখন একটি কিশোরী মেয়ে তার জীবনের গতিময়তা হারায়, তখন সে তার অর্থনৈতিক (*financial* – ফাইন্যান্‌শিআল্‌) ও অনানুষ্ঠানিক (*non-formal*) সুযোগ-সুবিধাগুলো থেকে বঞ্চিত (*deprived*-ডিপ্রাইভ্‌ড্‌) হয়।

**উপরের বাংলা কথাগুলোকে এবার ইংলিশে লিখে ফেলা যাক:**

*When a girl loses mobility in her life, she is deprived of her financial and non-formal educational opportunities.* (Ans.)

## (c)-এর ব্যাখ্যা ও সমাধান

**vulnerable** (ভাল্‌না-রেইব্‌ল্)
= সহজেই আক্রান্ত হয় এমন।

(c) *Who do you think are more vulnerable to adolescent health problems - boys or girls? Why?*
(কে, তোমার মতে, বেশি আক্রান্ত হয় কিশোর স্বাস্থ্য সমস্যাগুলোতে - বালকরা না বালিকারা? কেন ?)

### মন দিয়ে পড়ে passage-এর মাঝামাঝিতে পাওয়া গেলো:

*According to a study, only about three in five adolescents have even heard of HIV. It is also reported that more than 50 percent of adolescent girls are undernourished and suffer from anaemia.* {গবেষণামতে, পাঁচজন কিশোরী মেয়ের মধ্যে তিনজন মাত্র এইচআইভি (HIV) সম্পর্কে শুনেছে। রিপোর্টে এটাও বলা হয় যে, কিশোরী মেয়েদের ৫০ শতাংশেরও বেশি অপুষ্টির শিকার ও রক্তশূন্যতায় (*anaemia* – অ্যানীমিআ) ভোগে।}

### এর ঠিক পরের দু'লাইনে আছে:

*Adolescent fertility rate increased from 20.3% in 1993 to 24.4% in 2007. Moreover, neonatal mortality is another concern for younger mothers.* {কিশোরী প্রজননের হার ১৯৯৩ সালের ২০.৩% থেকে বৃদ্ধি পেয়ে ২০০৭ সালে ২৪.৪% হয়েছে। অধিকন্তু, নবজাতকের (*neonatal*) মৃত্যুহার অল্পবয়সী মায়েদের জন্য আরেকটি উদ্বেগের বিষয়।}

Passage-এর উপরের বক্তব্যগুলো থেকে এটা স্পষ্ট যে, বালকদের তুলনায় বালিকারাই বেশি আক্রান্ত হয় কিশোর স্বাস্থ্য সমস্যাগুলোতে কারণ স্বাস্থ্য সমস্যা সম্পর্কে জ্ঞানের স্বল্পতার কারণে কিশোরী মেয়েরা প্রায়ই অপুষ্টি ও রক্তশূন্যতায় ভোগে। তাদের অনেককেই বিয়ের উপযুক্ত বয়স ১৮ হওয়ার আগেই বিয়ে দেওয়া হয়, যার ফল হলো তাদের অকাল গর্ভধারণ যেটা কিশোরী মেয়েদের জন্য বিভিন্ন ধরনের স্বাস্থ্যের ঝুঁকি (*hazard*-হ্যাজার্‌ড্) নিয়ে আসে। এছাড়াও, নবজাতকের মৃত্যু কিশোরী মায়েদের জন্য একটা বড় উদ্বেগের (*concern*-কন্‌সার্‌ন্) বিষয় হয়ে দাঁড়িয়েছে।

### প্রশ্নের সাথে মিল রেখে উপরের বাংলা কথাগুলোকে এবার ইংলিশে লিখে ফেলা যাক:

*I think compared with boys, girls are more vulnerable to adolescent health problems because due to lack of knowledge about health issues, adolescent girls often suffer from malnutrition and anaemia* (অ্যানীমিআ - রক্তাল্পতা). *Many of them are married off before turning 18, which results in their early pregnancy bringing with it different types of health hazards for adolescent girls. In addition to that, neonatal mortality has become a major concern for adolescent mothers.* (Ans.)

## (d)-এর ব্যাখ্যা পড়া জরুরি

(d) **What major problems do boys face druing adolescence?**
**(কৈশোরে ছেলেরা কী কী বড় বড় সমস্যার সম্মুখীন হয়?)**

প্যাসেজের যে পর্যন্ত পড়া হয়েছে তার পর থেকে মন দিয়ে পড়ে দেখতে হবে ছেলেদের বিষয়ে কোথায় বলা হয়েছে।

**দ্বিতীয় para-র ২য়, ৩য় ও ৪র্থ লাইনে পাওয়া গেলোঃ**

*Many boys who are unable to go to school, or are unemployed, remain unaware of social or health issues. They are at considerable risk of being drawn into criminal activities. They are likely to get exposed to drugs and alcohol ..... .* {অনেক বালকরা যারা স্কুলে যেতে অক্ষম কিংবা বেকার তারা সামাজিক বা স্বাস্থ্যের বিষয়গুলো সম্পর্কে অজ্ঞ (*unaware*) থাকে। তারা অপরাধমূলক কর্মকান্ডে জড়িত হয়ে পড়ার জন্য অনেক বিরাট (*considerable*) ঝুঁকির মধ্যে থাকে। তাদের ড্রাগ এবং অ্যালকোহলের শিকার হওয়ার সম্ভাবনাও বেশি থাকে।}

**প্যাসেজের উপরের কথাগুলোকে একটু ঘুরিয়ে নিচের মত করে answer-টি লিখে ফেলোঃ**

*Being unemployed and unaware of many social or health issues, a large number of adolescent youths are more likely to get involved in different types of anti-social* (অসামাজিক) *activities including drug offence* (অফেন্‌স্ - অপরাধ). (Ans.)

## (e)-এর ব্যাখ্যা ও সমাধান

(e) **Why should all of us say ‘no’ to drugs?**
**(আমাদের কেন ড্রাগের প্রতি সকলের ‘না’ বলা উচিত?)**

**প্যাসেজের যে লাইনে ড্রাগের কথা বলা হয়েছে উক্ত লাইনটি মন দিয়ে পড়া যাকঃ**

*They are likely to get exposed to drugs and alcohol causing irreparable damage to their health and life.* (অর্থাৎ তাদের, মানে, কিশোর বালকদের ড্রাগ এবং অ্যালকোহলে আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে যেগুলো তাদের স্বাস্থ্য ও জীবনের অপূরণীয় (*irreparable*) ক্ষতি সাধন করে।)

**Passage-এর উপরের বক্তব্যের আলোকে প্রদত্ত প্রশ্নের উত্তরটি হতে পারে নিম্নরূপঃ**

***We all should say ‘no’ to drugs because they (drugs) cause irretrievable damage to our health as well as our life.*** (আমাদের সকলের ড্রাগের প্রতি ‘না’ বলা উচিত কারণ ড্রাগ আমাদের স্বাস্থ্য ও জীবনের অপূরণীয় ক্ষতি সাধন করে।)

(ইরি-ট্রী-ভেইবল্ = অপূরণীয়)

## Flow chart: Question # 2.

### শব্দের অর্থ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **vary** | (ভ্যারি) | = ভিন্ন হওয়া । | **inequality** | (ইন্ইকুয়ালিটি) | = অসাম্য । |
| **social** | (সৌশাল্) | = সামাজিক । | **material** | (ম্যাটেরিয়াল্) | = পার্থিব । |
| **poverty** | (পভার্টি) | = দারিদ্র্য । | **Supernatural** | | = অতিপ্রাকৃত । |
| **basically** | (ব্যাসিক্যালি) | = মূলত । | **Mystical** | (মিস্টিক্যাল্) | = আধ্যাত্মিক । |
| **genre** | (জান্রে) | = বিশেষ বৈশিষ্ট্য । | **Composed** | (কম্পৌয্ড্) | = রচিত । |
| **folk** | (ফৌক্) | = সাধারণ মানুষ । | **Metaphor** | (মেটাফোর্) | = রূপক অলংকার । |
| **variety** | (ভ্যারাইটি) | = বৈচিত্র্য । | **reverine** | (রিভারাইন্) | = নদীমাতৃক । |
| **festival** | (ফেস্টিভ্যাল্) | = উৎসব । | **important** | (ইম্পরট্যান্ট) | = গুরুত্বপূর্ণ । |
| **view** | (ভিউ) | = ভাবনা / অভিমত । | **folk music** | | = লোকসঙ্গীত । |
| **rural** | (রুরাল্) | = গ্রাম্য / গ্রামীণ । | **dialect** | (ডায়আলেক্ট্) | = ভাষার আঞ্চলিক রূপ । |
| **form** | (ফর্ম্) | = গঠন / রচনা করা । | **compose** | (কম্পৌয্) | = রচনা করা । |

### সমাধান

**প্রশ্নে বলা হলোঃ** make a flow chart highlighting (= *which highlights* = যেটি তুলে ধরে) the different aspects (অ্যাস্পেক্ট্ - দিক) of socio-cultural life as reflected (রিফ্লেক্ট্ - প্রতিফলিত হওয়া) in folkmusic.

↓ (অ্যায্ = যেভাবে)

অর্থাৎ flow chart-টিতে সামাজিক-সাংস্কৃতিক জীবনের বিভিন্ন দিকগুলো দেখাতে হবে যেগুলো লোকসঙ্গীতের (*folk music*) মধ্যে প্রতিফলিত হয়।

**Passage-এর শুরুতেই প্রথম দুই লাইনে বলা হয়েছে-**

*In Bangladesh folk music has great variety, with songs being composed on culture, festivals, .......... rural and riverine life.*

অর্থাৎ, বাংলাদেশে লোকসঙ্গীতের রয়েছে ব্যাপক বৈচিত্র্য, এই গানগুলো রচিত হয় সংস্কৃতি, উৎসবাদি ...... গ্রামীণ ও নদীমাতৃক জীবনের উপর।
তার মানে, লোকসংগীতের একটি বিশেষ দিক হলো
গানগুলোতে বাংলাদেশের গ্রাম্য নদীমাতৃক জীবন প্রতিফলিত হয়।

উপরের কথাটিকে flow chart-এ **উদাহরণ** হিসেবে নিচের মত করে সংক্ষেপে লিখে দেখানো হয়েছেঃ

1. ***songs reflecting rural and riverine life*** । এভাবে অন্যগুলো লিখতে হবে।

**(1)**-নং example-টি passage-এর যেখানে আছে,

তার পরের sentence-টি এবার বুঝে বুঝে মন দিয়ে পড়া যাক-

*These songs are also about social inequality and poverty, about the meterial world and the supernatural. Mystical songs have been composed using the metaphors of rivers and boats.* অর্থাৎ এই গানগুলো হলো সামাজিক অসাম্য ও দারিদ্র্য সম্পর্কে, পার্থিব জগৎ এবং অতিপ্রাকৃত বিষয় সম্পর্কেও।

**তাহলে উপরের বাক্যটি থেকে লেখা যায়:**

2. *songs portraying social inequality and poverty*
3. *songs depicting the material world*
4. *songs telling about the supernatural*
   (song which tell = song tellings…)

এবার passage-এর যে পর্যন্ত পড়া হয়েছে, তার পরের বাক্যগুলো মন দিয়ে পড়ে flow chart-এর ৫ নং ও ৬ নং উত্তরগুলো লিখতে হবে। ঠিক দুই লাইন পরেই পাওয়া গেলো: *Folk music is formed and develops according to the environment. Differences in the natural environment are reflected in the people of different regions.* অর্থাৎ, লোকসংগীত রচনা করা হয় এবং তার বিকাশ ঘটে পরিবেশ অনুসারে। প্রাকৃতিক পরিবেশের ভিন্নতাগুলো বিভিন্ন অঞ্চলের মানুষের জীবনযাত্রায় প্রতিফলিত হয়।

**উপরের বাক্যগুলো থেকে তাহলে flow chart-এর ৫ ও ৬ নং উত্তরটি নিচের মত করে লেখা যেতে পারে-**

5. ***songs expressing differences in natural environment***
6. ***songs reflecting variations in people's lifestyle***

**তাহলে প্রশ্নে প্রদত্ত flow chart-এর উত্তরটি হবে নিম্নরূপ:**

1. ***songs reflecting rural and riverine life***

↓

2. ***songs portraying social inequality and poverty***

↓

3. ***songs depicting the material world***

↓

4. ***songs telling about the supernatural***

↓

5. ***songs expressing differences in natural environment***

↓

6. ***songs reflecting variations in people's lifestyle***

**" মাত্র একবার পড়ো নিচের বাংলা ব্যাখ্যাগুলো। "**

## Summary : Question # 3.

### শব্দের অর্থ ও উচ্চারণ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **term** | (টার্ম) | = শব্দ । | **unclear** | (আন্‌ক্লিয়ার্) | = অস্পষ্ট । |
| **refer** | (রেফার্) | = বোঝানো । | **massive** | (ম্যাসিভ্) | = বিশাল । |
| **own** | (ওঔন্) | = নিজের । | **century** | (সেন্চুরি) | = শতাব্দী । |
| **settle** | (সেটল্) | = বসতি করা । | **diaspora** | (ডায়াস্‌পোরা) | = প্রবাসী । |
| **leave** | (লিভ্) | = ত্যাগ করা । | **homeland** | (হোঔম্‌ল্যান্ড) | = মাতৃভূমি । |
| **force** | (ফোর্স) | = বাধ্য করা । | **increasingly** | (ইন্‌ক্রিযিংলি) | = ক্রমবর্ধমানভাবে । |
| **either** | (আইদার্) | = দুয়ের মধ্যে একটা । | **community** | (কমিউ্নিটি) | = সম্প্রদায় । |
| **such** | (সাচ্) | = এমন । | **movement** | (মুভ্‌মেন্ট) | = নড়া-চড়া । |
| **group** | (গ্রুপ্) | = দল । | **noteworthy** | (নোট্ওয়ার্দি) | = উল্লেখযোগ্য । |
| **central** | (সেন্ট্রাল্) | = কেন্দ্রীয় । | **although** | (অল্‌দো) | = যদিও । |
| **causes** | (ক্জেস্) | = কারণগুলো । | **sub-continent** | (সাব্‌কন্‌টিনেন্ট) | = উপমহাদেশ । |
| **war** | (ওয়ার্) | = যুদ্ধ । | **collective** | (কালেক্‌টিভ) | = সমষ্টিগত । |
| **nature** | (নেচার্) | = প্রকৃতি । | **either** x or y | | = হয় *x* না হয় *y*। |
| **ravage** | (র্যাভেইজ) | = ধ্বংস / বিনাশ । | | | |

### সমাধান

প্রশ্নে প্রদত্ত passage-টির একটি summary (মূল বক্তব্যগুলোর একটি সংক্ষিপ্ত বর্ণনা) লিখতে বলা হলো।

**চলো তাহলে passage-টির একটি summary লেখা যাক:**

**প্রথম বাক্য:** প্রদত্ত passage-টিতে 'Diaspora' (ডাইয়াস্‌পোরা) নামে পরিচিত বর্তমান বিশ্বের বহুল আলোচিত একটি বিষয়ের উপর আলোকপাত (*focus*-ফৌকাস্) করা হয়েছে।

**উপরের বাংলা লেখা বাক্যটির ইংরেজি করা যাক:** *The given passage focuses on a much discussed topic in the present world known as 'diaspora'.*

প্যাসেজের প্রথম প্যারাতে diaspora কী - তা নিয়ে আলোচনা করা হয়েছে। যেমন, বলা হলো:

### দ্বিতীয় বাক্য:

Diaspora শব্দটি দ্বারা একদল মানুষ বা একটি সম্প্রদায়কে বোঝানো হয় যারা স্বেচ্ছায় কিংবা জোরপূর্বক বাধ্য হয়ে (*under compulsion*) নিজের দেশ ত্যাগ করে একটি নতুন জায়গায় স্থায়ীভাবে বসতি স্থাপন করে।

**উপরের বাংলা লেখা বাক্যটির ইংরেজি করা যাক:**

*The word 'diaspora' refers to a group of people or community who settle in a new place leaving their native country on their own or under compulsion.*

প্যাসেজের দ্বিতীয় প্যারার শুরুতে ইতিহাসের কতগুলো বিখ্যাত *diaspora*-র কথা উল্লেখ করা হলো। যেমন:

**তৃতীয় বাক্যঃ** ইতিহাসের সবচেয়ে বিখ্যাত অভিবাসনগুলোর (*diaspora*) মধ্যে উল্লেখ করা যেতে পারে ইহুদীদের কথা যাদেরকে তাদের নিজ ভূখন্ড হতে বিতাড়িত (*expel*-এক্স্পেল্) করা হয়েছিলো এবং আর্যদের মধ্য ইউরোপ থেকে ভারতীয় উপমহাদেশে আগমনের কথা উল্লেখ করা যেতে পারে।

**উপরের বাংলা লেখা বাক্যটির ইংরেজি করা যাকঃ**

***Among the most well-known diasporas of history, mention may be made of the Jewish people, who were expelled from their own lands and the movement of Aryans from Central Europe to the Indian subcontinent.***

**চতুর্থ বাক্যঃ** আধুনিক যুগে, ফিলিস্তিনী অভিবাসন (*Palestinian diaspora*) গোটা বিশ্বের জন্য একটি বড় উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে ফিলিস্তিনীদের দুর্দশার কারণে।

**উপরের বাংলা বাক্যটিকে ইংরেজি করা যাকঃ**

***In modern times, the Palestinian diaspora has become a major concern for the whole world because of the predicament*** (প্রেডিকামেন্‌ট্ - দুর্দশা) ***of Palestinians.***

**প্যাসেজের শেষাংশের মূল বক্তব্যঃ**

**ঞ্চম বাক্যঃ** বাস্তবিকপক্ষে, অন্য সব কারণগুলোর মধ্যে, বিশ্বায়নই (*globalization*) অভিবাসনের (*diaspora*) ঘটনাকে ক্রমবর্ধমানভাবে (*increasingly*) গবেষণার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিণত করেছে।

**উপরের বাংলা লেখা বাক্যটির ইংরেজি করা যাকঃ**

***In fact, among all other reasons, it is globalization which has made the phenomenon of diaspora an increasingly important subject of study.***

## উপরের ইংরেজি বাক্যগুলোকে একসাথে লিখলেই Passage-টির Summary হয়ে যাবে-

*The given passage focuses on a much discussed topic in the present world known as 'diaspora'. The word 'diaspora' refers to a group of people or community who settle in a new place leaving their native country on their own or under compulsion. Among the most well-known diasporas of history, mention may be made of the Jewish people, who were expelled from their own lands and the movement of Aryans from Central Europe to the Indian subcontinent. In modern times, the Palestinian diaspora has become a major concern for the whole world because of the predicament* (প্রেডিকামেন্‌ট্ - দুর্দশা) *of Palestinians.In fact, among all other reasons, it is globalization which has made the phenomenon of diaspora an increasingly important subject of study.*

## Fill in the blanks with clues : Question # 4.

### (a)-এর ব্যাখ্যা ও সমাধান

**bring about** = ঘটানো।

**These unfortunate and (a) _____ deaths are brought about by four specific factors.**
{এই সকল দুর্ভাগ্যজনক ও (a) _____ মৃত্যু ঘটানো হয় চারটি সুনির্দিষ্ট কারণ দ্বারা।}

**সমাধান**

এই সকল *unfortunate* (দুর্ভাগ্যজনক) ও (a) _____ মৃত্যুগুলো ...
এখন উত্তরে খুঁজতে হবে, *unfortunate*-এর মতো অন্য কোন্ শব্দ আছে।
box-এ ***avoid*** (অ্যাভয়েড্ - এড়ানো) শব্দটি পাওয়া গেলো।
এই *unfortunate* মৃত্যু এড়ানো যেতো। তাই, *avoid* শব্দটিকে পরিবর্তন করে
***avoidable*** (অ্যাভয়্-ডেইব্‌ল্ - এড়ানো যায়) এমন করতে হবে।
তবেই বাক্যটি সঠিক ও অর্থপূর্ণ বাক্য হবে। ∴ (a)-এর উত্তর হবে: ***avoidable***।

**পুরো বাক্য + অর্থ**

These unfortunate and ***avoidable*** deaths are brought about by four specific factors.
(এই সকল দুর্ভাগ্যজনক ও এড়ানোযোগ্য মৃত্যুগুলো চারটি সুনির্দিষ্ট কারণ দ্বারা ঘটে।)

### (b)-এর ব্যাখ্যা ও সমাধান

Firstly, air pollution from factories burning trash and vehicle (b) ______ cause pneumonia, bronchitis and other respiratory diseases. {প্রথমত, বায়ুদূষণ থেকে কারখানা, জ্বলন্ত আবর্জনা, এবং যানবাহন (b) ______ ঘটায় নিউমোনিয়া, ব্রংকাইটিস এবং অন্যান্য শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত রোগগুলো।}

( রেস্‌-পি-রেই-ঠোরি = শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত )

**সমাধান**

শূন্যস্থানের ঠিক আগে আছে *vehicle*;
তার মানে, (b)-এর gap-এ box-এর ***fume*** শব্দটি খুব ভালোভাবেই খাপ খায়।
‘***fume***’ (ফিউম্) অর্থ “তীব্র গন্ধযুক্ত ধোঁয়া বা গ্যাস”।
অর্থাৎ, কারখানা .... যানবাহনের তীব্র গন্ধযুক্ত ধোঁয়ার (***fume***) কারণে সৃষ্ট বায়ুদূষণ নিউমোনিয়া .... ও অন্যান্য শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত রোগ ঘটায়। ∴ (b)-এর উত্তর হবে: ***fume***।

**" মোবাইল বন্ধ করে এই পৃষ্ঠাটা পড়ো মন দিয়ে "**

## (c) + (d) + (e)-এর ব্যাখ্যা ও সমাধান

Then water pollution from industrial discharge, the indiscriminate (c) _____ of toxic chemicals, and the (d) _____ of human waste into rivers and canals causes poisoning and (e) _____ diseases such as cholera and diarrhoea. {তারপর পানি দূষণ শিল্প বর্জ্য থেকে, নির্বিচার (c) _____ বিষাক্ত রাসায়নিক পদার্থ এবং (d) _____ মানব বর্জ্য নদী ও হ্রদগুলোতে ঘটায় বিষক্রিয়া এবং (e) _____ রোগগুলো যেমন কলেরা এবং ডায়রিয়া।}

### শব্দের অর্থ ও উচ্চারণ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **discharge** | (ডিস্-চারজ্) | = নির্গত তরল। | **poisoning** | (পয়যনিঙ) | = বিষক্রিয়া। |
| **indiscriminate** | (ইন্-ডিস্-ক্রি-মি-ন্যাট্) | = নির্বিচার / বাছবিচারহীন। | **toxic** | (টক্সিক্) | = বিষাক্ত। |

### সমাধান

**বাক্যটির প্রথম অংশে আছেঃ**

*... water pollution from ... , the indiscriminate* (c) ______ *of toxic chemicals, ...*
অর্থাৎ, পানি দূষণ ঘটে নির্বিচারে বিষাক্ত রাসায়নিক পদার্থগুলো **ফেলার** কারণে ...

তাহলে (c)-এর gap-এর জন্য box-এর ***dump*** (ডাম্প্ - ময়লা আবর্জনা ফেলা) শব্দটিকে নেয়া যায়। কিন্তু শূন্যস্থানের আগে '*the*' থাকার কারণে '*dump*'-কে পরিবর্তন করে ***dumping*** করে (c)-এর gap-এ বসাতে হবে।

### এবার (d)-এর gap-যুক্ত অংশটি পড়া যাকঃ

... the (d) _____ of human waste into rivers and canals ...
অর্থাৎ, নদী ও হ্রদগুলোতে মানব বর্জ্যের **নিষ্কাশন**... 'নিষ্কাশন' শব্দটির ইংলিশ হলোঃ *disposal*।
তার মানে, শূন্যস্থানের আগে '*the*' থাকার কারণে box-এ প্রদত্ত '*dispose*' (verb) শব্দটিকে '***disposal***' (ডিস্পৌযাল্ - নিষ্কাশন)-এ পরিবর্তন করে (d)-এর gap-এ বসাতে হবে।

**প্রদত্ত বাক্যটির শেষাংশের প্রতি এবার লক্ষ্য করা যাকঃ**

... and (e) _____ diseases such as cholera and diarrhoea.
শূন্যস্থানের পরে বলা হলো, ... রোগগুলো যেমন কলেরা ও ডায়রিয়া।

তার মানে, কলেরা / ডায়রিয়া **কী ধরনের রোগ**, (e)-এর gap-এ এই ধরনের উত্তর বসাতে হবে। আমরা জানি, কলেরা / ডায়রিয়ার মত রোগগুলো হলো পানিবাহিত (*waterborne*) রোগ। তাহলে box-এর ***waterborne*** শব্দটি (e)-এর gap-এ খুব ভালোভাবেই খাপ খায়।
∴ প্রদত্ত (c), (d) ও (e)-এর gap-এর জন্য সঠিক উত্তরগুলো হবে যথাক্রমে ***dumping, disposal*** ও ***waterborne***।

### পুরো বাক্য

Then water pollution from industrial discharge, the indiscriminate ***dumping*** of toxic chemicals, and the ***disposal*** of human waste into rivers and canals causes poisoning and ***waterborne*** diseases such as cholera and diarrhoea.

### (f)-এর ব্যাখ্যা ও সমাধান

**The next factor is the noise pollution from vehicle horns and (f) _____ ...**

{ পরবর্তী কারণটি হলো শব্দ দূষণ গাড়ির হর্‌ন্ এবং (f) _____ থেকে ...}

### সমাধান

box-এ প্রদত্ত বাকী উত্তরগুলো মন দিয়ে পড়ে খুঁজতে হবে

গাড়ির *horns*-এর মতো অন্য কোন্ শব্দ আছে যেটা থেকে শব্দ দূষণ ঘটে থাকে।

মন দিয়ে পড়ে ***microphone*** (মাইক) শব্দটি পাওয়া গেলো যেটা শব্দ দূষণের অন্যতম একটি কারণ।

∴ (f)-এর gap-এর জন্য সঠিক উত্তর হবে: ***microphone***।

### (g) + (h)-এর ব্যাখ্যা

And finally, (g) _____ pollution from dumped or untreated human waste

{এবং সবশেষে (g) _____ দূষণ থেকে ফেলা কিংবা অপরিশোধিত মানব বর্জ্য

causes serious discomfort to our sense of smell,

ঘটায় সাংঘাতিক অস্বস্তি প্রতি আমাদের ঘ্রাণেন্দ্রিয় (নাক)

and attracts disease-bearing (h) _____ such as rats and flies.

এবং আকৃষ্ট করে রোগ-বহনকারী (h) _____ যেমন ইঁদুর এবং মাছি।}

### শব্দের অর্থ + উচ্চারণ

**untreated** (আন্-ট্রীটেড্) = অপরিশোধিত।
**serious** (সিরিআস্) = সাংঘাতিক।
**discomfort** (ডিস্-কম্-ফোর্‌ট্) = অস্বস্তি।
**disease-bearing** (ডিযীয্-বিয়ারিঙ্) = রোগ বহন করে এমন।
**sense of smell** = গন্ধ নেয়ার ইন্দ্রিয় = ঘ্রাণেন্দ্রিয় (নাক)। (সেন্‌স্ অফ্ স্মেল্)

## অর্থ দিয়ে বুঝবো

**বাক্যের প্রথম অংশে বলা হলো যে,**

... অপরিশোধিত মানব বর্জ্য আমাদের ঘ্রাণেন্দ্রিয় মানে,
নাকে সাংঘাতিক অস্বস্তি ঘটায় দুর্গন্ধ (*odour* - ওউড্যার্) সৃষ্টির মাধ্যমে।
তাহলে এধরনের দূষণকে বলা হবে ***odour*** pollution।
তার মানে, box-এর ***odour*** শব্দটিই হবে (g)-এর gap-এর জন্য সঠিক উত্তর।

**প্রদত্ত বাক্যের দ্বিতীয় অংশের প্রতি এবার লক্ষ্য করা যাক:**

... untreated human waste ... attracts disease-bearing (h) _____ such as rats and flies.
অর্থাৎ, অপরিশোধিত মানব বর্জ্য রোগ-বহনকারী প্রাণীদেরকে যেমন ইঁদুর এবং মাছিকে আকৃষ্ট করে।
আর এই **'প্রাণী'** শব্দটির ইংলিশ হলো: ***animal / creature*** (ক্রীচার্)।
তাহলে (h)-এর gap-এর জন্য box-এর ***creature*** শব্দটি নেয়া যায়।
∴ (g) ও (h)-এর উত্তর হবে যথাক্রমে: ***odour*** ও ***creature***।

## বাংলা অর্থ দিয়ে (i) + (j)-এর ব্যাখ্যা

**We should take (i) _____ action to control these problems**
{আমাদের উচিত নেয়া (i) _____ পদক্ষেপ নিয়ন্ত্রণ করতে এই সমস্যাগুলো
**and clean up the environment to (j) _____ these unnecessary diseases.**
এবং পরিষ্কার করা পরিবেশকে (j) _____ এই সকল অপ্রয়োজনীয় রোগগুলো।}

এই সমস্যাগুলো নিয়ন্ত্রণ করতে আমাদের **দৃঢ়** পদক্ষেপ নেয়া উচিত -
প্রদত্ত বাক্যের প্রথম অংশে একথাই বলা হয়েছে।
**'দৃঢ়'** শব্দটির ইংলিশ হলো: ***firm / determined*** (ডিটার্-মিন্ড্)।
কাজেই box-এর *determine* (ডিটার্মিন্ - দৃঢ় সংকল্প করা) শব্দটির সাথে
***'d'*** যোগ করে অর্থাৎ, ***determined*** করে (i)-এর gap-এ বসাতে হবে।

**প্রদত্ত বাক্যটির দ্বিতীয় অংশের প্রতি এবার লক্ষ্য করা যাক:**

*and clean up the environment to (j) _____ these unnecessary diseases.*
শূন্যস্থানের পরে আছে *these unnecessary diseases;*
অর্থাৎ, এই সকল অপ্রয়োজনীয় রোগগুলোকে **প্রতিরোধ করতে**
আমাদের উচিত ময়লা-আবর্জনা দূর করে পরিবেশকে পরিষ্কার রাখা।
**'প্রতিরোধ করতে'** ইংলিশ হলো: ***to prevent / avert***।
∴ (j)-এর gap-এর জন্য box-এর ***avert*** শব্দটিই হবে সঠিক উত্তর।

### পুরো বাক্য + অর্থ

We should take ***determined*** action to control these problems and clean up the environment to ***avert*** these unnecessary diseases. (আমাদের এই সমস্যাগুলো নিয়ন্ত্রণ করতে দৃঢ় পদক্ষেপ নেয়া উচিত এবং এই অপ্রয়োজনীয় রোগগুলোকে প্রতিরোধ করতে পরিবেশকে পরিষ্কার রাখা উচিত।)

## Question # 5.

### (a)-এর ব্যাখ্যা ও সমাধান

**Some dreams are sweet or (a) _____.**
{কিছু কিছু স্বপ্ন হয় মধুর বা (a) _____।}

### সমাধান

‘***or***’-এর ঠিক আগে আছে ‘*sweet*’ শব্দটি। তাহলে ‘***or***’-এর ঠিক পরে, মানে, (a)-এর gap-এ ‘*sweet*’-এর মতো কোন word যেমন, ***agreeable*** (অ্যাগ্রীঅ্যাব্‌ল্‌ - আনন্দদায়ক) / ***pleasant*** (প্লেয্যান্‌ট্‌ - সুখকর) এই ধরনের word বসতে পারে। ∴ (a)-এর উত্তর: ***pleasant***।

### পুরো বাক্য + অর্থ

Some dreams are sweet or ***pleasant***. {কিছু কিছু স্বপ্ন হয় মধুর বা সুখকর}

### (b)-এর ব্যাখ্যা

(এক্স্‌ট্রীম্‌লি = চরম)
**When we dream something extremely bad, we call it a (b) _____.**
{যখন আমরা ভীষণ খারাপ কিছু স্বপ্ন দেখি, আমরা বলি এটাকে একটি (b) _____।}

### সমাধান

খুব খারাপ বা ভীতিকর স্বপ্নকে আমরা বাংলায় বলে থাকি **'দুঃস্বপ্ন'**,
যার ইংলিশ হলো: ***nightmare*** (নাইট্‌মেয়ার্‌)। ∴ (b)-এর উত্তর: ***nightmare***।

### (c) + (d)-এর ব্যাখ্যা ও সমাধান

**Dreams have no (c) _____.** {স্বপ্নের কোনো (c) _____ নেই।}

স্বপ্নের কোনো রঙ নেই। ∴ (c)-এর উত্তর: ***colour***।

**They are soft and (d) _____.** {তারা হলো কোমল এবং (d) ______ ।}

They = সেগুলো, মানে, স্বপ্নগুলো হলো কোমল এবং **অস্পষ্ট** বা **ঝাপসা**।
**'ঝাপসা'** ইংলিশ হলোঃ ***shadowy*** (শ্যাডৌই্)। ∴ (d)-এর উত্তরঃ ***'shadowy'***।

### (e)-এর ব্যাখ্যা ও সমাধান

**The dream we have during the day time is called (e) _____.**
{যে স্বপ্ন আমরা দেখি দিনের বেলায় তাকে বলা হয় (e) ______ ।}

### সমাধান

আমরা দিনের বেলায় জেগে জেগে যে স্বপ্ন দেখি তাকে বাংলায় বলা হয় **'দিবাস্বপ্ন'**।
**'দিবাস্বপ্ন'** ইংলিশ হলোঃ ***reverie*** (রিভেরি) / ***daydream*** (ডে-ড্রীম্)।
∴ (e)-এর উত্তর হতে পারেঃ ***reverie / daydream***।

### (f)-এর ব্যাখ্যা ও সমাধান

→(ফ্যাসি-নেইট্= প্রবলভাবে আকর্ষণ করা।

Dreams have fascinated philosophers for thousand of years, but none could (f) _____ specifically what dream actually is. {স্বপ্ন **প্রবলভাবে আকর্ষণ করে এসেছে** দার্শনিকদের হাজার হাজার বছর ধরে, কিন্তু কেউ পারেনি (f) ______ **সুনির্দিষ্টভাবে স্বপ্ন** আসলে কী (জিনিস)।}

### সমাধান

বাক্যের প্রথম অংশের বক্তব্য থেকে এটা স্পষ্ট বোঝা গেলো যে,
স্বপ্ন দীর্ঘ দিন ধরে দার্শনিকদের কৌতূহল জাগালেও *none could (f) ______ ... what dream actually is.*
তার মানে, দার্শনিকদের কেউ এখনও পর্যন্ত *clarify* (ক্ল্যারিফাই - পরিষ্কারভাবে ব্যাখ্যা করা) করতে পারেনি যে স্বপ্ন আসলে কী জিনিস। তাহলে (f)-এর gap-এ ***clarify*** শব্দটি বসানো যেতে পারে।
∴ (f)-এর উত্তরঃ ***clarify***।

### (g)-এর ব্যাখ্যা ও সমাধান

**Dreams can be extraordinarily (g) _____ or very vague.**
{স্বপ্ন হতে পারে অসাধারণভাবে (g) ______ বা খুব অস্পষ্ট।}

তার মানে, স্বপ্ন খুব **জীবন্ত** বা খুব অস্পষ্ট হতে পারে।
**'জীবন্ত'** শব্দটির ইংলিশ হলোঃ ***vivid / graphic*** (গ্রাফিক্)। ∴ (g)-এর উত্তরঃ ***vivid***।

## (h)-এর ব্যাখ্যা ও সমাধান

**It is important to consider that science is still (h) _____ the exact purpose and function of sleep itself.** {এটা হলো গুরুত্বপূর্ণ বিবেচনা করা যে বিজ্ঞান এখনও (h) _____ সঠিক উদ্দেশ্য ও কার্য স্বয়ং ঘুমের।}

### সমাধান

'এটা বিবেচনা করা জরুরি যে বিজ্ঞান এখনও ঘুমের আসল উদ্দেশ্য ও কার্য **উদঘাটনের চেষ্টা করে যাচ্ছে**'- প্রদত্ত বাক্যে একথাই বলা হয়েছে।

**'বিজ্ঞান এখনো উদঘাটনের চেষ্টা করছে ...'**

এটুকুর ইংলিশ হবে: 'science is still ***trying to unravel*** ...'

অতএব (h)-এর উত্তর: ***trying to unravel***।

**unravel** (আন্-র‍্যাভেল্) = উদঘাটন করা।

## (i) + (j)-এর ব্যাখ্যা ও সমাধান

**well-being** (ওয়েল্-বিঙ) = কল্যাণ।

Some researchers suggest that dreams have no (i) _____ purpose,
{কিছু কিছু গবেষক মত দেয় যে স্বপ্নগুলোর নেই কোনো (i) _____ উদ্দেশ্য,
while others believe that (j) _____ is essential to mental, emotional and physical well-being.
পক্ষান্তরে অন্যরা বিশ্বাস করে যে (j) _____ হলো অত্যাবশ্যক মানসিক, আবেগিক ও শারীরিক কল্যাণের জন্য।}

### সমাধান

প্রদত্ত বাক্যের প্রথম অংশে বলা হলো:

স্বপ্নের কোন **প্রকৃত** উদ্দেশ্য নেই, মানে, স্বপ্ন আসলে কোন কাজে লাগে না।

**'প্রকৃত / আসল'** ইংলিশ হলো: ***real***। তাহলে, (i)-এর gap-এ উত্তর হবে: ***real***।

বাক্যটির দ্বিতীয় অংশের শুরুতে *while* (পক্ষান্তরে) থাকায় পরিষ্কার বোঝা গেলো যে, এই অংশে ঠিক বিপরীত বক্তব্য থাকবে, মানে, স্বপ্ন দেখার গুরুত্বের উপর জোর দেয়া হবে। তাই বলা হলো- **'স্বপ্ন দেখা** হলো মানসিক, আবেগিক ও শারীরিক সুস্থতার জন্য অত্যাবশ্যক।

**'স্বপ্ন দেখা'** ইংলিশ হলো: *dream + ing* = ***dreaming***।

তাহলে, (j)-এর gap-এ উত্তর হবে: ***dreaming***।

## Rearrange : Question # 06

**6. The sentences in the following text are jumbled. Rearrange them in a proper order :**

(i) All the servants were called and interrogated.
(ii) In order to find out the thief, the judge chalked out an intelligent plan.
(iii) Once a gold necklace was lost from a rich man's house.
(iv) The servant's were summoned to the court but they denied having stolen the necklace.
(v) When the servants came to the court the next day, the thief had already cut off an inch of his stick.
(vi) But nobody confessed their guilt.
(vii) So the owner of the house lodged a complaint in the court.
(viii) The judge found one of the sticks shorter than the others and in this way he could easily catch the thief.
(ix) Naturally it was suspected that one of the servants had stolen the necklace.
(x) He gave each of the suspects a stick of equal length and said that one of the sticks would increase by an inch the next day.

উপরের এলোমেলো বাক্যগুলো সঠিকভাবে সাজিয়ে লিখতে বলা হলো: ***He*** দিয়ে শুরু হওয়া বাক্য কখনো গল্পের প্রথম বাক্য হতে পারে না। তাই কোনো বাক্যের শুরুতে ***He*** থাকলে ঐ বাক্যটিকে বাদ দিয়ে বাকি sentence-গুলো মন দিয়ে পড়তে হবে।

### Step # 01 (প্রথম বাক্য বের করা)

কোনো একটি গল্প সাধারণত এভাবে শুরু হতে পারে, যেমন- **একদা কোন এক দেশে এক জাদুকর বাস করতো ...**

দ্রুত পড়ে **(iii)**-নং এ পাওয়া গেলো:

***Once a gold necklace was lost from a rich man's house.***

(একদা একজন ধনী মানুষের বাসা থেকে একটি সোনার হার হারিয়ে গিয়েছিলো।)

তাহলে (iii) নং বাক্যটিই হবে গল্পের **প্রথম** বাক্য।

### Step # 02 (দ্বিতীয় বাক্য বের করা)

হার চুরি যাবার পর এখন নিশ্চয়ই ঘরের ভৃত্যদেরকে সন্দেহ করা হবে এবং তাদেরকে এ ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা হবে।

অন্য option-গুলো বুঝে বুঝে পড়ে **(i)** নং এ পাওয়া গেলো:

(ইন্‌টেরোগেই্‌ট্‌ = জেরা করা)

***All the servants were called and interrogated.***

(সব চাকরদেরকে ডাকা হলো এবং জিজ্ঞাসাবাদ করা হলো।)

